



ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৭ তম বছর

অনলাইন সংস্করণ : www.jagarandaily.com






JAGARAN ■ 10 July 2021 ■ আগরতলা ১০ জুলাই, ২০২১ ইং ■ ২৫ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ, শনিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

## আজ দুপুর ১২টা থেকে রাজ্যব্যাপী সোমবার সকাল ৬টা পর্যন্ত সম্পূর্ণ কারফিউ

# করোনা আরও ভয়াবহ, ১৫১টি নমুনায় মিলল ১৩৮টি ডেল্টা প্লাস ভেরিয়েন্ট

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** ত্রিপুরায় করোনা প্রতিস্থিতি ভয়াবহ রূপ নিয়েছে। কারণ, করোনার ১৫১টি নমুনায় ডেল্টা প্লাস ভেরিয়েন্ট পাওয়া গিয়েছে ১৩৮টি। সবচেয়ে উদ্বেগের বিষয় হল, সারা ত্রিপুরায় সমস্ত জেলায় ডেল্টা প্লাস ভেরিয়েন্ট পাওয়া গিয়েছে। তার মধ্যে পশ্চিম জেলায় সবচেয়ে বেশি ১১৫টি নমুনা ডেল্টা প্লাস ভেরিয়েন্টের বলে আজ জি বি হাসপাতালের প্রধান মাইক্রো বায়োলজিস্ট ডা: তপন মজুমদার জানিয়েছেন। তাই, ত্রিপুরা সরকার সপ্তাহান্তে সম্পুর্ন কারফিউর সিদ্ধান্ত নিয়েছে বলে ঘোষণা দেন রাজস্ব দফতরের সচিব তনুশ্রী দেববর্মা। তিনি বলেন, আগামীকাল শনিবার দুপুর ১২টা থেকে সোমবার সকাল ৬টা পর্যন্ত সারা রাজ্যে সম্পুর্ন কারফিউ বলবৎ থাকবে। এরপর যথারীতি দিবা-রাত্রি করোনা কারফিউ বলবৎ হবে। সাথে তিনি যোগ, আগামী সপ্তাহে পুণরায় পরিস্থিতি পর্যালোচনা করে এ-বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।

সাংবাদিক সম্মেলনে রাজস্ব দপ্তরের সচিব শ্রীমতি দেববর্মা জানান, উইকেণ্ড কার্ফুতে সম্পর্ণ লকডাউনের মতো বিভিন্ন বিধিনিষেধ জারি থাকবে। উইকেণ্ড কার্ফুতে জরুরী পরিষেবার সঙ্গে যুক্ত বিষয় ছাড়া সমস্ত কিছুই বন্ধ থাকবে। কিন্তু সোমবার থেকে ডে ও নাইট কার্ফু জারি করা হলে বর্তমানে যে সমস্ত বিধিনিষেধ চালু ছিল তা বলবৎ থাকবে।

এদিন ডা: তপন মজুমদার বলেন, কেন্দ্রীয় নির্দেশিকা মেনে পশ্চিমবঙ্গের কল্যানী ল্যাবে করোনার ১৫১টি নমুনা পাঠানো হয়েছিল। আজ তার রিপোর্ট এসেছে। তাতে দেখা যাচ্ছে, ডেল্টা প্লাস ভেরিয়েন্ট ১৩৮টি, ডেল্টা ভেরিয়েন্ট ১০টি এবং আলফা ভেরিয়েন্ট রয়েছে ৩টি। উদ্বেগ প্রকাশ করে তিনি জানান, ডেল্টা প্লাস ভেরিয়েন্ট পশ্চিম জেলায় ১১৫টি, সিপাহীজলা জেলায় ৮টি, দক্ষিণ জেলায় ২টি, খোয়াই জেলায়১টি, ধলাই জেলায় ১টি, ঊনকোটি জেলায় ৪টি, উত্তর ত্রিপুরা জেলায় ২টি এবং গোমতি জেলায় ৫টি পাওয়া গিয়েছে। তাঁর কথায়, আজকের পরিপ্রেক্ষিতে পুণরায় পরিস্থিতি পর্যালোচনা প্রয়োজন রয়েছে। সে মোতাবেক স্বাস্থ্য দফতর ত্রিপুরা সরকারকে প্রস্তাব দিয়েছে।

সাংবাদিক সম্মেলনে স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সুভাশিষ দেববর্মা জানান, ডেল্টা প্লাস ভ্যারিয়েন্ট পূর্বের প্লেইন ডেল্টা'র তুলনায় অনেক দ্রত একজনের থেকে আরেকজনের মধ্যে সংক্রমিত হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এটিকে ভ্যারিয়েন্ট অব কনসার্ন আখ্যা দিয়েছে। ডেল্টা প্লাস ভ্যারিয়েন্ট খুব তাড়াতাড়ি ফুসফুসকে আক্রান্ত করে ও সংক্রমণের গতিও অনেক বেশি। তিনি সাংবাদিকদের মাধ্যমে রাজ্যের জনসাধারণকে করোনা বিধিনিষেধ মেনে চলার উপর এবং টিকাকরণে সবাই সহযোগিতা করার জন্য গুরুত্ব আরোপ করেন। তিনি জানান, স্বাস্থ্য দপ্তরের কোভিড বিধিনিষেধ সঠিকভাবে মেনে চললেই করোনা ভাইরাসকে প্রতিহত করা সম্ভব। এ বিষয়ে তিনি রাজ্যের সমস্ত জনগণকে সচেতনতা অবলম্বন করার জন্য আবেদন জানান।

আজ রাজস্ব দফতরের সচিব তনুশ্রী দেববর্মা বলেন, গত ১ মাস ধরে কারফিউ বাড়ানো হচ্ছিল। এখন নতুন করে পরিস্থিতি পর্যালোচনা করা হয়েছে। তাতে সিদ্ধান্ত হয়েছে, ১০ জুলাই দুপুর ১২টা থেকে ১২ জুলাই সকাল ৬টা পর্যন্ত সারা ত্রিপুরায় সম্পুর্ন কারফিউ বলবৎ হবে। ওই সময় জরুরি পরিসেবা ব্যতীত সমস্ত কিছু বন্ধ থাকবে। যাতায়াতের ক্ষেত্রেও কেবলমাত্র জরুরি পরিসেবার ☞ ৬ এর পাতায় দেখুন

## জি বি হাসপাতাল থেকে পালিয়ে গিয়েছে এটিএম জালিয়াতির মাস্টার মাইন্ড

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** এটিএম জালিয়াতি মামলার মাস্টারমাইন্ড হাকান জানবুরকান শুক্রবার সকালে জিবি হাসপাতাল থেকে পালিয়ে গেছে। তাকে চিকিৎসার জন্য কেন্দ্রীয় সংশোধনাগার থেকে জিবি হাসপাতালে আনা হয়েছিল। আজ তার সাথে আরও কয়েকজন আসামীকেও কেন্দ্রীয় কারাগার থেকে জি বি হাসপাতালে আনা হয়েছিল।

ত্রিপুরার প্রধান হাসপাতাল জিবিতে পুলিশের চোখে ধুলো দিয়ে পালিয়ে যেতে সক্ষম হয়েছে এটিএম জালিয়াতি চক্রের মূল পান্ডা। ঘটনা শুক্রবার সকাল এগারোটা নাগাদ। ঘটনার বিবরণে জানা যায়, এটিএম স্কিমিং জালিয়াতির মামলার মূল অভিযুক্ত অপরাধী হাকান জানবুরকানকে কেন্দ্রীয় কারাগার থেকে শুক্রবার সকালে জিবি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসা হয়। সেখান থেকে পুলিশের চোখে ধুলো দিয়ে সে পালিয়ে গেছে।

জানা গেছে, ত্রিপুরা সহ অন্যান্য রাজ্যে হাকান জানবুরকান এটিএম স্কিমিং জালিয়াতির মামলায় জড়িত রয়েছে। হাকান জানবুরকান দিল্লি, মুম্বই, আগরতলা, কলকাতা এবং গুয়াহাটির এটিএমগুলিতে স্কিমার মেশিন স্থাপন করেছিল বলে অভিযোগ রয়েছে। জানা গেছে তুরস্কের সন্দেহভাজন সাইবার অপরাধীরা আগরতলায় ইনস্টল হওয়া এটিএম-ক্লোনিং ডিভাইসের মাধ্যমে এটিএম থেকে প্রচুর নগদ অর্থ চুরি করেছে। এটিএম জালিয়াতি মামলার মাস্টারমাইন্ড হাকান জানবুরকান জিবি হাসপাতাল থেকে পালিয়ে যাওয়ার সংবাদ ছড়িয়ে পড়তেই জনমনে তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। নিরাপত্তা ব্যবস্থাতে ঘাটতি থাকার কারণেই সে পালিয়ে যাওয়ার সুযোগ পেয়েছে বলেও বিভিন্ন মহল থেকে অভিমত ব্যক্ত করা হয়েছে।

তাকে খোজার জন্য পুলিশ নেমে পড়েছে। কিন্ত সংবাদ লেখা পর্যন্ত তাকে খোজে পাওয়া যায়নি। পুলিশ জানিয়েছেন, শৌচালয়-র জানলা ভেঙ্গে ওই অপরাধী পালিয়েছে। তাঁকে পাহাড়া দেওয়ার জন্য সেন্টি ছিল। কিন্ত, পুলিশের অভিযোগ, জি বি হাসপাতালে শৌচালয়ে জানলা ভাঙ্গা ছিল। তাই ওই অপরাধী পালাতে সক্ষম হয়েছে।

## পাহাড়ে ম্যালেরিয়ায় প্রাদুর্ভাব এবছর হাজার লোক আক্রান্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** ত্রিপুরায় প্রত্যেক বছরের মত এ-বছরও রাজ্যের পাহাড়ের বিভিন্ন এলাকায় ম্যালেরিয়া রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। গতবছরের তুলনায় এবার প্রাদুর্ভাবের হার কিছুটা বেশী হয়েছে। এবছর এখন পর্যন্ত প্রায় এক হাজার লোক ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছেন। গত দুই বছর ধরে করোনার প্রকোপে স্বাস্থ্য দফতরে কর্মীর অভাব রয়েছে বলে জানিয়েছেন নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক আধিকারিক। তবে, আগামী কিছুদিনের মধ্যে দফতরের নতুন নিয়োগপ্রাপ্ত চিকিৎসকরা কাজে যোগ দেবেন। এমনটাই আশা প্রকাশ করে তিনি বলেন, তখন ম্যালেরিয়ার চিকিৎসা পরিষেবা আরও ভালভাবে প্রদান করা সম্ভব হবে।

স্বাস্থ্য দফতরের ওই আধিকারিকের কথায়, প্রত্যেক বছর জুন থেকে অগাস্ট পর্যন্ত ত্রিপুরায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব বেশি থাকে। তাঁর বক্তব্য, এই বর্ষার মরশুমে জনজাতিরা জুম চাষ করতে পাহাড়ে যান। কেউ কেউ তাড়াতাড়ি চলে আসেন। আবার অনেকেই তিনমাস পর্যন্ত পাহাড়েই থাকেন। এই সময়ে তারা কেউ কোন নিয়ম মেনে চলেন না। তাদেরকে প্রত্যেকবার কিছু নির্দিষ্ট বিধিনিষেধ মেনে চলতে পরামর্শ দেওয়া হয়। কিন্তু প্রতিবারই তাঁরা দফতরের বিধি নিষেধকে অবহেলা করেন। ফলে অনেক সময় ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে মৃত্যু পর্যন্ত ঘটে।

তাঁর দাবি, স্বাস্থ্য দফতরের কর্মীরা ম্যালেরিয়া প্রাদুর্ভাব দেখা দেওয়ার আগেই নমুনা পরীক্ষা করার জন্য ওই জুমিয়া জনজাতিদের বাড়ীতে যান। কিন্তু তাদেরকে তখন বাড়িতে না পাওয়ার কারনে পরীক্ষা করা সম্ভব হয় না। ফলে ম্যালেরিয়ায় আক্রান্ত হলেও সময় মতো চিকিৎসা পরিষেবা দেওয়া সম্ভব হয় না। তিনি বলেন, সঠিক সময়ে চিকিৎসা শুরু না হওয়ায় মৃত্যু হচ্ছে। তাঁর দাবি, ম্যালেরিয়া থেকে বাঁচতে তাঁদেরকে দফতরের তরফে ওষধ এবং মশারী দেওয়া হয়েছে। তারা সেই মশারিও ব্যবহার করতে চান না, বিরক্তি প্রকাশ করে বলেন তিনি।

তাঁর বক্তব্য, এমনিতেই গত দুই বছর ধরে করোনার প্রকোপে স্বাস্থ্য দফতরের কর্মীর অভাব রয়েছে। একই স্বাস্থ্য কর্মী করোনার পরীক্ষা করতে হচ্ছে। আবার তাঁকেই ম্যালেরিয়ার ☞ ৬ এর পাতায় দেখুন

## মধুচক্রের আসর ঘিরে রক্তারক্তি কান্ড ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** ধর্মনগরের আলগাপুর গ্রাম পঞ্চায়েতে এক ব্যক্তির বাড়িতে অবৈধ মক্ষীরানীর আসর বসানোকে কেন্দ্র করে দুই প্রতিবাদী যুবক রক্তাক্ত হয়েছে। আক্রান্ত ও যুবকদের বৃদ্ধ বাবাই এই মধুচক্রের আসর জায়গা করে দিতেন বলে অভিযোগ।

বাবার কারণে পুত্র হল রক্তাক্ত। ঘটনা ধর্মনগর মহাকুমার আলগাপুর গ্রামের ২ নম্বর ওয়ার্ডে। বাবা মেহির চন্দ্র দেবনাথ। বয়স প্রায় ৬০ বছর। বাবার কারণে নিজের ছেলেকে রক্তাক্ত হতে হল। ঘটনাকে কেন্দ্র করে আলগাপুর গ্রামের মানুষ ছি ছি দিচ্ছেন বাবা মিহিরকে। ঘটনার বিবরণে প্রকাশ গতকাল বিকাল বেলা মিহির নাথের বাড়িতে আসে একই গ্রামের পার্শবর্তী ওয়ার্ডের বাসিন্দা স্বপ্না দাস। তাতেই ঘটে বিপত্তি। মিহির বাবুর বড় ছেলে মহেশ্বর দেবনাথ যেইমাত্র স্বপ্না দাসকে জিজ্ঞাসা করে কেন তাদের বাড়িতে এসেছে তখনই হট্টগোল বেঁধে যায়।

বিতণ্ডা ও চিৎকার শুনে আশপাশের লোক জমা হতে শুরু হয়। মহিলা ধর্মনগর থানায় একটি লিখিত অভিযোগও দায়ের করেন মহেশ্বর দেব নাথ এর বিরুদ্ধে। সন্ধ্যায় স্বপ্না দাস এর ছেলে বাপ্পা দাস সহ আরো দুইজন আসে মিহির দেব নাথের বড়ো ছেলে মহেশ্বর দেবনাথ এর বাড়িতে। সেখানে এসে বড় ছেলে মহেশ্বরকে ঘর থেকে বেরিয়ে আসার কথা বলে বাপ্পা দাস। যখন ঘর থেকে বের হতে চাইছিল না তখন মহেশ্বরকে বাপ্পা সহ অন্যান্যরা বের করে বাড়ির ☞ ৬ এর পাতায় দেখুন

## পবিত্র করের দুটি বাসভবনে ক্রাইম ব্রাঞ্চের তল্লাশি অভিযান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** আয়ের সাথে সঙ্গতিহীন মামলায় আজ ত্রিপুরা পুলিশের ক্রাইম ব্রাঞ্চ প্রাক্তন উপাধ্যক্ষ পবিত্র করের দুইটি বাসভবনে তল্লাশি অভিযান চালিয়েছে। সকাল সাড়ে আটটায় শুরু ওই অভিযান সমাপ্ত হয়েছে সন্ধ্যা সাড়ে সাতটায়। ক্রাইম ব্রাঞ্চের আধিকারিকরা বেশ কিছু নথি বাজেয়াপ্ত করেছেন।

আজ এই অভিযান সম্পর্কে ক্রাইম ব্রাঞ্চের আধিকারিকরা মুখ খুলেননি। তবে পবিত্র বাবু জানিয়েছেন, দীর্ঘদিন প্রশাসনের সাথে যুক্ত ছিলাম। তাই, আজ তাদের সর্বোতেভাবে ☞ ৬ এর পাতায় দেখুন

## পঞ্চাশোর্ধ মহিলাকে পুড়িয়ে মারার চেষ্টা

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৯ জুলাই।।** বিশালগড় থানাধীন গোকুলনগর রাস্তারমাথা এলাকায় সাতসকালে প্রাতঃভ্রমণ সেরে বাড়িতে ঢুকতেই কে বা কারা পঞ্চাশোর্ধ এক মহিলার উপর কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে দেয়। ঘটনাস্থলে অগ্নিদগ্ধ হয়ে গুরুতর জখম হয় পঞ্চাশোর্ধ মহিলা গীতা রানী দে।

অন্যান্য দিনের মতই সকাল-সকাল প্রাতঃভ্রমণে বের হন গোকুলনগর রাস্তারমাথা এলাকার গীতা রানী দে নামে পঞ্চাশোর্ধ এই মহিলা। প্রাতঃভ্রমণ সেরে যখন বাড়িতে এসে বাড়ির দরজা খুলেন তখন কালো কাপড় পরিহিত কেউ একজন এসে পেছন থেকে তার উপর কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে পালিয়ে যায় বলে অভিযোগ করেন অগ্নিদগ্ধ মধ্যবয়স্কা মহিলা। ঘটনার পর তার চিৎকারে ছুটে আসেন তার ছেলে সহ পরিবারের লোকজন ও আশপাশ এলাকার মানুষজন। তড়িঘড়ি আগুন নিভিয়ে তাকে নিয়ে যাওয়া হয় বিশালগড় মহকুমা হাসপাতালে। তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক জিবি হাসপাতাল রেফার করে দেন তাকে।

ঘটনার পরিপ্রেক্ষিতে শুক্রবার বিশালগড় থানায় মামলা দায়ের করা হয় বলে জানান অগ্নিদগ্ধা মহিলার ছেলে রাজেশ দে। দিন দুপুরে দুষ্কৃতী হামলা, ধর্ষণ, নারী নির্যাতনের মতো অপরাধ এ রাজ্যে এখন নিত্যদিনের ঘটনা। সে জায়গায় অবশ্য পুলিশের ভূমিকা ঠিক কি অবস্থানে রয়েছে তা জানা নেই কারোর। এখন দেখার নামধাম জানিয়ে থানায় মামলা করলেও পুলিশ অভিযুক্তদের গ্রেফতারে সক্ষম হয় কিনা।

## সংসদে ৩৩ শতাংশ মহিলা সংরক্ষণের দাবিতে শহরে র‍্যালী এআইওয়াইএফ'র




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** শুক্রবার ভারতের জাতীয় মহিলার ফেডারেশনের ডাকে সংসদে ৩৩ শতাং মহিলা সংরক্ষণ বিল পাশের দাবিতে রাজধানী আগরতলা শহরে দাবি দিবস পালন করা হয়।

রাজ্যে নারী নির্যাতন বন্ধ, ধর্ষণ সহ হিংসাত্মক কার্যকলাপের বিভিন্ন দাবিতে শুক্রবার রাজধানী আগরতলা শহরের কৃষ্ণনগর হরিশ ঠাকুর রোডস্থিত সিপিআই সদর বিভাগীয় অফিসে প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচি পালন করা হয়। উপলক্ষে এক মিছিল সংঘটিত করা হয়। সংগঠনের সদর বিভাগীয় কনভেনার তুলসীদাস কপালে এ বিষয়ে বিস্তারিত তথ্য দিতে গিয়ে বলেন সংসদে মহিলা সংরক্ষণ বিল পাশ করানোর দাবিতে তারা মাসব্যাপী আন্দোলন কর্মসূচি গ্রহণ করেছেন। আন্দোলন কর্মসূচির অংশ হিসেবে শুক্রবার আগরতলা শহরে প্রতিবাদ বিক্ষোভ প্রদর্শন করা হয়। সংসদে অবিলম্বে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের বিল পাশ করানোর দাবিতে দেশব্যাপী আন্দোলন আরো জোরদার করার আহ্বান জানিয়েছে সংগঠন।

## কমলপুরে শাসক-বিরোধীদের ব্যাপক সংঘর্ষ

## বিজেপি বিধায়ক নিগৃহিত কাঠগড়ায় সিপিএম ও তিপ্রা মথা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** বিজেপি বিধায়ক পরিমল দেববর্মা আজ নিজ বাড়িতেই নিগৃহিত হয়েছেন। তাঁকে বাঁচাতে গিয়ে ৬ জন বিজেপি কার্যকর্তা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় চিকিৎসকরা তাদের জিবি হাসপাতালে পাঠিয়েছেন। বাকি চারজন কুলাই হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। বিজেপি প্রদেশ প্রধান মুখপত্র সুব্রত চক্রবর্তীর অভিযোগ, তিপরা মথা এবং সিপিএমের দুস্কৃতিরা ওই হামলা সংগঠিত করেছে। দোষীদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন তিনি।

ধলাই জেলায় আমবাসার বিধায়ক পরিমল দেববর্মার নিগৃহিতের ঘটনায় সালেমা জুড়ে পরিস্থিতি উত্তপ্ত হয়ে রয়েছে। এলাকায় বিশাল পুলিশ ও টিএসআর বাহিনী মোতায়েন করা হয়েছে। ঘটনার বিস্তারিত তথ্য দিয়ে সুব্রত বাবু বলেন, আজ বিধায়ক পরিমল দেববর্মা নিজ বাড়িতে পুকুর খননের উদ্যোগ নিয়েছিলেন। তখনই তিপরা মথা ও সিপিএমের দুস্কৃতিরা পুকুর খননের কাজে বাধা দেন। সেখানে উপস্থিত বিজেপি কার্যকর্তারা তাদের বোঝানোর চেষ্টা করেন। ☞ ৬ এর পাতায় দেখুন

## কৃষকদের উপর হামলার অভিযোগ করল সিপিএম

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** আজ কমলপুর মহকুমার মহারাণীতে কমলপুর-আমবাসা সড়কে বিক্ষোভরত কৃষকদের উপর বিজেপি বিধায়ক পরিমল দেববর্মার মদতপুষ্ট সমাজদ্রোহীরা হামলা চালিয়েছে। হামলায় প্রাক্তন বিধায়ক প্রশান্ত দেববর্মা সহ কয়েকজন কৃষক আহত হয়েছেন বলে অভিযোগ করেছে সিপিএম।

দলের পক্ষ থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, বিজেপি বিধায়ক পরিমল দেববর্মার মৎস্য চাষের জলাশয় তৈরির ফলে মহারাণী মাঠের প্রায় ৬০ জন কৃষক জলের অভাবে নিজেদের জমিতে চাষবাস করতে পারছিলেন না। যেখানে সব সময় মাঠে জল থাকত, সেখানে এই জলাশয় নির্মাণের ফলে উপজাতি সম্প্রদায়ভুক্ত কৃষকরা বিপুল ক্ষতির সম্মুখীন হন।

এর প্রতিকারে কৃষকরা বহুবার প্রশাসনিক আধিকারিকদের দৃষ্টি আকর্ষণ করলেও প্রশাসনের তরফে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়নি। তাই আজ ক্ষতিগ্রস্ত কৃষকরা সড়কে ধর্ণায় বসেন। বিজেপি বিধায়ক বিভিন্ন এলাকা থেকে বিজেপি নামধারী দুস্কৃতিকারীদের ☞ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যে রক্তাল্পতায় আক্রান্ত ৭ দিনে চিহ্নিত ১৭৯৯ জন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** এনিমিয়া সহজ ভাষায় আমরা বুঝি রক্তাল্পতা। ত্রিপুরায় সেই রক্তাল্পতায় ভুগছেন এমন ১৭৯৯ জন রোগী রয়েছেন। যা মোট পরীক্ষিত জনসংখ্যার ৪০.৬ শতাংশ। তাঁরা ৭ দিনে চিহ্নিত হয়েছেন। গোটা ত্রিপুরায় ঊনকোটি জেলায় সবচেয়ে বেশি রক্তাল্পতায় আক্রান্ত রোগী রয়েছেন। নিঃসন্দেহে বিষয়টি খুবই উদ্বেগের বলেই মনে করা হচ্ছে।

ত্রিপুরা সরকার এনিমিয়া মুক্ত রাজ্য গঠনে উদ্যোগ নিয়েছে। সেই লক্ষ্যে সারা রাজ্যেই জাতীয় স্বাস্থ্য মিশন এবং ত্রিপুরা সরকারের স্বাস্থ্য দফতর এ-বিষয়ে বৈঠক করছেন। ৮ জুলাই পর্যন্ত প্রাপ্ত রিপোর্টে দেখা গেছে, ত্রিপুরায় ৪৪২৯ জনের পরীক্ষা করা হয়েছে। তাদের মধ্যে ১৭৯৯ জনের রক্তাল্পতা রোগ শনাক্ত হয়েছে।

মূলত দুইটি পদ্ধতিতে ওই পরীক্ষা করা হচ্ছে ত্রিপুরায়। সাহিলস পদ্ধতিতে ২৯০৫ জনের এবং ডিজিটাল এইচবি মিটার দিয়ে ২০০৬ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। তাতে, সামান্য আক্রান্ত ১০৩৪ জন, মাঝারি আক্রান্ত ৭১০ জন এবং মারাত্মকভাবে আক্রান্ত ৫৫ জনকে চিহ্নিত করা হয়েছে।

বিস্তারিত রিপোর্টে ঘেঁটে দেখা গেছে, পশ্চিম জেলায় ২২০০ জনের নমুনা পরীক্ষায় ৭৬৮ জনের শতাংশের হারে ৩৪.৯, ধলাই জেলায় ৭১ জনের নমুনা পরীক্ষায় ৩৮ জনের শতাংশের হারে ৫৩.৫, দক্ষিণ জেলায় ৯০৯ জনের নমুনা পরীক্ষায় ৪৪৯ জন শতাংশের হারে ৫৯.৪, ঊনকোটি জেলায় ৭৫ জনের নমুনা পরীক্ষায় ৫৩ জনের শতাংশের হারে ৭০.৭, উত্তর ত্রিপুরা জেলায় ২৯৮ জনের নমুনা পরীক্ষায় ১৪০ জনের শতাংশের হারে ৪৭, খোয়াই জেলায় ১২৬ জনের নমুনা পরীক্ষায় ২৭ জনের শতাংশের হারে ২১.৪, সিপাহীজলা জেলায় ৫৮৬ জনের নমুনা পরীক্ষায় ২২১ জনের শতাংশের হারে ৩৭.৭ এবং গোমতী জেলায় ১৬৪ ☞ ৬ এর পাতায় দেখুন

## মুঙ্গিয়াকামীতে তিনটি ট্রাকে তল্লাসি চালিয়ে কোটি টাকার গাঁজা বাজেয়াপ্ত, গ্রেপ্তার পাঁচ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৯ জুলাই।।** নেশা বিরোধী অভিযানে নেমে ত্রিপুরা পুলিশ বড়সড় সাফল্য পেয়েছে। শুক্রবার সকালে মুঙ্গিয়াকামী থানার পুলিশ অন্যান্য দিনের মতো ৪১ মাইল এবং হাওয়াইবাড়ি এলাকায় তল্লাশি অভিযানে তিনটি দূর পাল্লার ট্রাকে ১৯৮৩ কেজি শুকনো গাঁজা উদ্ধার করেছে। সাথে দুই গাড়ির চালক, সহ-চালক সহ মোট ৫ জনকে আটক করেছে পুলিশ।

আজ মুঙ্গিয়াকামী থানার এস.আই রঞ্জিত দাস ও মুঙ্গিয়াকামী থানার ও.সি ধ্রুবজয় রিয়াং-এর নেতৃত্বে অন্যান্য দিনের মতো মুঙ্গিয়াকামী থানাধীন ৪১ মাইল এলাকায় ভ্যাহিকাল চ্যাকিং শুরু হয়েছিল। তখন সন্দেহবশত পিবি১০ডিজেড৯৪০৪ নম্বরের একটি দূরপাল্লার লরিতে তল্লাশি চালিয়ে উদ্ধার হয়েছে ৮৩২ কেজি প্যাকেট ভর্তি শুকনো গাঁজা। ওই এমএল০৮জি৪০৯৪ নম্বরের আরেকটি গাড়ি দেখে পুলিশকে পুলিশ এবং ৭১ নং সি. আর. পি. এফ-এর জওয়ানরা



গাড়ির চালক পাঞ্জাবের বাসিন্দা প্রদীপ সিং-কে জিজ্ঞাসাবাদ করার সময় তিনি বহিঃরাজ্যের জানান ওই গাড়ির মধ্যে ও প্যাকেট ভর্তি শুকনো গাঁজা রয়েছে।

তার দেওয়া তথ্যের ভিত্তিতে এমএল০৮জি৪০৯৪ নম্বরের একটি ট্রাকের পিছু ধাওয়া করে। ৪১ মাইল ☞ ৬ এর পাতায় দেখুন

## যোগগুরু রামদেব রাজ্যে যোগ কেন্দ্র স্থাপন করতে চাইছেন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** যোগগুরু রামদেব ত্রিপুরায় যোগা কেন্দ্র স্থাপনের ইচ্ছা প্রকাশ করেছেন। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব তাঁকে স্বাগত জানিয়ে সমস্ত রকম সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

যোগগুরু রামদেবের সাথে মুখ্যমন্ত্রী জায়া নীতি দেব এবং তাঁর কন্যা যোগাগ্রামে গিয়ে সাক্ষাত করেন। তখনই মুখ্যমন্ত্রী টেলিফোনে তাঁর সাথে কথা বলেন। রামদেব জানিয়েছেন, যোগ আমাদের দেশের সনাতন সংস্কৃতি। যোগার মাধ্যমে সমস্ত ধরনের শারীরিক ব্যাধি থেকে মুক্তি সম্ভব। শরীর-কে সুস্থ রাখতে যোগার বিকল্প নেই। তাই, উত্তর-পূর্বাঞ্চলে তিনি যোগা কেন্দ্র স্থাপন করতে চাইছেন। এক্ষেত্রে ত্রিপুরা তার প্রথম পছন্দ বলে জানিয়েছেন। তিনি বলেন, পূর্বোত্তরের সর্ববৃহত যোগা কেন্দ্র ত্রিপুরায় ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৭ ▫ সংখ্যা ২৬০ ▫ ১০ জুলাই ২০২১ ইং ▫ ২৫ আষাঢ় ▫ শনিবার ▫১৪২৮ বঙ্গাব্দ

## বন ও বন্যপ্রাণী সুরক্ষা

করোণা ভাইরাস সংক্রমণ জনিত পরিস্থিতিতে প্রকৃতির সকল জীবকে বাচিয়া থাকিবার উপযুক্ত পরিবেশ তৈরি করিতে হইবে। শুধুমাত্র মানুষকে সচেতন করিলেই পরিবেশকে সুরক্ষা সম্ভব নয়। পশুপাখিদের যত্নের প্রতি আরো দায়িত্বশীল হইতে হইবে। রাজ্যের অভয়ারণ্য কতটা সুস্থ রহিয়াছে এবং অভয়ারণ্যে অবস্থানকারী পশুপাখিরা এই মুহূর্তে সুস্থ রহিয়াছে কিনা তাহার খোঁজখবর নেওয়া খুবই জরুরী। রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব শুক্রবার সিপাহী জলা অভয়ারণ্য পরিদর্শন করিয়া অভায়ারণ্যে বসবাসকারী পশুপাখিদের সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নিয়াছেন। বনদপ্তরের কর্মকর্তা এবং সিপাহী জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সঙ্গে নিয়া তিনি সিপাহী জলায় অবস্থানরত পশুপাখিদের দেখিয়া আসেন। বিগত প্রায় দেড় বছর ধরিয়া করোনা পরিস্থিতি চলিয়াছে।সিপাহী জলা অভয়ারণ্যে ইহার কোন প্রভাব পড়িয়াছে কিনা সে সম্পর্কে মুখ্যমন্ত্রী বিস্তারিত খোঁজখবর নিয়াছেন। পশু পাখিদের অবস্থান স্থান গুলি পরিদর্শন করিয়া তাহাদের খাওয়া-দাওয়া এবং চিকিৎসা সম্পর্কে বিস্তারিত খোঁজখবর নিয়াছেন। রাজ্যের দায়িত্বশীল মুখ্যমন্ত্রীর সিপাহী জলা অভয়ারণ্য পরিদর্শন বন্যপ্রাণী ও প্রকৃতি প্রেমিক মানসিকতার পরিচায়ক। মুখ্যমন্ত্রী স্পষ্টভাবে নির্দেশ দিয়াছেন সিপাহী জলা অভয়ারণ্যে যাহাতে কোনো ধরনের সমস্যা তৈরি না হয় সেই জন্য যেন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়।প্রকৃতি সুস্থ থাকিলেই মানুষ সুস্থ থাকিবে, প্রকৃতি অসুস্থ হইয়া পড়িলে মানুষ ও জীব সুস্থ থাকিতে পারিবেনা। সেই কারণেই প্রকৃতিকে সুস্থ রাখিবার ওপর গুরুত্ব দেওয়া হইয়াছে।প্রকৃতির সৃষ্টি অন্যতম জীব মানুষ। ক্রম বিবর্তনের মধ্য দিয়া মানুষ নিজেদেরকে শিক্ষিত করিয়া তুলিয়াছে। প্রকৃতির সর্বশ্রেষ্ঠ জীব হিসেবে মানুষ বহু উন্নত হইয়াছে। আগুন আবিষ্কার হইতে শুরু করিয়া বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে মানুষ করিতে পারেনা এমন কাজ নাই। শুধুমাত্র সৃষ্টি এবং প্রলয় মহাজাগতিক ঘটনা হিসেবে এখনো পরিগণিত।আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তিকে কাজে লাগাইয়া মানুষ যেমন উন্নতির শিখরে পৌঁছিয়াছে, ঠিক তেমনি মানুষ বন্যপ্রাণী সহ অন্যান্য প্রাণীদের নিজেদের প্রয়োজনে ব্যবহার করিতে শিখিয়াছে। এর ফলশ্রুতিতে বন্যপ্রাণীরা ক্রমশই হারাইয়া যাইতে শুরু করিয়াছে।এর দায় মানুষ কোনভাবেই অস্বীকার করিতে পারিবে না। লুপ্তপ্রায় প্রাণী গুলিকে সংরক্ষণ করিবার প্রয়োজনীয়তা দেখা দিয়াছে।মানুষ যদি এসব বিষয়ে সচেতন না হয় তাহা হইলে প্রকৃতির ওপর মারাত্মক প্রভাব পড়িতে বাধ্য হইবে। এটি শুধু প্রকৃতির অভিশাপ নয়। বন্যপ্রাণীদের বিলুপ্তির জন্য অনেকাংশেই দায়ী মানুষের সশস্ত্র সংগ্রাম। সম্প্রতি প্রকৃতি সংরক্ষণ নিয়া কাজ করা এক সংস্থার সমীক্ষায় উঠিয়া আসিয়াছে এই তথ্য। এর মধ্যে গরিলাকে নিয়া উদ্বেগ সবচেয়ে বেশি। পাশাপাশি এমনই আরও ২০০টি প্রাণীর বিলুপ্ত হইতে চলার নেপথ্যে এই কারণকে দায়ী করিয়াছেন বিশেষজ্ঞরা। একদিকে যেমন অরণ্য ধ্বংসের মতো কারণ বন্যপ্রাণীদের বিপন্নতার দিকে ঠেলিয়া দিতেছে অপরদিকে, জঙ্গলে গা ঢাকা দিয়া গেরিলাযুদ্ধে শামিল আন্দোলকারীদের সশস্ত্র সংগ্রাম - জোড়া ফলায় সবচেয়ে বিদ্ধ গরিলা প্রজাতি।

আন্তর্জাতিক প্রকৃতি সংরক্ষণ সংস্থার সমীক্ষা বলিয়াছে, গরিলা ছাড়া ২১৯ টি প্রজাতিও একই কারণে বিপদের মুখোমুখি। এ ধরনের সশস্ত্র সংগ্রাম শুধু মানুষের প্রাণহানিই ঘটায় না, প্রকৃতির উপরও এ এক মারাত্মক অত্যাচার। যার ফল ভুগিতে হয় বন্যপ্রাণীদের। প্রায় ৭০০০টি ঘটনার উপর সমীক্ষা চালাইয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছে সংস্থাটি। সাহারা মরুভূমি সংলগ্ন এলাকা অর্থাৎ পশ্চিম ও মধ্য আফ্রিকায় এই সমস্যা অধিক। প্রায় ৩০ হাজার প্রাণী ও উদ্ভিদ বিপন্ন হিসাবে চিহ্নিত করা হইয়াছে। এই তালিকা খতিয়ে দেখিয়াই বিশেষজ্ঞরা দেখিয়াছেন, কঙ্গো, রোয়ান্ডা, উগান্ডা - এই তিন দেশে গরিলারাই সবচেয়ে বেশি সংকটে। জঙ্গলের অন্দরে অর্থাৎ যেখানে পরিবার নিয়া তাহাদের বাস, সেসব জায়গাতেও এখন মানুষের প্রবেশ ঘটিতেছে। অরণ্যের আড়ালে চলে সশস্ত্র সংগ্রামও।পরিসংখ্যান দিয়ে আইইউসিএন জানাইয়াছে , জঙ্গলের কোর এরিয়ার শতাংশ বন্যপ্রাণীদের জন্য সংরক্ষিত। সংরক্ষণ, ভারসাম্য বজায় রাখিবার মধ্যে দিয়াা প্রকৃতিকে বাচাইয়া বন্যপ্রাণদের সুরক্ষিত রাখা সম্ভব।

## ভুয়ো টিকা মামলা: এখনই সিবিআই তদন্তের প্রয়োজন নেই, পর্যবেক্ষণ হাইকোর্টের

কলকাতা, ৯ জুলাই (হি.স.) : ভুয়ো টিকা মামলায় স্বস্তি পেল রাজ্য। সিবিআইকে দিয়ে এখনই তদন্তের প্রয়োজন নেই। শুক্রবার এমনই পর্যবেক্ষণ কলকাতা হাইকোর্টের বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায় ও বিচারপতি অনিরুদ্ধ রায়ের ডিভিশন বেঞ্চের। আপাতত রাজ্যের তদন্তের উপরেই তাঁরা ভরসা রেখেছেন। শুক্রবারের এই সংক্রান্ত তিনটি জনস্বার্থ মামলার শুনানিতে সিবিআইয়ের আবেদন খারিজ করে মামলার নিষ্পত্তি করলেন বিচারপতিদ্বয়।

ঘটনার সূত্রপাত, গত মাসের শেষদিকে। কসবায় করোনা টিকা শিবিরের আয়োজন করে দেবাঞ্জন দাস নামে এক ব্যক্তি। তিনি নিজেকে একজন আইএএস অফিসার বলে পরিচয় দিয়ে এতকাল কাজ করে আসছিলেন। এই শিবির থেকে ভ্যাকসিন নেন অভিনেত্রী-সাংসদ মিমি চক্রবর্তী। তার ঠিক একদিনের মধ্যেই সমস্ত প্রতারণা ধরা পড়ে দেবাঞ্জনের। পুলিশ তাকে "ভুয়ো" পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে গ্রেফতার করে জানতে পারে, তার আয়োজিত শিবির থেকে দেওয়া ভ্যাকসিনও ভুয়ো। এরপর প্রতারণার জাল অনেক দূর গড়ায়। ইতিমধ্যে দেবাঞ্জন ছাড়া আরও চারজন গ্রেফতার হয়। এরপরই রাজ্যের তদন্তের উপর অনাস্থা প্রকাশ করেন বিরোধীরা।

হাইকোর্টের আইনজীবী সন্দীপন দাস প্রথম এই অপরাধের তদন্তভার সিবিআইয়ের হাতে দেওয়ার দাবি তুলে জনস্বার্থ মামলা করেন। এরপর বিজেপি নেতা এবং আরও একজন এই মামলা দায়ের করেন। তিনটি জনস্বার্থ মামলারই শুক্রবার শুনানি ছিল। বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায় ও বিচারপতি অনিরুদ্ধ রায়ের ডিভিশন বেঞ্চে রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত জানান, এই মুহূর্তে ১৭ সদস্যের তদন্ত কমিটি কাজ করছে। ৪ জনকে গ্রেফতার করা হয়েছে। ঘটনায় জড়িত জেরা করা হয়েছে ৫০ জনকে। টিকা সংক্রান্ত সমস্ত রিপোর্টের পরীক্ষা হচ্ছে। কয়েকটি রিপোর্ট পাওয়ার অপেক্ষা। সেসব হাতে পেলেই চার্জশিট দাখিল করা হবে। অ্যাডভোকেট জেনারেল-র এই বক্তব্য শুনে রাজ্যের তদন্তের উপরই আস্থাপ্রকাশ করেন বিচারপতিদ্বয়।

## ফের আদালতের দিকে তাকিয়ে উচ্চ প্রাথমিকের পরীক্ষার্থীরা

কলকাতা, ৯ জুলাই (হি. স.) : হাইকোর্টের নির্দেশ মেনে নম্বর-সহ প্রার্থীদের ইন্টারভিউ-এর তালিকা বৃহস্পতিবারই প্রকাশ করেছিল স্কুল সার্ভিস কমিশন। ক্ষুব্ধ পরীক্ষার্থীরা ফের অপেক্ষায় আইনি সুবিচারের জন্য।

শুক্রবার দুপুরে হাইকোর্টে শুরু হয়েছে শুনানি। কিন্তু তার আগেই এসএসসি দফতরের সামনে তুমুল বিক্ষোভে চাকরিপ্রার্থীরা। অভিযোগ, নতুন তালিকাতেও রয়েছে গরমিল। তালিকা অনেকের ক্ষেত্রেই নম্বর দেখা যাচ্ছে না। ঠিকমতো আপলোড করা হয়নি বলেও জানানো হচ্ছে, অথচ ওয়েবসাইটে নির্দিষ্ট রেজাল্ট সফলভাবে আপলোড করেছিলেন তারা। চাকরিপ্রার্থীদের অভিযোগ, চেয়ারম্যান কোনও কথা বলতে চান নি। এদিন শুনানিতে হাইকোর্ট কী বলে, সে দিকে তাকিয়ে এসএসসি। সাক্ষাৎকারের তালিকা অস্বচ্ছতার অভিযোগ তুলে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল চাকরিপ্রার্থীদের একাংশ। ওই মামলার শুনানিতে নতুন করে তালিকা প্রকাশ করার নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। যেখানে নামের পাশে প্রার্থীদের প্রাপ্ত নম্বর উল্লেখ করতে বলা হয়েছিল। সেইমতো বৃহস্পতিবারই নতুন তালিকা প্রকাশ করে এসএসসি। কিন্তু তাতেও গরমিলের অভিযোগ তুলল চাকরিপ্রার্থীদের একাংশ। তাঁরা এখন ফের হাইকোর্টের নির্দেশের অপেক্ষায়। হিন্দুস্থান সমাচার/ অশোক

# শ্যামপ্রসাদ-খ্যাতি-অখ্যাতির বিতর্কে উদ্ভাসিত বর্ণময় এক মহাজীবন


**শান্তনু রায়**

১৯৪৯ এর ১৪ই জানুয়ারির কলকাতা ময়দান যেন জনসমুদ্র। লন্ডনের মিউজিয়াম থেকে আনীত গৌতম বুদ্ধের দুই শিষ্য সারিপুত্ত ও মৌদ্‌গল্যায়নের অস্থি ভারত সরকারের পক্ষ থেকে সরকারিভাবে গ্রহণ উপলক্ষে সেদিন বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে সেখানে। আগের দিন ১৩ তারিখেই লন্ডনের মিউজিয়াম থেকে অস্থিকলস এদেশে পৌঁছলে তা রাজভবনে রাখা হয়েছে। এদিন সকালে রাজভবন থেকে মিছিল করে ময়দানে পৌঁছন অস্থিকলস সহ রাজ্যপাল, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী ও শ্রদ্ধার পরম্পরায় খালিপায়ে কেন্দ্রীয় সরকারের শিল্প ও বাণিজ্য দফতরের বাঙালি ক্যাবিনেট মন্ত্রী যাঁর উদ্যোগেই অস্থিকলস হস্তান্তরের সে অনুষ্ঠান। পারিবারিক পরম্পরায় ১৯৪২ থেকে আমৃত্যু মহাবোধি সোসাইটির সভাপতি এবং অন্যান্য বৌদ্ধ সংগঠনের সঙ্গে যুক্ত তাঁর উদ্যোগেই লন্ডনের মিউজিয়াম থেকে সেই অস্থিকলস ভারতে ফিরিয়ে এনে হস্তান্তর, এরপর ময়দানে প্রায় পাঁচ লক্ষ মানুষের সামনে পবিত্র অস্থিপূর্ণ স্বর্ণকলস তিনি গ্রহণ করলেন সোসাইটির সভাপতি হিসেবে এবং অত্যন্ত শ্রদ্ধাসহকারে খালিপায়ে মাথায় করে সেই স্বর্ণকলস বহন করলেন শ্রদ্ধার পরম্পরায়, দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে নিয়ে যাওয়ার জন্য, ভারতবর্ষের সাংস্কৃতিক দূত হয়ে কম্বোডিয়া, তাইল্যান্ড, ব্রহ্মদেশ (বর্তমানে মায়ানমা), ভিয়েতনাম প্রভৃতি বৌদ্ধপ্রধান দেশগুলিতে। প্রসঙ্গত বৌদ্ধ অধ্যুষিত তৎকালীন ব্রহ্মদেশের আবেদনে ওই পূত দেহাবশেষের একাংশ 'স্থায়ীঋণ' হিসেবে সে দেশকে দিতে সম্মত হয় ভারত সরকার তাঁর উদ্যোগেই যেজন্য, তাঁর প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সে দেশের প্রধানমন্ত্রী লিখেছিলেন—(The whole of the Buddhist World,I am surem would join me in saying sadhul sadhul for the noble gesure and meritorious deed of your goodself and the Mahbodhi society of india) কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপার্চর্য হিসেবেও তিনি পালি ভাষা প্রসারে যথেষ্ট উদ্যোগ নিয়েছিলেন।

এবিধ ঘটনায় তো সেই রাজনৈতিক ব্যক্তিত্বের উদারহৃদয় ও বহুত্ববাদী এবং মানবতাবাদী রূপটিই প্রতিভাত হয়। অথচ অপপ্রচারে সোচ্চার—এমন মানুষটিই নাকি 'সাম্প্রদায়িক'। ইদানিং আবার কোনো কোনো নেহরুস্তবকের পক্ষ থেকে কলকাতা ময়দানে অস্থিকলস গ্রহণের সেই অনুষ্ঠানের বিবরণ উদ্দেশ্যপ্রণোদিতভাবে সুবিধামতো কিঞ্চিৎ পরিবর্তন করে উল্লেখিত হয় রাজনৈতিক বিরোধীদের প্রতি নেহরুজির 'উদারতা' ও 'মহানুভবতা'র দৃষ্টান্তস্বরূপ—বিভ্রান্তি সৃষ্টির অপকৌশল। যা হোক, এর প্রায় সাড়ে চার বছরের পরের ঘটনা। ইতিমধ্যে ঝিলম দিয়ে অনেক জল বয়ে গেছে। ১৯৫৩ সালের ২২ জুন রাত এগারোটা। স্থান শ্রীনগর স্টেট জেনারেল হাসপাতালের গাইনোকোলজিক্যাল ওয়ার্ডে মাঝারি মাপের একটি ঘর। সে ঘরের একটি বেডে শুনে আছেন হৃদরোগে আক্রান্ত এক শালপাংশু প্রৌঢ় বন্দি—মৃত্যুর সঙ্গে চলছে লড়াই। তাঁকে দেওয়া হয়েছিল স্ট্রেপটোমাইসিন জাতীয় ওষুধ যা তাঁর সহ্য হত না, পারিবারিক চিকিৎসকের নিষেধ সত্ত্বেও। অসহ্য যন্ত্রণায় রাত আড়াইটেয় মারা গেলেন প্রায় বিনা চিকিৎসায়।

ইনি আর কেউ নন , বাংলার বাঘ আশুতোষের পুত্র অকুতোভয় শ্যামাপ্রদাস--- ড. শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, একদা কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, নেহরু-লিয়াকত চুক্তির প্রতিবাদে কিছুদিন আগে পদত্যাগী সেই দেশের বাণিজ্য ও শিল্প দফতরের মন্ত্রী।

পরদিন ২৩ জুন সকাল হতে না হতেই এই সংবাদ ছড়িয়ে পড়ে স্তম্ভিত সমগ্র দেশকে শোকে মুহ্যমান করে তুলল—সন্দিহানও মৃত্যুর কারণ সম্পর্কে। মরদেহ সেদিনই বিমানযোগে কলকাতায় আনা হচ্ছে জেনে সেদিন সব পথ এসে মিশেছিল দমদম বিমানবন্দরের পথে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে পায়ে পায়ে অগুণতি কালো মাথা আর উদ্বগ্ন ব্যাকুল ক্ষুব্ধ মুখের অধীর আগ্রহে জমায়েত বিমানবন্দরে সামনে। মরদেববাহী বিশেষ বিমান রাত ন'টা নাগাদ দমদমে এসে অবতরণ করলে অগণিত জনতা যে কীভাবে শোকবিহ্বল হয়ে পড়ে তার বিবরণ পাওয়া যায় পরের দিন এক বাংলা দৈনিকে এভাবে গভীর শোকের অন্তর্দাহে মূহ্যমান লক্ষ লক্ষ নরনারীর দীর্ঘ ব্যাকুল প্রতীক্ষান্তে রাত্রি ৯-৫৫ মিনিটে ভারতের তেজোদৃপ্ত নেতৃত্বের অন্যতম শ্রেষ্ঠ বিগ্রহ শ্যামাপ্রসাদ মুখ্যাপাধ্যায়ের মরদেহ একখানি বিশেষ বিমানযোগে দমদম বিমানঘাঁটিতে উপনীত অবতারণা হয়। বিদ্রোহী বাঙলার ঐতিহ্যবাহক প্রাণাপেক্ষা প্রিয়তর নেতার জন্মভূমি হইতে বহুদূরে কাশ্মীরে নির্বাসনকালে মৃত্যু হইয়াছে এই দুঃসহ অনুভূতি বিমানঘাঁটিতে উপস্থিত জনসমুদ্রকে অধিকতর বিচলিত করিয়া তোলে।' মে মাসে ৩৭০ ধারা রদের দাবিতে জম্মুকে বিক্ষোভে নেতৃত্ব দিলে তাঁর স্থান হয় প্রথমে শ্রীনগর সেন্ট্রাল জেলে শেখ আবদুল্লার সৌজন্যে, জেলে বন্দি থাকাকালীন হৃদরোগে আক্রান্ত হলে হাসপাতালে প্রায় বিনা চিকিৎসায় (নিছক ভুল চিকিৎসায় ?) এভাবে মৃত্যুর রহস্যজনক ঘটনায় অনেক মনেই সন্দেহ দানা বেঁধেছিল, মা যোগমায়া দেবীরও। কিন্তু একদা সহকর্মীর মৃত্যুর তদন্তের



জন্য পুত্রহারা মায়ের আর্তিও নাকচ করলেন পণ্ডিতজি, কাশ্মীরের শেখ আবদুল্লা সরকারও। সে মৃত্যুরহস্য আজও কুয়াশাঢাকা।

পণ্ডিত নেহরুর শেখ আবদুল্লা সখ্যতা অস্বীকারের অভিপ্রায়ে নেহরুভক্ত কোনো কোনো 'বিজ্ঞ'জন ইদানিং অভিমত দিচ্ছেন— নেহরুই তো কাশ্মীরের সরকার ভেঙে দিয়ে দীর্ঘ এগারো বছরের জন্য শেখ আবদুল্লাকে জেলে পাঠান। তবে কাশ্মীরের ইতিহাসের গতিপ্রকৃতি একটু গভীরে অনুধ্যানে অবশ্য ভিন্নমতের অবকাশ আছে। বস্তুত নেহরুর এক অদ্ভুত দুর্বলতা ছিল বন্ধু শেখ আবদুল্লার প্রতি। কাশ্মীরের মহারাজা হরি সিং নিজেই ১৯৪৭-এর সেপ্টেম্বরে প্রথম সিদ্ধান্ত নিয়েছিলেন যে কাশ্মীর বারতের সঙ্গে যুক্ত হবে। কিন্তু নেহরু তাঁকে প্রত্যাখ্যান করেছিএলন কারণ নেহরু মনে করতেন যে ভারতের সঙ্গে কাশ্মীর যুক্ত হওয়ার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ সেখানে শেখ আবদুল্লা ও ন্যাশনাল কনফারেন্সের (জম্মুও লাদাখে প্রভাবহীন কাশ্মীর উপত্যাকায় সীমাবদ্ধ) ক্ষমতায় কায়েম হওয়া।

কাশ্মীরের ভারতভুক্তির চুক্তিতে কোনো বিশেষ মর্যাদার বা গণভোটের কথা না থাকলেও শেখ আবদুল্লা ক্ষমতায় বসেই পণ্ডিতজির কঠোর সমালোচক, চোখে চোখ রেখে স্পষ্ট কথা নির্দ্বধায় বলতে পারার রাজনৈতিক উচ্চতা অর্জন করেছিলেন স্বল্পকালেই।

দুর্ভোগ, এক বিশেষ জনগোষ্ঠীর প্রতি অন্যায় ও অবিচারের বিরুদ্ধে এবং তাদের ভবিষ্যৎ দুরবস্থা পুর্বানুমানে তিনি এক বিশেষ পরিস্থিতিতে তাদের পক্ষে সরব সক্রিয় হয়েছিলেন বলে তাঁকে আজও 'সাম্প্রদায়িক' অপবাদ দেওয়া হয়। কিন্তু ঐতিহাসিক সত্য, হাজার অপ্রিয় অস্বস্তিকর হলেও, অস্বীকার করে সেই ভবিষ্যতদ্রষ্টার দূরদর্শিতাকে, তাঁর রাজনৈতিক মতাদর্স ও কর্মপদ্ধতির সঙ্গে সর্বাংশে সহমত না হলেও, স্বীকৃতিদানে পরাম্মুখ হলে তা অনৈতিকও বটে।

উল্লেখ্য, উপাচার্য শ্যামাপ্রসাদের অনুরোধেই রবীন্দ্রনাথের বিশেষ অধ্যাপক হিসেবে কলকাতা বিশ্ববিদ্যালয়ে যোগদান এবং ১৯৩৭-এ প্রথম বাংলায় দীক্ষান্ত ভাষণ। এছাড়াও ১৯৩৫ সালে বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাদিবস উপলক্ষে কবিগুরু সৃজন করে পাঠিয়েছিলেন দুটি সংগীত।

আবার হাসান শহিদ সুরাবর্দিকে কলকাতা বিশ্ববিদ্যালয়ে বাগেশ্বরী অধ্যাপক হিসাবে নিযুক্ত করে উপাচার্য ও নির্বাচনী সমিতির একজন সদস্য হিসাবে শ্যামাপ্রসাদের মন্তব্য এবং নিজের অভিজ্ঞতা দিয়ে তাঁকে এবং উপাচার্য ডা. হাসান সুরাবর্দিকে সর্বাত্মক সহযোগিতা তাঁর উদার হৃদয়েরই প্রকৃষ্ট নিদর্শন। তিনিই উপাচার্য হিসেবে কলকাতা বিশ্ববদ্যিালয়ের স্নাতকোত্তর স্তরে ইসলামিক ইতিহাস ও সংস্কৃতি পঠনপাঠন ও চর্চার পত্তন করেছিলেন এবং এ বিষয়ে বিশিষ্ট গবেষক শিক্ষাবিদদের নিয়ে এসে শিক্ষাদানের ব্যবস্থাও করেছিলেন। সমসাময়িক অধ্যাপক ধীরেন্দ্রনাথ সেন তাঁর স্মৃতিকথা Dr. Shyamaprasad-as I knew him -এ উল্লেখ করেছেন তাঁর কাছে ব্যক্ত, বিশেষ সমস্যায় শ্যামাপ্রসাদের সহায়তায় উপকৃত দু'জন মুসলমান ছাত্রের অনুভূতি এভাবে They told Shyamaprasad was despite his politics, a greater and more sincere friend of young men in difficulty than any other Hindu of Muslim leader they knew (calcutta Review, October ১৯৪৪ উদ্দেশ্যপ্রণোদিতভাবে 'সাম্প্রদায়িক' অভিধাপ্রাপ্ত ও মানুষটির অকৃপণ সহায়তাই রক্ষা করছিল গুরুতর অসুস্থ কাজি নজরুলের জীবন। তাঁরই উদ্যোগে চিকিৎসায় কবি একটু সুস্থ হলে তাঁকে স্বাস্থ্য উদ্ধারে মধুপুরে পাঠানো এবং অর্থসাহায্যেও কবির পাশে তিনি। ১৯৪২-এর জুলাইয়ে মধুপুর থেকে এক দীর্ঘ ও আবেগমথিত পত্রে নজরুল এবিধ ঘটনার উল্লেখ করে লেখেন—'আপনি এত সত্ত্বর আমার ব্যবস্থা না করলে হয়ত আমি মধুসূদনের মতো হাসপাতালে আমার মৃত্যু হত। আমি জানি আমরাই ভারতবর্ষকে পূর্ণ স্বাধীন করব—সেদিন বাঙালির আপনাকে এবং সুভাষ বসুকে সকলের আগে মনে পড়বে—আপনারাই হবেন এ দেশের সত্যকার নায়ক। আমার আনন্দিত প্রণাম পদ্ম শ্রীচরণে গ্রহণ করুন। তাঁর বিরুদ্ধে প্রধান অভিযোগ তিনি হিন্দু মহাসভায় যোগ দিয়েছিলেন। কিন্তু স্বাধীনতা পূর্ব বাংলার এবং পরবর্তীতে পূর্ব পাকিস্তানের অন্যতম দুই গুরুত্বপূর্ণ নোত ফজুলল হক এবং আবুল মনসুর বঙ্গবিভাগের সময় বিতর্কে তাঁর বিরোধী হলেও ব্যক্তিগত আলোচনায় স্বীকার করতেন যে হিন্দু মহাসভা করলেও তাঁর মতো উদার ও মুসলমানদের হিতকামী হিন্দু নেতা বিরল, এমনকী অনেক কংগ্রেসী নেতার চেয়েও উদার ছিলেন তিনি। ১৯৩৭-এ ইচ্ছুক ফজলুল হকের কৃষক প্রজা পার্টির সঙ্গে বাংলায় জোট সরকার গঠনে কংগ্রেসের কেন্দ্রীয় নেতৃত্বের অরাজি হ্যয়া নিছক রাজনৈতিক নিবুদ্ধিতা না অন্য কোনো গভীর উদ্দেশ্য পূর্বপরিকল্পিত কৌশল তা নিয়ে গবেষণা হতেই পারে, তবে শ্যামাপ্রসাদ পরবর্তীতে হিন্দু মহাসভার পদাধিকারী হয়েও ফজলুল হকের কৃষক প্রজা পার্টির সঙ্গে সন্ত্রিসভায় গেছেন। প্রসঙ্গত শরৎচন্দ্র বসুর তৎকালীন ব্যক্তিগত সচিব ও বিশিষ্ট লেখক শ্রদ্ধেয় নীরবচন্দ্র চৌধুরীর মতে '১৯৩৭ এ সরকারগঠন না করে শরৎ বসুও অদূরদর্শিতার পরিচয় দিয়েছিলেন। হয়ত সেদিন কৃষক প্রজা পার্টির সঙ্গে কংগ্রেস মন্ত্রিসভা গড়লে বাংলা তথা ভারতের রাজনীতির অন্য খাতে বইত।

ইদানিং বিভিন্ন আলোচনায় বাংলাভাগের জন্য অসঙ্গতভাবে নিন্দিত হন শ্যামাপ্রসাদ আবার এই পশ্চিমবঙ্গ দ্দাজ্য গঠনে তাঁর সামনে থেকে নেতৃত্বদান স্বীকারেও অনীহা। অথচ ক্যালকাটা কিলিং-এর পরও আইনসভায় ভাষণে বরবার দেশেবাগের বিরোধী শ্যামপ্রসাদ বলেছেন---'আজকে সবচেয়ে বেশি প্রয়োজন এই নির্বোধ এবং অসত্য ধারণা---যার নাম পাকিস্তান---তাকে মাথা থেকে চিরতরে নির্বাসিত করা। বাংলায় আমাদের মিলেমিশে থাকতে হবে।' তথ্যপি যখন তিনি দেখলেন ধর্মের ভিত্তিতে দেশভাগ অবশ্যম্ভাবী এবং সমগ্র বঙ্গকেই পাকিস্তানের অন্তর্ভূক্ত করার চক্রান্ত চলছে, তখন তিনি বাংলা ভাগেরও দাবি করলেন এবং এ দাবি সফল করতে নেতৃত্ব দিতে এগিয়ে এলেন, কারণ তৎকালীন কেন্দ্রীয় কংগ্রেসী নেতৃবৃন্দের এ ব্যাপারে বিশেষ হেলদোল ছিল না, আর ভাবাবেগে আপ্লুত শরৎচন্দ্র বসু বা অদূরদর্শী কিরণশঙ্কর রায়ের পক্ষে 'স্বাধীন বঙ্গদেশ' নামে আর এক পাকিস্তান গঠনের চক্রান্ত প্রতিহত করা সম্ভব হত না বলে তিনি মনে করেছিলেন। উল্লেখ্য, শ্যামাপ্রসাদের এই প্রয়াসের সমর্থনে দাঁড়িয়েছিলেন যদুনাথ সরকার রমেশচন্দ্র মজুমদার প্রমুখ ইতিহাসবিদগণ, ভাষাত্বাত্বিক সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতো বিশিষ্টজনেরা এবং প্রাথমিক দোদুল্যমানতামুক্ত কংগ্রেস দলও। এই বিশেষ প্রেক্ষিতটি বিবেটনায় অনাগ্রহই প্রকাশ পায় শ্যামাপ্রসাদ বাংলাভাগ করেছেন জাতীয় প্রক্ষিপ্ত মন্তব্যে যা কেবল অতিসরলীকরণ দোষে দুষ্ট নয়, বাংলাভাদের পরিপ্রেক্ষিত ও ইতিহাসের পশ্চাৎপট অনুধ্যানে অমনোযোগ ও সচেতন অনীহাই সুচিত করে।

মাত্র বাহান্ন বছরে আকস্মিক ও অস্বাভাকিভাবে থেমে যাওয়া এক ঝোড়ো জীবনের ব্যক্তি মানুষটি ও তাঁর কর্মকাণ্ডের উপর যথেষ্ট গবেষণা এখনও হয়নি। শ্রীনগরে কারাজীবনকালে নির্বাচনের দিনলিপির তাঁর ডায়েরিটি খোয়া গেছে, তবে সম্প্রতি তাঁর স্মৃতিকথার দুটি বাঁধানো খাতার খোঁজ মিলেছে বাড়িতেই। আশা করা যায় বিতর্কিত এই মহাজীবনকে আরও জানতে তা প্রণোদিত করলে অনুসন্ধিৎসু জনকে। আজ ৬ই জুলাই বাংলার এই নিভীক দূরদর্শী, ইদানিং আবার চর্চিত বঙ্গসন্তানের শত একবিংশতিতম জন্মদিন। (সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# রায়—কথিত মেথড অ্যাক্টিংয়ে নিপুণ

**শঙ্করলাল ভট্টাচার্য**

পাশ্চাত্যে নতুন প্রজন্মের মুখে একটা কথা খুব চলত একসময় 'উই আর দ্য চিল্ড্রেন অফ মার্কস, দ্য বিটল্‌স, অ্যান্ড কোকা কোলা।' আমরা হলাম মার্কস, বিটব্‌স আর কোকা কোলার সন্তান। এর জবাবে একটা ভারতীয় আত্মপরিচয় ঘোষণা করার মতো পাই বারবার আমরা হচ্ছি রে (সত্যজিৎ), শঙ্কর (রবিশঙ্কর) এবং দিলীপ কুমারের বংশধর। এই অলৌকিক ত্রয়ীর তৃতীয়জন সেঞ্চুরি পার না করেই চলে গেলেন। তবে, ওঁদের মতোই একটা দীর্ঘ সময় ধরেই ছিলেন এদেশের এক সফল পরীক্ষিত আন্তর্জাতিক ব্র্যান্ড। ভারতীয় চলচ্চিত্রের প্রথম সুপারস্টার। স্বাধীন ভারতের সিনেমা-যুগের হিরো নাম্বার ওয়ান।

ভারতের 'সিনেমা যুগ' বলে ওঁর প্রভাবটাকে একটু সংকীর্ণ-ই করলাম বুঝি। রাজ কাপুর বা দৌড়বীর মিলখা সিংয়ের মতো দিপীলসাবেরও জন্ম অধুনা পাকিস্তানে। রাজ বা দিলীপের পৈতৃক ভিটে এখন তীর্থস্থানের মতো সেই হাভোলতে জাদুঘরের মতো সংরক্ষণের উদ্যোগ চলছে। এদেশে পাকিস্তানি ছবি কতটা কী দেখা হয়,না-হয় জানি না, তবে পাকিস্তানে তাদের ভূমিপুত্র মহম্মদ ইউসুফ খানের ছবি দেখা হল সিনেমার প্রথম ও শেষ পাঠের মতো। যা পাক সরকার শিল্পীকে দেশের সেরা সম্মান 'নিশাল-এ ইমতিয়াজ' অর্পণ করে জাহির করেছেন।

হিন্দি, উর্দু, গুর্মুখী, ইংরেজি—এই চার ভাষাতেই দুরন্ত ছিলেন দিলীপ। তপন সিন্‌হা ওঁকে 'সাগিনা মাহাতো' ছবিতে সাগিনা-র রোল দিয়ে এখন একটা অভিনয় পেলেন, যা বাঙালি কখনও ভুলবে না। তাতে ওঁর সেই দেহাতি হিন্দি ঘেঁষা বাংলা বুলি এই তো জীবন, কালীদা তো একটা অমর সংলাপ হয়েই থেকে গেল। একবার এলগিন রোডের জাহাজবাড়িতে আড্ডায় তপনবাবুকে জিজ্ঞেস করেছিলাম, এই ডায়লগটা বলার ভঙ্গি নিয়ে শিল্পীকে কী বলেছিলেন? তপনবাবুর জবাব ছিল সহজ, সরল, দিলীপ কুমারকে কিছু বোঝাতে হয় না। দিপীপ কুমার অবশ্য পাঁচ্যের দশক থেকেই বাঙালিদের প্রিয় বাঙালি ইমেজটা পেয়ে গিয়েছিলেন দেবদাস। বিমল রায়ের এই হিন্দিতে তোলা দেবদাস—ই কিন্তু সর্বকালের সেরা দেবদাস থেকে গেল। আর দিলীপ কুমারের দেবদাস? সে তো সৌমিত্রর অপু আর উত্তমের কৃষ্ণেন্দু-র মতো অম্লান। আর পার্বতী সুতিত্রাকে পিছের বাড়ি মেরে ওঁর সেই অভিমানী কথা যে তোমার রূপের গর্বে একটা দাগ করে দিলাম অমর হয়ে রইল শিশিরকুমারের বলা প্রফুল্ল নাটকে যোগেশের সংলাপের মতো। আমার সাজানো বাগান শুকিয়ে গেল। সত্যজিৎ রায় খুব মুগ্ধ ছিলেন দিলীপ কুমারের মেথড অ্যাক্টিংয়ে। কিন্তু কেন যে দুই যুগন্ধর শিল্পী এক ছবিতে মিললে না, তা নিয়ে ভাহালির আফসোস কখনও যাবে না। সত্যজিতের গুণগ্রাহী দিলীপপের ভিতরেও একটা অভাব বোধ ছিল। তবে দিলীপ ভক্তদের সবচেয়ে বড় মনখারাপ যেটা, তা হল ডেভিড লিন-এর যুগান্তকারী ছবি লরেন্স অফ অ্যারেবিয়া তে ওমর শারফের করা রোলটা ওর ছেড়ে দেওয়া। ওই রোল করেই ওমর শরিফ রাতাপাতি ইন্টারন্যাশাল স্টার, যেটা অতি অবশ্য দেবদাস সিনেমায় মূল চরিত্রে দিলীপ কুমার দিলীপসাবও হতেন। কিন্তু তিনি করলেন না কেন? না এক অপরিচিত নায়কের সঙ্গে পার্শ্বভূমিকায় নামা ওঁর সাজে না অপরিচিত নায়কটি মঞ্চে শেক্সপিয়র করে ডেভিড নিলেন চোখে পড়েছেন। কিন্তু সিমেনায় এই তাঁর প্রথম আসা। নায়কটি কে? না, জনৈতিক পিটার ও টুল। পরে পর্দায় ওঁর কাজ দেখে তো দিলীপ নিজেই তজ্জব ও টুলের বেকেট ছবিতে রাজা হেনরি'র ভূমিকায় অভিনয় দেখে এমন মোহিত হলেন যে রোজ একবার করে হলে গিয়ে বেকেট দেখতেন। অনেক পরে দিলীপ কথায় কথায় ওঁর অনুশোচনার কথাটা বলেছিলেন। তা এজন্য নয় যে আন্তর্জাতিক স্তরের কাজটা হল না, মনখারাপের কারণ ও টুলের সঙ্গে অভিনয় হল না। এত নিপুন মেথড অ্যাক্টিং ছিল দিলীপের যে ওঁকে এদেশের মার্লন ব্র্যান্ডো বলা হত। হাঁটার পদক্ষেপ, শরীর, মুখ, চাহনি দিয়ে ব্র্যান্ডোর মতো ডায়লগ বলতেন। এককথায় মূর্তিমান অভিনয়। অমিতাভ বচ্চন যখন বলিউড পাঁপাচ্ছেন, তখন ওঁকে আর দিলীপসাবকে পাশাপাশি নামানো হয়েছিল শক্তি ছবিতে। খুব উৎসাহ নিয়ে কজন সমবয়সি বন্ধু আমরা দুই যুগের দুই স্টলওয়ার্টকে দেখতে গিয়ে তো থ। দু'জনের লেভেলটাই আলাদা, তখনকার সানডে ম্যাগাজিন এখনকার এক বচ্চন ফ্যানের বিস্ময়বোধ হিন্দিতেই তুলে দিয়েছিল। সে বলছে আরে, ইয়ে তো ইসকা বাপ নিকলা। তাতে অবশ্য অমিতাভের কোনও ক্ষোভ থাকার কথা না। কারণ তিনি নিজে দিলীপ কুমারে সেরা ভক্তদের একজন। ওঁর মৃত্যুতে বলেছেন যে একটা প্রতিষ্ঠানই শেষ হয়ে গেল।

দুনিয়া মানে ভারতীয় চলচ্চিত্রের সেরা ট্র্যাজিক হিরো দিলীপ কুমার। কিন্তু, আমরা যারা ছেলেবেলা থেকে দিলীপ কুমার। কিন্তু, আমরা যারা ছেলেবেলা থেকে দিলীপ কুমারের ছবি গিলছি, তাদের কাছে ওঁর নাচগান, তরোয়াল বাজির ছবিগুলোও যে কী মন্ত্রমুগ্ধকর ছিল, তা ভদ্রলোক ছবি করা বন্ধ করতে মরমে মরমে বুঝেছি। মধুবর্তী ছবিতে আপন মনে সুহানা সফর অউর ইয়ে মৌসম হসিন গাইতে গাইতে যখন জঙ্গলের পথ দিয়ে যাচ্ছেন, গঙ্গা যমুনা ছবিতে দেহাতি নাচে কোমরের চাল দেখাচ্ছেন অথবা নয়া দওর এ প্রাণের ফূর্তিতে গান ধরে টাঙ্গা চালাচ্ছেন, সে এক অদ্ভুত আলোড়ন। একটা বিলিতি নাটকের নাম ধার করে তখন বলতে হয় আম্যান ফর অল সিজন্‌স। মধুবালার সঙ্গে দীর্ঘদিনের প্রেম ছিল দিলীপের। একসময় তা ভেঙেও যায়। (সৌজন্যে-সংবাদ প্রতিদিন)

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।



এবিভিপির প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। ছবি ঃ নিজস্ব

# শান্তনু ঠাকুর ভারতের মন্ত্রী বাংলাদেশে মতুয়ারা উচ্ছ্বসিত

**মনির হোসেন,ঢাকা, ০৯ জুলাই।।** শান্তনু ঠাকুর ভারতের মন্ত্রী হওয়ায় বাংলাদেশের গোপালগঞ্জের মতুয়া সম্প্রদায় উচ্ছ্বাস প্রকাশ করেছে। বাংলাদেশ মতুয়া মহাসংঘের সভাপতি সুব্রত ঠাকুর বলেন, মতুয়াবাদের প্রবর্তক হরিচাঁদ ঠাকুরের অন্যতম উত্তরসূরি শান্তনু ঠাকুর। আমিও হরিচাঁদ ঠাকুরের উত্তরসূরি। আমরা ষষ্ঠ পুরুষ।

"শান্তনু ঠাকুর ভারতে থাকলেও আমাদের পরিবারের সদস্য। মন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় গোপালগঞ্জের ওড়াকান্দির ঠাকুর পরিবারসহ সমগ্র মতুয়া সমাজ আজ গর্বিত।"

বুধবার সন্ধ্যায় ভারতের রাষ্ট্রপতি ভবনে ৪৩ জন মন্ত্রী শপথ নেন। শান্তনু ঠাকুর তাদেরই একজন।

সুব্রত ঠাকুর বলেন, শান্তনু মন্ত্রী হওয়ার খবরে মতুয়াদের মধ্যে আনন্দের বন্যা বইছে। ইতোমধ্যে ফেইসবুকে শান্তনু ঠাকুরকে অভিনন্দন জানিয়ে মতুয়াদের পক্ষ থেকে হাজার হাজার পোস্ট দেওয়া হয়েছে। ওড়াকান্দির ঠাকুরবাড়ি এ আনন্দে উদ্বেলিত। মহামারীতে আমরা ঘরে বসে আনন্দ উপভোগ করছি। শান্তনু ঠাকুর মতুয়া অনুসারীসহ ভারতের মানুষের কল্যাণে কাজ করবেন বলে প্রত্যাশা করছি।"

সুব্রত ঠাকুর বলেন, নিপীড়িত ও অবহেলিত মানুষের মুক্তির দূত হিসেবে আধ্যাত্মিক পুরুষ হরিচাঁদ ঠাকুর ১২১৮ বঙ্গাব্দের ফাল্গুন মাসের মধুকৃষ্ণা ত্রয়োদশী তিথিতে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার সাফলীডাঙ্গা গ্রামে জন্মগ্রহণ করেন। ১২৮৪ সালে একই তিথিতে তিনি তীরধানে যান।"

মতুয়া অনুসারী সঞ্জয় বিশ্বাস বলেন, বর্ণপ্রথায় হেয়প্রতিপন্ন, নিপীড়িত ও অবহেলিত জনগোষ্ঠীর ত্রাতা হিসেবে আর্বিভূত হন হরিচাঁদ ঠাকুর। তিনি সমাজে সাম্য প্রতিষ্ঠা করেছেন। বর্ণ প্রথায় অধিকার-হারাদের শিক্ষা বিস্তারে তিনি কাজ করেছেন। তিনি নিম্নবর্ণের হিন্দু ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সংগঠিত করেন। হরিচাঁদ ঠাকুর মতুয়াবাদ প্রচার করেছেন। তিনি নীলকুঠির বিরুদ্ধে আন্দোলন করেছেন। জমিদারি প্রথার বিরুদ্ধে লড়েছেন। তিনি সব প্রতিকূলতা প্রতিহত করে মতুয়াবাদ প্রতিষ্ঠা করেছেন।

"ওড়াকান্দির পূর্ণভূমিতে হরিচাঁদ ঠাকুরের লীলা শুধু আধ্যাত্মিক ছিল না, এটি পার্থিবভাবে মানুষের জাগতিক উন্নয়নের আন্দোলন ছিল। সে কারণেই মতুয়াদের কাছে শ্রীধাম ওড়াকান্দি প্রাণাধিক পবিত্র স্থান। হরিচাঁদ ঠাকুরের ষষ্ঠ পুরুষ শান্তনু ঠাকুর ভারতের কেন্দ্রীয় সরকারের মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। এতে হারচাঁদ ঠাকুরের মতুয়াবাদের আন্দোলন ভারতে স্বীকৃতি পেয়েছে বলে আমি মনে করি।"

হরিচাঁদ-গুরুচাঁদ মতুয়া মিশনের সভাপতি ও মতুয়াচার্য পদ্মনাভ ঠাকুর বলেন, "শান্তনু ঠাকুর ভারতের মন্ত্রী হিসেবে শপথ নেওয়ার মধ্য দিয়ে ভারতের মন্ত্রিসভায় এই প্রথম কোনো মতুয়া প্রতিনিধি স্থান পেলেন।

"গত বিধানসভা নির্বাচনে শান্তনু ঠাকুরের হাত ধরে বিজেপি পশ্চিমবঙ্গে তৃনমূলের কাছ থেকে অনেক আসন ছিনিয়ে নিতে সক্ষম হয়। শান্তনু ঠাকুর মন্ত্রী হবে বলে মতুয়াদের প্রত্যাশা ছিল। মতুয়াদের সে প্রত্যাশা পূরণ হয়েছে। এতে আনন্দে উদ্বেলিত উভয় বাংলার মতুয়া জনগোষ্ঠী। ভবিষ্যতে শান্তনু ঠাকুর ভারতের জাতীয় নেতার পদও পাবেন বলে প্রত্যাশা করি।"

নিজেকে হরিচাঁদ ঠাকুরের উত্তরসূরি দাবি করে পদ্মনাভ ঠাকুর বলেন, শান্তনুর চেষ্টায় নরেন্দ্র মোদী ওড়াকান্দি এসেছেন। একাধিকবার ওড়াকান্দি এসে শান্তনু ঠাকুর ওড়াকান্দিসহ মতুয়া সম্প্রদায়ের মানুষের সঙ্গে সেতুবন্ধ রচনা করেছেন।"

বাংলাদেশ মতুয়া মহাসংঘের মহাসচিব সাগর সাধু ঠাকুর বলেন, ভরতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওড়াকান্দি সফরে আসার পর আমরা শান্তনু ঠাকুরকে মন্ত্রী করার দাবি জানাই। মোদী জি শান্তনুকে সে সুযোগ দিয়েছেন। এজন্য আমরা মোদী জিকে অভিনন্দন জানাই।

"মহামারী গেলে আমরা শান্তনু ঠাকুরকে বাংলাদেশে এনে মতুয়া মহাসংঘের পক্ষ থেকে সংবর্ধনা দেব।" তিনি বলেন, শান্তনু মন্ত্রী হওয়ায় দেশে-বিদেশে অবস্থানরত কোটি কোটি মতুয়াভক্ত অনন্দে উদ্বেলিত। আমরা ফোনে ফোনে মতুয়াদের সঙ্গে এ আনন্দ ভাগাভাগি করছি।"

## কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের দায়িত্ব নিলেন ধর্মেন্দ্র প্রধান

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করলেন ধর্মেন্দ্র প্রধান। আগে তিনি পেট্রোলিয়াম মন্ত্রকের মন্ত্রী ছিলেন, সেই দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে শিক্ষামন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে ধর্মেন্দ্র প্রধানকে। ধর্মেন্দ্র প্রধানের জায়গায় তেল মন্ত্রকের দায়িত্ব নিয়েছেন হরদীপ সিং পুরী। আগে শিক্ষামন্ত্রকের মন্ত্রী ছিলেন রমেশ পোখরিয়াল নিশঙ্ক।গত বুধবার বড় রদবদল হয়েছে মোদী মন্ত্রিসভায়। ২০১৯ সালে দ্বিতীয় বারের জন্য ক্ষমতায় আসার পরে ৫৩ জনের মন্ত্রিসভা গঠন করেছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দু'বছর পরে মন্ত্রিসভায় বড় রদবদল করেন তিনি। এক দিকে যেমন অনেকে বাদ গিয়েছেন, তেমনই জায়গাও পেয়েছেন অনেকে। অনেকের দায়িত্ব পরিবর্তন করা হয়েছে।

## করোনার বিধিনিষেধ মেনে চলছে ৭৪তম কান ফেস্টিভ্যাল

প্যারিস, ৯ জুলাই (হি. স.) : করোনার বিধিনিষেধ মেনে ৬ জুলাই থেকে শুরু হয়েছে কান ফেস্টিভ্যাল। এই উৎসব চলবে ১৭ই জুলাই পর্যন্ত। কান ফেস্টিভ্যালে যোগ দিতে পরিচালক অনুরাগ কাশ্যপ ফ্রান্স পৌঁছে গিয়েছেন। পাশাপাশি পায়েল কাপাডিয়ার 'আ নাইট অব নোয়িং নাথিং' ছবিটি দেখানো হবে ডিরেক্টর্স ফোর্টনাইট বিভাগে। পায়েল ডেবিউ ডিরেক্টর বিভাগে প্রতিযোগিতার জন্যও মনোনীত। রয়েছে রাহুল জৈনের ৭০ মিনিটের তথ্যচিত্র 'ইনভিজিবল ডেমনস', যেটি দিল্লির বায়ুদূষণ নিয়ে নির্মিত। কলকাতার সুমন সেনের ডেবিউ ছবি 'একা' জায়গা করে নিয়েছে লা ফ্যাব্রিক সিনেমা বিভাগে। একই সঙ্গে বাংলাদেশি ছবি 'রেহানা মারিয়ম নুর' দর্শকের চোখের জল বাঁধ মানেনি। ছবিটির মুখ্য চরিত্রে ছিলেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন কানের উদ্বোধনী অনুষ্ঠানে জুরি প্রধান স্পাইক লি, জোডি ফস্টার, কোরিয়ান পরিচালক বং জুন-হো, স্প্যানিশ পরিচালক পেদ্রো আলমোদোভারকে দেখা গেছে এক সঙ্গে। প্রত্যেকেই নিজ নিজ ভাষায় বক্তব্য রাখেন মঞ্চে। এ বারের উৎসবে উদ্বোধনী ছবি ছিল মারিয়ন কোতিয়া এবং অ্যাডাম ড্রাইভার অভিনীত ছবি 'অ্যানেট'। 'অ্যানেট'-এর প্রচারে এসে অ্যাডাম ড্রাইভার বললেন, 'করোনা এখনও যায়নি ঠিকই, কিন্তু এখানে এসে স্বস্তি আর উত্তেজনা দুটোই হচ্ছে।' হিন্দুস্থান সমাচার / সোনালি

## রাষ্ট্রপতি সকাশে অমিত শাহ, স্বরাষ্ট্রমন্ত্রী বললেন সৌজন্য সাক্ষাৎ

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): রাষ্ট্রপতি ভবনে গিয়ে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষাৎ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ প্রসঙ্গে অমিত শাহ জানিয়েছেন, রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছি। গত বুধবার বড় রদবদল হয়েছে নরেন্দ্র মোদী মন্ত্রিসভায়। বড়সড় রদবদলে বাদ দেওয়া হয়েছে ১২ জন মন্ত্রীকে, ৩৬ জন নতুন মন্ত্রীকে এনেছেন মন্ত্রিসভায়, অনেকের দায়িত্ব পরিবর্তন করা হয়েছে। বুধবারের রদবদলের পর শুক্রবার রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সাক্ষাৎ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাতের পর হিন্দিতে টুইট করে অমিত শাহ জানিয়েছেন, 'রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছি।' গত বুধবার নতুন মন্ত্রীদের শপথবাক্য পথ করিয়েছিলেন রাষ্ট্রপতি।

## ২৪ ঘন্টায় মৃত্যু ২৫ জনের, পাকিস্তানে করোনা-মুক্ত ৯.১১-লক্ষাধিক

ইসলামাবাদ, ৯ জুলাই (হি.স.): পাকিস্তানে আবারও বাড়ল করোনা-আক্রান্ত রোগীর সংখ্যা। বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ১,৭৩৭ জন। বৃহস্পতিবার সারাদিনে পাকিস্তানে মৃত্যু হয়েছে ২৫ জনের। পাকিস্তানে এযাবত করোনা কেড়ে নিয়েছে ২২,৫২০ জনের প্রাণ এবং মোট আক্রান্তের সংখ্যা ৯ লক্ষ ৬৯ হাজার ৪৭৬ জন। ইতিমধ্যেই সুস্থ হয়েছেন ৯ লক্ষ ১১ হাজার ৩৮৩ জন। শুক্রবার পাকিস্তানের স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় পাকিস্তানে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ১,৭৩৭ জন এবং মৃত্যু হয়েছে ২৫ জনের। সবমিলিয়ে পাকিস্তানে এখনও পর্যন্ত আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৯,৬৯,৪৭৬। পাকিস্তানে এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা ৩৫,৫৭৩। এযাবত পাকিস্তানে সুস্থ হয়েছেন ৯,১১,৩৮৩ জন। পাকিস্তানে পজিটিভিটি রেট ৩.৬৫ শতাংশ।

## উত্তরপ্রদেশে দু''জনের শরীরে মিলল কোভিডের কাপ্পা ভ্যারিয়ান্ট

লখনউ, ৯ জুলাই (হি.স.) :ডেল্টা প্লাসের পরে এবার কাপ্পা ভ্যারিয়ান্ট। কোভিডের আরও একটি অতি ছোঁয়াচে ভ্যারিয়ান্ট উদ্বেগ বাড়াচ্ছে চিকিতসকদের। শুক্রবারই উত্তরপ্রদেশে দুই কোভিড আক্রান্তের শরীরে মিলেছে কাপ্পা ভ্যারিয়ান্ট। রাজ্য সরকারের পক্ষ থেকে একথা জানানো হয়েছে। সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, দু''জনের শরীর থেকে নমুনা নিয়ে লখনউয়ের কিং জর্জ মেডিক্যাল কলেজে পাঠানো হয়েছিল। সেখানেই জানা যায়, তাঁরা কোভিডের কাপ্পা ভ্যারিয়ান্টে আক্রান্ত হয়েছেন। এছাড়া আরও ১০৭ জনের দেহ থেকে সংগ্রহ করা নমুনায় পাওয়া গিয়েছে ডেল্টা প্লাস ভ্যারিয়ান্ট। উত্তরপ্রদেশে এখন দৈনিক পজিটিভিটি রেট ০.০৪ শতাংশ। কাপ্পা ভ্যারিয়ান্ট সম্পর্কে এক প্রশ্নের জবাবে উত্তরপ্রদেশের অতিরিক্ত মুখ্যসচিব অমিতমোহন প্রসাদ বলেন, "এখনই উদ্বেগের কিছু নেই। ওই ভ্যারিয়ান্টের চিকিতসা করা সম্ভব।" সারা দেশে ৫৬ দিন ধরে দৈনিক সংক্রমণ কমার পরে গত তিনদিনে দেশে ফের বেড়েছে কোভিড সংক্রমণের সংখ্যা। গত ৮ জুলাই আটটি রাজ্য ও তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে সংক্রমণ বৃদ্ধি পেয়েছে। সেই সঙ্গে কমেছে দৈনিক টিকাকরণের সংখ্যা। গত মাসে দিল্লি এইমসের প্রধান রণদীপ গুলেরিয়া বলেন, কোভিডের তৃতীয় ঢেউ আসবেই। ছয় থেকে আট সপ্তাহের মধ্যে তা আসতে পারে। শুধু সংক্রমণ নয়, চিন্তা বাড়িয়েছে মৃত্যুও। স্বাস্থ্যমন্ত্রকের পরিসংখ্যান অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় করোনায় নতুন করে সংক্রমিত হয়েছেন ৪৩ হাজার ৩৯৩ জন। পাশাপাশি, গত ২৪ ঘণ্টায় করোনার কবলমুক্ত হয়েছেন ৪৪ হাজার ৪৫৯ জন। দেশে এই মুহূর্তে অ্যাকটিভ করোনা রোগীর সংখ্যা এই মুহূর্তে ৪ লক্ষ ৫৮ হাজার ৭২৭।

## প্রতারণার অভিযোগে সলমন খান সহ ৯ জনকে তলব

মুম্বাই, ৯ জুলাই (হি. স.): এবার প্রতারণার অভিযোগ উঠল সলমন খান ও তাঁর বোন আলভিরা-সহ ন''জনকে জনের বিরুদ্ধে। আগামী ১৩ জুলাই চণ্ডীগড় থানায় তলব করেছে পুলিশ। অরুণ গুপ্তা নামে এক ব্যবসায়ী বলিউডের ভাইজান, তাঁর বোন-সহ আরও ৬ জনের বিরুদ্ধে অভিযোগ করেছেন। ব্যবসায়ীর দাবি, গত ২০১৮ সালে প্রায় ২-৩ কোটি টাকা খরচ করে 'বিইয়িং হিউম্যান'-এর একটি এক্সক্লুসিভ স্টোর খোলেন। সংস্থার তরফে ওই শোরুমটির প্রোমোশন এবং জিনিসপত্র সম্পর্কে ক্রেতাদের বোঝানোর জন্য কর্মীও দেওয়া হবে বলেই ওই ব্যবসায়ীকে আশ্বাস দেওয়া হয়েছিল। ব্যবসায়ীর দাবি, সলমন খান নিজে উপস্থিত থেকে ওই শোরুমটির প্রমোশন করবেন বলেও আশ্বাস দেওয়া হয়। তবে অভিযোগ, শোরুমে এখনও পর্যন্ত সামগ্রী পৌঁছনো হয়নি। কর্মী সরবরাহও করা হয়নি। তাঁকে কার্যত ঠকানো হয়েছে বলেই দাবি ওই ব্যবসায়ীর। বারবার সংস্থার সঙ্গে এ বিষয়ে যোগাযোগ করেও কোনও সুরাহা হয়নি। বাধ্য হয়ে ২০২০ সালে ওই এক্সক্লুসিভ স্টোরটি তিনি বন্ধ করে দেন। বিপুল অঙ্কের টাকা বিনিয়োগের পরেও কোনও লাভ না হওয়ায় বিপুল ক্ষতির মুখে পড়তে হয় ওই ব্যবসায়ীকে। এই পরিস্থিতিতে চণ্ডীগড় থানার দ্বারস্থ হন ওই ব্যবসায়ী। সলমন খান, তাঁর বোন আলভিরা-সহ আরও ন'' 'জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন তিনি। আগামী ১৩ জুলাই তলব করা হয়েছে তাঁদের।

## পরমবীর সিংকে ডাকল ইডি, রেকর্ড করা হবে বয়ান

মুম্বই, ৯ জুলাই (হি.স.): অর্থ তছরুপ মামলায় মুম্বইয়ের প্রাক্তন পুলিশ প্রধান পরমবীর সিংকে সমন পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। জিজ্ঞাসাবাদ ও বয়ান রেকর্ড করার জন্য পরমবীর সিংকে সমন পাঠিয়েছে ইডি। সূত্রের খবর, গত সপ্তাহেই পরমবীর সিংকে সমন পাঠিয়েছিল ইডি। কিন্তু, তিনি ইডি-র কাছে আরও সময় চেয়েছিলেন।

এরপর শুক্রবার ফের পরমবীর সিংকে সমন পাঠাল ইডি। মুম্বইয়ের প্রাক্তন পুলিশ প্রধানকে ইডি কবে ডেকেছে, সে বিষয়ে কিছু জানা যায়নি। উল্লেখ্য, মহারাষ্ট্রের প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী অনিল দেশমুখের বিরুদ্ধে ঘুষ এবং তোলাবাজির অভিযোগ তুলেছেন মুম্বইয়ের প্রাক্তন পুলিশ কমিশনার পরমবীর সিং। মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরেকে একটি চিঠি লিখে পরমবীর অভিযোগ করেছিলেন, অনিল দেশমুখ তোলাবাজি করে মাসে ১০০ কোটি টাকা তোলার চেষ্টা করছিলেন।হিন্দুস্থান সমাচার। রাকেশ।

## ২৪ ঘন্টার মধ্যেই দিল্লিতে বর্ষার বৃষ্টি, বর্ষণ চলবে পঞ্জাব ও হরিয়ানাতেও

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): আসছি আসছি বলে আর আসার নাম নেই, অবশেষে সে আসতে চলেছে। আগামী ২৪ ঘন্টার মধ্যেই রাজধানী দিল্লিতে শুরু হতে চলেছে বর্ষার বৃষ্টি, বৃষ্টি হবে পঞ্জাব ও হরিয়ানাতেও। শুক্রবার ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)-এর বিজ্ঞানী চরণ সিং জানিয়েছেন, 'বৃহস্পতিবার হালকা বৃষ্টি হয়েছে দিল্লিতে, ১১, ১২ ও ১৩ জুলাই দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে ভারী বৃষ্টি হবে। আগামী ২৪ ঘন্টার মধ্যেই দিল্লি-এনসিআর-এ শুরু হবে বর্ষার বৃষ্টি।'আইএমডি জানিয়েছে, আগামী ১১ থেকে ১৩ জুলাই জম্মু, কাশ্মীর, লাদাখ, হরিয়ানা, চন্ডীগড় ও দিল্লিতে বৃষ্টি হবে। ১০ থেকে ১৩ জুলাই ভারী বৃষ্টি হতে পারে হিমাচল প্রদেশ, পশ্চিম উত্তর প্রদেশ ও পূর্ব রাজস্থানে। ১১ থেকে ১২ জুলাই বৃষ্টির সম্ভাবনা রয়েছে পঞ্জাব ও পশ্চিম রাজস্থানে। বৃহস্পতিবার রাতেই বৃষ্টি হয়েছে দিল্লিতে, শুক্রবার ভোরে প্রবল বৃষ্টি হয় জম্মুতে।

## কুলগাম-এনকাউন্টার : পালিয়ে গেল সন্ত্রাসীরা, সন্ধানে সুরক্ষা বাহিনী

শ্রীনগর, ৯ জুলাই (হি.স.): জম্মু ও কাশ্মীরের কুলগাম জেলায় সুরক্ষা বাহিনীর সঙ্গে গুলির লড়াই চলাকালীন সুযোগ বুঝে পালিয়ে গেল সন্ত্রাসবাদীরা। কুলগামের এসএসপি গুরিন্দরপাল সিং জানিয়েছেন, মনে হচ্ছে অভিযান শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যেই পালিয়ে গিয়েছে জঙ্গিরা। শুক্রবার সকালে কাশ্মীর পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছিল, দক্ষিণ কাশ্মীরে কুলগাম জেলার রেডওয়ানি এলাকায় পুলিশ, সেনাবাহিনী ও সিআরপিএফ জওয়ানদের সঙ্গে জঙ্গিদের গুলির লড়াই চলছে।

গোটা এলাকা চারিদিক থেকে ঘিরে ফেলেছিল সুরক্ষা বাহিনী। মাঝেমধ্যেই গুলির শব্দ শোনা যাচ্ছিল। দীর্ঘক্ষণ অভিযানের পর জঙ্গিদের কোনও সাড়াশব্দও পাওয়া যায়নি। অর্থাৎ জঙ্গিরা সুযোগ বুঝে পালিয়ে যায়। কুলগামের এসএসপি গুরিন্দরপাল সিং জানিয়েছেন, অভিযান শুরু হওয়ার কিছুক্ষণের মধ্যেই হয়তো পালিয়ে গিয়েছে জঙ্গিরা। তবে, জঙ্গিদের সন্ধানে গোটা এলাকায় চিরুনি তল্লাশি চালানো হয়েছে।

## নয়া তথ্যপ্রযুক্তি আইন এখনই কার্যকর নয়, টিভি চ্যানেলগুলির আর্জিকে মান্যতা দিল কেরল হাইকোর্ট

তিরুবনন্তপুরম, ৯ জুলাই (হি.স.) : কেন্দ্রের নয়া তথ্যপ্রযুক্তি আইন কার্যকরের ক্ষেত্রে টিভি চ্যানেলগুলিকে আপাতত ছাড় দেওয়ার নির্দেশ দিল কেরল হাইকোর্ট। টিভি চ্যানেলগুলির সংগঠন "নিউজ ব্রডকাস্টারস অ্যাসোসিয়েশন" (এনবিএ)-এর আবেদন মেনে এই নির্দেশ দেওয়া হয়েছে। এনবিএ-র তরফে শুক্রবার এক বিবৃতিতে বলা হয়েছে, "সংশোধিত তথ্যপ্রযুক্তি আইনে সংবাদ মাধ্যমের মত প্রকাশের অধিকার খর্ব করা হয়েছে। সংবাদমাধ্যমকে নিয়ন্ত্রণের জন্য সরকারি সংস্থাগুলিকে অতিরিক্ত ক্ষমতা দেওয়া হয়েছে।"

নয়া তথ্যপ্রযুক্তি আইন সংবিধানের ১৯(১)-এ ধারায় বর্ণিত সংবাদমাধ্যমের মতপ্রকাশের স্বাধীনতার পরিপন্থী বলেও অভিযোগ করেছে এনবিএ। ইতিমধ্যেই টুইটার-সহ বিভিন্ন সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম নরেন্দ্র মোদী সরকারের নয়া তথ্যপ্রযুক্তি আইনের বিরুদ্ধে আদালতের দ্বারস্থ হয়েছে। এ বিষয়ে কেন্দ্রের তরফে সুপ্রিম কোর্টে একটি আবেদন জানিয়ে বলা হয়েছে, নয়া তথ্যপ্রযুক্তি আইনের বিরুদ্ধে দায়ের করা সমস্ত মামলাগুলির শুনানি একই সঙ্গে করা হোক শীর্ষ আদালতে। আগামী ১৬ জুলাই সুপ্রিম কোর্টে সেই আর্জির পরবর্তী শুনানি হবে।

# রেলের দফতরগুলোতে কাজের সময় নিয়ে নয়া নির্দেশিকা, কাজ হবে দুটি পর্বে ৭''টা থেকে রাত ১২''টা

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : রেলের দফতরগুলোতে কাজের সময় নিয়ে নয়া নির্দেশিকা জারি করল কেন্দ্রীয় রেল মন্ত্রক। বলা হয়েছে এবার থেকে রেলওয়ের দফতরের কাজ হবে দুটি পর্বে। সকাল ৭''টা থেকে বিকেল ৪''টে পর্যন্ত একটি পর্ব। দ্বিতীয় পর্ব শুরু হবে বিকেল ৩টে থেকে রাত ১২টা পর্যন্ত চলবে। বুধবারই দায়িত্ব নিয়েছেন নতুন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। দায়িত্ব নিয়েই নতুন নির্দেশ জারি করেছেন তিনি। শুক্রবার এডিজি ডি জে নারাইন জানিয়েছেন দ্রুত এই সময়সূচীর নির্দেশিকা বলবত করা হবে। এবার থেকে দুটি শিফটে ভাগ করে কাজ করবেন রেলওয়ে কর্মীরা।

সরকারি অফিস গুলোতে ১০টা-৫টার প্রচলিত ধারণা থেকে বেরিয়ে আসতে চাইছে অনেক মন্ত্রকই। নরেন্দ্র মোদীর ক্ষমতার দ্বিতীয় পর্বে প্রথম থেকেই পরিষ্কার করে দেওয়া হয়েছিল, কর্পোরেট সংস্থার মতোই কাজ হবে সরকারি ক্ষেত্রেও। রেলকে চলতে হবে বাণিজ্যিক ভাবনা নিয়ে। এমনকি রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান পদেরও বেশ কিছু পরিবর্তন করা হয়েছিল। রেলের আধিকারিকের পাশাপাশি ব্যবসায়িকভাবে রেল চালাতে সক্ষম কোনও পেশাদার ব্যক্তিকে ওই বিশেষ পদের দায়িত্ব দেওয়া হতে পারে। চেয়ারম্যান পদে যিনি বসবেন তাকে সিইও বা চিফ এক্সিকিউটিভ অফিসারের ভূমিকাও পালন করতে হবে। রেলে দুই শিফটে কাজের এই নির্দেশিকায় কর্পোরেট সংস্থার ছাপ স্পষ্ট।

# কয়লা পাচার কাণ্ডের মামলা আর টানতে চায় না হাইকোর্ট বুধবারের মধ্যে মামলা শেষ করার নির্দেশ হাইকোর্টের

কলকাতা, ৯ জুলাই (হি.স.) : দীর্ঘদিন ধরে কয়লা পাচার কাণ্ডের মামলা ঝুলছে হাইকোর্টে। এবার তাই এই মামলায় কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিবিআই এবং রাজ্য সরকারকে চূড়ান্ত সময়সীমা বেঁধে দিল উচ্চ আদালত। হাইকোর্টের তরফে বলা হয়েছে, আগামী বুধবারের মধ্যে মামলা শেষ করতে হবে। শুক্রবার হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ বলেন, কয়লা পাচার কাণ্ডের মামলায় শুনানি প্রক্রিয়া দীর্ঘ হওয়ায় আদালতের সময় নষ্ট হচ্ছে। এতে অন্য মামলার ক্ষতি হচ্ছে। তাই আগামী বুধবার এই মামলার জন্য কার্যত চূড়ান্ত সময়সীমা বেঁধে দিয়েছেন আদালত। তার মধ্যেই উভয়পক্ষকে যা করার করতে হবে। এরপর আদালত কয়লা পাচার কাণ্ডের মামলায় রায় ঘোষণা করবে। এই মামলার মূল বিষয় হল, সিবিআইয়ের তদন্তের এক্তিয়ার। রাজ্য সরকারের বক্তব্য, সিবিআইয়ের এই তদন্তের এক্তিয়ার নেই। এদিন শুনানি চলাকালীন সিবিআইয়ের তোলা অভিযোগের উত্তরে বর্ষীয়ান আইনজীবী অভিষেক মনু সিংভি বলেন, অবাধ প্রবেশের এক্তিয়ার যেখানে তুলে নেওয়া হয়েছে সেখানে সিবিআই কীভাবে তদন্ত করবে? তাছাড়া, সিবিআইয়ের আইন অনুযায়ী প্রাথমিক তদন্তের তিন মাসের মধ্যে এফআইআর করতে হয়। কিন্তু কেন্দ্রীয় সংস্থা এফআইআর করেছে দুই বছর পর। পশ্চিমবঙ্গের সঙ্গে আন্তর্জাতিক সীমানার উল্লেখ এনে সিবিআই যেভাবে অভিযুক্তদের জেরা করতে চাইছে তা সম্পূর্ণ বেআইনি বলেও দাবি করেছেন সিংভি। তাঁর অভিযোগ, ভারতের একাধিক রাজ্যেই আন্তর্জাতিক সীমানা রয়েছে। কিন্তু সিবিআইয়ের আধিকারিকরা কেবলমাত্র বাংলার ক্ষেত্রেই তার উল্লেখ করে মামলার মোড় ঘোরাতে চাইছে। কয়লা পাচার কাণ্ডের অন্যতম মূল অভিযুক্ত বিনয় মিশ্র ফেরার। তাঁকে এখনও বাগে আনতে পারেনি সিবিআই। আগামী বুধবার বিনয় মিশ্রের আইনজীবীরা তাঁদের বক্তব্য লিখে আদালতে পেশ করবেন। তারপরেই হবে রায় ঘোষণা।

# পিএসি চেয়ারম্যান হলেন মুকুল রায়, বিজেপি-র কক্ষত্যাগ

কলকাতা, ৯ জুলাই (হি. স.) : প্রত্যাশিত ভাবেই রাজ্য বিধানসভার পাবলিক অ্যাকাউন্টস কমিটি (পিএসি)-র চেয়ারম্যান হলেন মুকুল রায়। প্রতিবাদে বিজেপি সদস্যরা অধিবেশনকক্ষ ত্যাগ করেন।

ভোটপর্ব মিটতেই, গত ১১ জুন বিজেপি থেকে তৃণমূলে ফিরে আসেন সপুত্র মুকুল। তখনই তাঁকে বড় দায়িত্ব দেওয়া হতে পারে বলে গুঞ্জন শুরু হয়েছিল জোড়াফুল শিবিরেই। সেই সময় অনেকেই জানতেন, মুকুলবাবুর পিএসই-র চেয়ারম্যান হওয়া শুধু ঘোষণার অপেক্ষা।

শুক্রবার বিধানসভার অধিবেশন শেষে তাঁর নাম ঘোষণা করেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়। কিন্তু মুকুলবাবুর নাম ঘোষণা করতেই প্রতিবাদে বিধানসভা থেকে বেরিয়ে যান বিরোধী শিবিরের বিধায়করা। তারপর সাংবাদিক বৈঠক করে ক্ষোভ উগরে দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর অভিযোগ, সাধারণত বিরোধী দল থেকেই পিএসি-র চেয়ারম্যান নিযুক্ত করা হয়। কিন্তু ক্ষমতার জোরে সেই রীতি ভঙ্গ করেছে তৃণমূল। বিজেপি-র কোনও বিধায়ক মুকুল রায়ের নাম প্রস্তাব করেননি। যদিও গোর্খা জনমুক্তি মোর্চা সদস্য, এক জন নির্দল প্রার্থী মুকুলের নাম সুপারিশ করেন। এগরার তৃণমূল বিধায়কও মুকুলের নাম প্রস্তাব করেন। গত ২৩ জুন পিএসি সদস্যপদের জন্য মনোনয়ন জমা দেন মুকুল। শুক্রবার স্পিকার আনুষ্ঠানিক ভাবে তাঁর নিযুক্তির ঘোষণা করেন। স্পিকার জানান, রাজনীতিতে দীর্ঘ দিনের অভিজ্ঞতা মুকুল রায়ের। সংসদেও অভিজ্ঞতা রয়েছে তাঁর। সব কিছু বিবেচনা করে তাই তাঁকেই পিএসি-র চেয়ারম্যান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। হিন্দুস্থান সমাচার/ অশোক

# দলীয় প্রধানের বিরুদ্ধে অনাস্থা পরাজিত তৃণমূলের প্রধান-উপপ্রধান

বাঁকুড়া, ৯ জুলাই (হি. স.) : দলীয় সদস্যদের আনা অনাসা ভোটে পরাজিত গদারডিহি পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান। বড়জোড়া ব্লকের এই পঞ্চায়েতেও ২০১৮ সালে বিরোধী দলকে পার্থী দিতে না দেওয়ায় তৃণমূল বিনা প্রতিদ্বন্দিতায় পঞ্চায়েত দখল করে। ২০১৮ সালে পঞ্চায়েত ভোট করতে না দেওয়ার বিপক্ষে ছিলেন বড়জোড়া ব্লক তৃণমূলের একটি গোষ্ঠী। তথাপিও ভোট না করেই গদারডিহি গ্রাম পঞ্চায়েতের ১২ টি আসনেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হয় তৃণমূল। আর তখন থেকেই গোষ্ঠী কোন্দল লেগেই ছিল এই পঞ্চায়েতে। গোষ্ঠী কোন্দলের মধ্যেই প্রধান নির্বাচিত হন রুপা মুখোপাধ্যায় ও উপপ্রধান হন কৃষ্ণপদ ঘোষ। প্রধান, উপপ্রধান দলের আদর্শ না মেনে এবং পঞ্চায়েতী আইন বহির্ভূত কাজ করছেন এই অভিযোগ তুলে দলেরই ৯ জন সদস্য তাদের বিরুদ্ধে অনাস্থা আনেন। প্রায় একমাস আগেই এই অনাস্থা আনলেও দলের শীর্ষ নেতৃত্ব প্রধান, উপপ্রধানের বিরুদ্ধে ওঠা অভিযোগ ও সমস্যা সমাধানের চেষ্টা করেছিলেন। কিন্তু সেই চেষ্টা বিফল হওয়ায় অনাস্থার পক্ষেই সীলমোহর দেয় দল। সেই মতো বৃহস্পতিবার প্রধানের বিরুদ্ধে এবং শুক্রবার উপ-প্রধানের বিরুদ্ধে ১০ জন করে সদস্য ভোট দেন। অবশ্য এই তলবি সভায় দু''দিনই প্রধান - উপপ্রধান কেউই উপস্থিত ছিলেন না। তাদের বিরুদ্ধে অনাস্থা কেন এই প্রশ্নের জবাবে প্রধান রূপা মুখোপাধ্যায় ও উপপ্রধান কৃষ্ণপদ ঘোষ উভয়ই দলের ব্লক সভাপতি তথা বিধায়ক অলক মুখার্জীর কলকাঠি নাড়ার অভিযোগকে দায়ী করেছেন।। তাদের দাবি অলক মুখার্জির নেতৃত্বেই ওই পঞ্চায়েত সদস্যরা গোষ্ঠীবাজি করে চলেছেন। তাদের অভিযোগ অলক মুখার্জির নেতৃত্বে পঞ্চায়েতে ঠিকাদার রাজ চলছে। এছাড়াও কিছু সদস্য ১০০ দিনের কাজ ও আবাস যোজনার দুর্নীতির সঙ্গে জড়িত হয়ে পড়েছেন। তারই প্রতিবাদ করেছিলাম বলে আমাদের বিরুদ্ধে পরিকল্পিত ভাবে অনাস্থা আনা হয়েছে। বিধায়ক অলক মুখার্জী তার বিরুদ্ধে ওঠা প্রধান, উপপ্রধানের অভিযোগ অস্বীকার করে বলেন, আমি কোনোওদিন গোষ্ঠী নিয়ে রাজনীতি করিনা। সদস্যদের মধ্যে মনোমালিন্য হওয়ায় ১০ জন সদস্য আমার কাছে লিখিত অভিযোগ এনেছিলেন। আমি তা জেলা নেতৃত্বকে পাঠিয়েছিলাম। জেলা নেতৃত্ব আবার রাজ্য নেতৃত্বের কাছে তা পাঠিয়েছিলেন। তারপর দলের শীর্ষ নেতৃত্বের নির্দেশমতো কাজ হয়েছে। এ বিষয়ে বিজেপির বিষ্ণুপুর সাংগঠনিক জেলার সভাপতি সুজিত অগস্থি বলেন, শাসক দলের নেতারা গোটা জেলা জুড়ে প্রতিটি পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদ সব জায়গাতেই ঠিকাদারি রাজ চালাচ্ছেন। এখন ওদের ভাগবাটোয়ারা নিয়ে গন্ডগোলের জেরে এই কেত্তন শুরু হয়েছে।

# হরেকরকম

হরেকরকম
হরেকরকম

## রক সল্ট দিয়ে কাঁচা পেঁয়াজ খেলে সেরে যাচ্ছে করোনা ? বিস্তারিত জানুন



দেশে প্রতিনিয়তই করোনার নতুন রেকর্ড তৈরি হচ্ছে। সোশ্যাল মিডিয়াতেও বিভিন্ন ঘরোয়া প্রতিকারমূলক খাবারের উল্লেখ দেখা যায়। এমনকি এই সমস্ত প্রতিকার প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ও করোনা নিরাময়ে সাহায্য করে বলে উল্লেখ থাকে। কিন্তু প্রশ্ন হলো আসলেই কী তাই করে ?

যদিও আমাদের দেশের রান্নাঘরকে আয়ুর্বেদিক ওষুধের পাউয়ার হাউস বলা হয়। তবে ভাইরাসের তীব্রতায় এই সমস্ত ঘরোয়া প্রতিকারের উপর নির্ভর করা অনুচিত। বর্তমানে সোশ্যাল মিডিয়ায় সর্বাধিক সাম্প্রতিক একটি সংবাদ হলো রক লবণের সাথে কাঁচা পেঁয়াজ খেলে করোনা নিরাময় হয়।

স্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, ঘরোয়া প্রতিকার করোনা প্রতিরোধ করে না। কারণ এই সমস্ত প্রতিকারের কোনো বৈজ্ঞানিক প্রমাণ নেই এবং এতে ভাইরাসও নির্মূল হয় না। বরং সামাজিক দুরত্ব, ডাবল মাস্ক পরা এবং যথাযথ স্যানিটাইজেশন থাকার পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা।

তবে এই মহামারির সময়ে পুষ্টিসমৃদ্ধ এবং ভারসাম্যযুক্ত খাবার খাওয়া উচিত যাতে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। এছাড়াও পর্যাপ্ত পরিমাণে প্রেটিন, দস্তা ভিটামিন এবং খনিজ সমৃদ্ধ খাবার গ্রহন করার পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা।

## মাংস খেলে বারে হার্ট অ্যাটাকের সম্ভাবনা ? বিস্তারিত জানুন

স্ক্যাম্বলড ডিমের সাথে কয়েক টুকরো সসেজ ও সালামিস যোগ করলে খাবারের স্বাদ বাড়িয়ে দেয়। তবে আপনি কি জানেন যে এই সামান্য সংযোজন হৃদরোগের ঝুঁকি বাড়িয়ে দিতে পারে। সাম্প্রতিক গবেষণায় হ্যামিল্টনের বিজ্ঞানীরা কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি এবং প্রক্রিয়াজাত মাংস খাওয়ার মধ্যে একটি সংযোগ লক্ষ্য করেছেন।

একই সমীক্ষায় অপ্রক্রিয়াজাত লাল মাংস বা হাঁস-মুরগির মাংসের সাথে একই লিঙ্কটি খুঁজে পায়নি। পাঁচটি মহাদেশের ২১ টি দেশ থেকে ১,৩৪, ২৯৭ জনের ডায়েট এবং স্বাস্থ্যগত ফলাফল থেকে এই তথ্য পেয়েছেন গবেষকরা। অংশগ্রহণকারীদের প্রায় এক দশক ধরে অনুসরণ করার পরে, গবেষকরা দেখতে পেয়েছেন যে এক সপ্তাহে ১৫০ গ্রাম বা আরও বেশি প্রক্রিয়াজাত মাংস খাওয়ার সাথে যারা জড়িত ছিলো তাদের ৪৬ শতাংশেরও বেশি কার্ডিওভাসকুলার রোগের ঝুঁকি বেশি ছিলো।

ম্যাকমাস্টার বিশ্ববিদ্যালয়ের জনসংখ্যা স্বাস্থ্য গবেষণা ইনস্টিটিউটের (পিএইচআরআই) তদন্তকারী মাহশিদ দেহহান বলেছেন, 'প্রাপ্ত তথ্যের সামগ্রিকতা ইঙ্গিত দেয় যে স্বাস্থ্যকর ডায়েটরি প্যাটার্নের অংশ হিসাবে অল্প পরিমাণে অপ্রসারণীয় মাংস গ্রহণ করা ক্ষতিকারক হওয়ার সম্ভাবনা কম।' অংশগ্রহণকারীদের ডায়েটিভ অভ্যাসের ফ্রিকোয়েন্সি ব্যবহার করে রেকর্ড করা হয়েছিল, অন্যদিকে তাদের মৃত্যুর হার এবং কার্ডিওভাসকুলার রোগের বড় ঘটনা সম্পর্কেও তথ্য সংগ্রহ করা হয়েছিল।



## থার্ড ওয়েভের আগে ৫১ শতাংশ শিশুদের শরীরে কোভিড অ্যান্টিবডি, বলছে সেরো সার্ভে



কমে এসেছে দৈনিক আক্রান্তের সংখ্যা। কিন্তু থার্ড ওয়েভের আশঙ্কাকে এড়িয়ে যাচ্ছেন না বিশেষজ্ঞরা। প্রাথমিক পর্যায়ে বলা হচ্ছিল থার্ড ওয়েভে শিশুদের আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি। কিন্তু সরকারি প্যানেলে জানানো হয়েছে এমন কোনও তথ্যই প্রমাণিত হয়নি, যেখানে বলা হয়েছে শিশুরাই বেশি আক্রান্ত হবে। সম্প্রতি সেই মন্তব্যকেই দৃঢ় করল সেরো সার্ভের রিপোর্ট। ১ থেকে ১৫ এপ্রিলের মধ্যে মুম্বইতে সমীক্ষা চালানো হয়। যাতে দেখা যাচ্ছে, ১৮ বছরের কম বয়সীদের ৫১.১৮ শতাংশের মধ্যেই রয়েছে কোভিড অ্যান্টিবডি। এই সমীক্ষা চালাতে ২,১৭৬ জনের রক্তের নমুনা সংগ্রহ করা হয়।

জানা গিয়েছে, ১০ থেকে ১৪ বছর বয়সীদের শরীরে রয়েছে ৫৩ শতাংশের বেশি অ্যান্টবডি। এছাড়া যাদের বয়স ১৮ -র কম তাঁদের মধ্যে ৫০ শতাংশের বেশি জনের শরীরে রয়েছে করোনাকে রোধ করার অ্যান্টিবডি। মুম্বই কর্পোরেশন গত মার্চ মাসেও সমীক্ষা চালায়। সেই সমীক্ষাতেও দেখা যায়, বাচ্চাদের শরীরে ক্রমশ বাড়ছে অ্যান্টিবডি। সেই সময়তেই অ্যান্টিবডির হার ছিল ৩৯.৪ শতাংশ। সুতরাং, দ্বিতীয় ঢেউয়ে করোনায় আক্রান্ত শিশুদের সংখ্যা যে বেশি ছিল তা প্রমাণ করছে এই তথ্য।

থেকে জানান হয়েছে তৃতীয় ঢেউ আসতে এখনও হাতে রয়েছে ৬ থেকে ৮ মাস। তার আগেই শিশুদের শরীরে অ্যান্টিবডি তৈরি হলে আশঙ্কা অনেকটাই এড়িয়ে যাওয়া সম্ভব হবে। পাশাপাশি যদি বাচ্চাদের ভ্যাকসিনেশন পর্ব শুরু হয়ে যায় তাহলেও খানিকটা উদ্বেগ কম হবে বলে মনে করছেন বিশেষজ্ঞদের একাংশ।

এইমস ও হু-র সমীক্ষাতেও দেখা গিয়েছে, তৃতীয় ঢেউয়ে শিশুদের করোনা আক্রান্ত হওয়ার সম্ভাবনা কম। অধিকাংশ শিশুর দেহে করোনাভাইরাসের অ্যান্টবডি দেখা গিয়েছে।

দেশ, দুনিয়া, রাজ্য, কলকাতা, বিনোদন, খেলা, লাইফস্টাইল স্বাস্থ্য, প্রযুক্তির লেটেস্ট খবর পড়তে ডাউনলোড করুন

হট সামার লুকে একদম তৈরি ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর বান্ধবী জর্জিনা রডরিগেজ

জর্জিনা রডরিগেজ

ট্রেন্ডি ছবি শেয়ার করে সোশ্যাল মিডিয়ায় ঝড় তুললেন পর্তুগিজ ফুটবলের সেনসেশন ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর বান্ধবী জর্জিনা রডরিগেজ । বিশ্বের নামকরা মডেলদের অন্যতম হলেন জর্জিনা। একেবারে নিখাদ ফ্যাশানিয়েস্তা বলতে যা বোঝায় জর্জিনা ঠিক তাইই। ২৭ বছরের তন্বী সুন্দরী খুব ভাল করে জানেন কোন পোশাককে ঠিক কীভাবে ক্যারি করলে আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে ওঠা যায়। কেতাদুরস্ত পোশাক হোক বা সুইম স্যুট, জর্জিনা জানেন যেকোনও আউটফিটেই কীভাবে হট হয়ে ওঠা যায়। এমন হাইফাই মডেলের ইনস্টাগ্রামে ২৪ মিলিয়ন অনুরাগী থাকবে এটাই তো স্বাভাবিক। অনুরাগীদের আকর্ষণ ধরে রাখতে তাই সময় পেলেই নজরকাড়া ছবি শেয়ার করেন ইনস্টা প্রোফাইলে।

সম্প্রতি জর্জিনা তাঁর ইনস্টাগ্রাম প্রোফাইলে একটা সুন্দর ছবি শেয়ার করেছেন। এই ছবিতে তাঁকে সেক্সি বডিকন পরে আছেন জর্জিনা। এই ছবিতেই ইনস্টা কাঁপিয়ে দিয়েছেন তিনি। মাথায় প্রিন্টেড বান্দানা, সঙ্গে নীল রঙের লাক্সারি হ্যান্ডব্যাগ। এবং ট্রেন্ডি কিছু গয়নাও পরেছেন তিনি। পায়ে সাদা রঙের স্পোর্টস শু আলাদাভাবে নজর কেড়ে নিয়েছে। ছবি শেয়ার করে জর্জিনা লিখেছেন, গ্রীষ্মের জন্য তৈরি। একেবারে গরমের লুকস কেমন হবে তা ঠিক করে দিয়েছেন তিনি। ছবিতে প্রাইভেট জেটও দেখা যাচ্ছে।

## গর্ভবতীদের জন্য কতটা নিরাপদ করোনার টিকা ! নয়া গাইডলাইন জারি করল কেন্দ্র



আজকাল ওয়েবডেস্ক: কয়েকদিন আগেই কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের তরফ থেকে ঘোষণা করা হয়েছে, গর্ভবতীরাও করোনার টিকা নিতে পারবেন নির্দ্বিধায়। কেন্দ্র আশ্বস্ত করে জানায়, পার্শ প্রতিক্রিয়া সাময়িক হলেও, তৃতীয় তরঙ্গের আগেই দেশে গর্ভবতী এবং সদ্য মা হয়েছেন সকলেই টিকা নিতে পারবেন।

কিন্তু দেশজুড়ে হাতেগোনা কয়েকজনের পার্শ প্রতিক্রিয়া গুরুতর হওয়ার খবর পড়তেই, এখন ত্রস্ত সন্তানসম্ভবারাও। সেই কারণে নয়া নির্দেশের পাশাপাশি, গাইডলাইনও জারি করল কেন্দ্র। কেন্দ্রের তরফে ঘোষণা করা হয়েছে, ''সাধারণ মানুষের মতোই করোনা টিকা নিয়ে সুরক্ষিত থাকবেন গর্ভবতীরাও। ভারতে যে সমস্ত টিকা দেওয়া হচ্ছে, সবগুলোই করোনা ভাইরাসের সংক্রমণ রুখতে সক্ষম। সাময়িক কিছু পার্শ প্রতিক্রিয়া থাকলেও, সার্বিকভাবেই ভাইরাসের বিরুদ্ধে শরীরকে বাঁচাতে সক্ষম এই টিকা।'' সঙ্গে আরও জানান হয়েছে, ''যেকোনও ওষুধের মতো টিকারও পার্শ প্রতিক্রিয়া থাকবে। প্রাথমিকভাবে ইনজেকশনের পরে হাতে সামান্য ব্যথা অনুভব করতে পারেন, এবং জ্বর থাকতে পারে। ৩ দিনের মধ্যে সেটা কমেও যেতে পারে। টিকা ভ্রূণ বা সন্তানের কোনও ক্ষতি করবে কি না, সেই নিয়ে এখনও কোনও সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। ভ্যাকসিনের পর পার্শ প্রতিক্রিয়া গুরুতর হলে অবশ্যই হাসপাতালে চিকিতসাধীন থাকতে হবে।''

সদ্য মা হওয়ার পর কোভিড আক্রান্তদের সুস্থতার হার কতটা! কেন্দ্রের তরফে জানান হয়েছে, ''কোলেস্টেরল, হাই ব্লাড সুগার, প্রেসার, ওবেসিটি এবং ৩৫-র ঊর্ধ্বে সদ্য মা হওয়ার পর কোভিডে আক্রান্ত হলে, হাসপাতালে চিকিতসাধীন থাকা উচিত। যদিও বেশিরভাগ ক্ষেত্রেই ৯০ শতাংশ সুস্থ হয়ে উঠছেন। অনেকক্ষেত্রে হাসপাতালেও ভর্তি হতে হচ্ছে না অনেকের।''

কোভিড আক্রান্ত মায়েদের সন্তান কি সম্পূর্ণ সুস্থ হয়? কেন্দ্রের নির্দেশিকা অনুযায়ী, ''৯৫ শতাংশ ক্ষেত্রে মা কোভিডে আক্রান্ত হলেও সদ্যোজাতর উপরে কোনও প্রভাব পড়ে না। তবে কোনও কোনও ক্ষেত্রে স্ট্রেস থেকে সম্ভাব্য সময়ের আগে সন্তানের ডেলিভারি করছেন মায়েরা। যাদের ওজন ২.৫ কেজির আশেপাশেই থাকছে। তবে খুব সামান্য ক্ষেত্রে দেখা যাচ্ছে, মৃত্যুও হচ্ছে সদ্যোজাতর।'' গর্ভবতী অবস্থায় কোভিডে আক্রান্ত হলে, সন্তানের জন্ম দেওয়ার পরেই টিকা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে কেন্দ্রের তরফে।

## ভাত রান্নার নতুন পদ্ধতি শিখলে কমবে ডায়াবেটিস

ভাতে ক্যালোরির পরিমাণ বেশি থাকায় যাদের ডায়াবেটিসের ঝুঁকি রয়েছে অথবা যারা ডায়াবেটিসে আক্রান্ত তাদেরকে ডাক্তাররা সবসময় ভাত কম খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন। এ নিয়ে অনেকেই শঙ্কায় থাকেন ভাত কি পরিমাণ খাবেন তা নিয়ে।

কিন্তু শ্রীলংকার বিজ্ঞানীরা ভাত রান্নার এক নতুন পদ্ধতি আবিষ্কার করেছেন। রান্নার এই পদ্ধতিতে ভাতে ক্যালরির পরিমাণ কমিয়ে ডায়াবেটিসের ঝুঁকি হ্রাস করা সম্ভব। পৃথিবীর কোটি কোটি মানুষের প্রধান খাদ্য ভাত। কিন্তু যারা ভাত খান তাদের মধ্যে ডায়াবেটিস আক্রান্ত হবার ঝুঁকি বেশি থাকে। কারণ বিজ্ঞানীরা বলেন, বিশেষ করে সাদা ভাতে যে ক্যালরি পাওয়া যায়, তা দেহে শর্করা এবং মেদের পরিমাণ বাড়িয়ে থাকে। বিজ্ঞানীদের মতে, এরকম এককাপ ভাতে প্রায় ২০০ ক্যালরি পাওয়া যায়। শ্রীলংকার দুজন বিজ্ঞানী সুদাহির জেমস এবং ড় পুষ্পরাজা তাবরাজা সেদেশের কলেজ অব কেমিক্যাল সায়েন্সে এই গবেষণাটি করেছেন। গবেষণা শেষে তারা বলছেন, এই নতুন পদ্ধতিতে ভাত রান্না করা হলে এর ক্যালরির পরিমাণ অর্ধেক কমিয়ে আনা সম্ভব।

সম্প্রতি আমেরিকান কেমিক্যাল সোসাইটির জাতীয় সভায় তারা এই গবেষণার প্রাথমিক ফল প্রকাশ করেন। কি সেই পদ্ধতি? গবেষক সুদাহির জেমস বলছেন, ''প্রথমে পাত্রে জল ফোটাতে হবে, এরপর তাতে যে পরিমাণ চাল রান্না করবেন তার প্রায় তিন শতাংশ পরিমাণ নারকেল তেল দিতে হবে। এরপর সেই ফুটন্ত জলেতে চাল ঢেলে দিতে হবে। ভাত হয়ে গেলে তা ফ্রিজে ১২ ঘন্টা রেখে ঠান্ডা করতে হবে।'' ড় পুষ্পরাজা বলেন, নারকেল তেল দিয়ে ভাত রান্না এবং তারপর তা ১২ ঘন্টা ধরে ঠান্ডা করার ফলে ভাতের ভেতর যে স্টার্চ বা শ্বেতসার আছে - তার রাসায়নিক প্রকৃতি বদলে যায় এবং তার ক্যালরির পরিমাণ কমিয়ে দেয়। তিনি আরও বলেন, ক্যালরির পরিমাণ কমে যাওয়া মানেই সেই ভাতের ডায়াবেটিসের ঝুঁকিও কমে যাওয়া। তারা এ পর্যন্ত শ্রীলংকার ৩৮ প্রজাতির চাল নিয়ে এ পরীক্ষা চালিয়েছেন। এখন তাদের লক্ষ্য বাকি প্রজাতির চালের ওপর এই পরীক্ষা চালানো এবং নারকেল তেল ছাড়া অন্য তেল দিয়েও এই সুফল পাওয়া সম্ভব কিনা তাও বের করা।

## গ্যাস-অম্বল ওষুধ ছাড়াই দূর করুন !কিভাবে



সারাদিন খাওয়া-দাওয়ায় অনিয়ম, কাজের চাপে হাতের যা পাওয়া যায় তা দিয়ে ক্ষুধা নিবারণ, রাস্তার ফাস্টফুডে খাওয়ার অভ্যাস- এসবই ডেকে আনছে গ্যাসট্রিক বা অম্বল।

এই সমস্যায় অনেকেই নিয়মিত হজমের ওষুধ খান। বুক জ্বালা, চেঁয়া বা ঢেকুর এতে পুরোপুরি না কমলে ওষুধের উপর নির্ভরশীল হয়ে পড়েন। কেউ কেউ ঘরোয়া উপায়ে তা কমানোর চেষ্টা করেন। তবে ওষুধ বা অন্য কিছুতে ভরসা না করে প্রতিদিনের খাবারে রাখুন এমন কিছু উপাদান, যা আপনাকে আরাম দেবে আবার অম্বলের সমস্যাও দূর করবে। কী সেসব উপাদান? এবার তা বিস্তারিত জেনে নিন-

* ক্যালশিয়াম শরীরের অম্ল শুষে নিতে অনেকটা সাহায্য করে। তাই গ্যাস-অম্বলের সমস্যায় ঠান্ডা দুধ পান করুন। গরম দুধ অনেক সময় গ্যাসের সমস্যা বাড়ায়। তাই দুধ ঠান্ডা হলে সেই সমস্যা তো থাকেই না বরং গ্যাসট্রিকের ব্যথাও কমিয়ে দিতে পারে।

* কলা তার পটাশিয়ামের সাহায্যে গ্যাস-অম্বল কমাতে পারে। প্রতিদিন ফ্রুট সালাডে রাখুন কলা। ব্রেকফাস্টেও রাখতে পারেন এই কলা।

* ডাবের জলের পটাশিয়াম ও সোডিয়াম গ্যাস-অম্বলের সমস্যা কাটাতে পারে। চিকিতসকদের মতে, প্রতিদিন সকালে বা দুপুরে খাওয়ার পর একটা ডাবের জল খেলে এর ক্ষারীয় ভাব হজম সমস্যাকে দূরে রাখে, তেমনি পেটও ঠাণ্ডা রাখে।

* যারা এই সমস্যায় ভোগেন তারা জোয়ানের ওপর ভরসা রাখতে পারেন। কারণ জোয়ান হজমে সাহায্য করে। তাই সারা রাত জলে ভিজিয়ে রাখুন জোয়ান। সকালে সেই জল ছেঁকে হালকা গরম করে খেয়ে নিন।

* আদা ফোটানো জল বা আদার রস হজমে সাহায্য করে। তাই আদার সঙ্গে জোয়ান যোগ করলে ফল ভাল মেলে। জোয়ান ও আদা কুচি সারারাত জলে ভিজিয়ে রেখে সকালে সেই জল ফুটিয়ে ঠাণ্ডা করে খেলে আরাম পাবেন।

* হজমের সমস্যা দূর করে জিরা। জিরা ভেজে গুঁড়ো করে নিন। এবার সেই জিরেগুঁড়া এক গ্লাসে জলে গুলে নিন। সেই পানীয় খেতে পারেন খাওয়া-দাওয়ার পর।

* খাওয়া-দাওয়ার পর মৌরি খান অনেকেই। কেবল মশলার ঘ্রাণে মৌরি এগিয়ে এমনই নয়, গ্যাসের সমস্যা সমাধানেও এই মশলা বিশেষ কার্যকর। সারারাত মৌরি ভিজিয়ে রাখুন জলে। খাওয়া-দাওয়ার দশ মিনিট পর সেই জল ছেঁকে খেতে পারেন।

* দু''-তিনটা লবঙ্গ চিবিয়ে খান। প্রতিদিন খাওয়া-দাওয়ার পর এই অভ্যাস গ্যাস-অম্বলের সমস্যার দূর করতে সাহায্য করবে।

* এক কাপ জলে আধা চামচ দারচিনি গুঁড়া মিলিয়ে ফুটিয়ে নিন। এরপর ঠাণ্ডা করে খান। দারচিনির অ্যান্টিঅক্সিড্যান্ট গ্যাস-অম্বলকে দূরে রাখে।

### মেটারনিটি পোশাক নিলাম করার সিদ্ধান্ত অনুষ্কার

করোনাকালে সাধারণকে সজাগ ও সচেতনতার বার্তা দেওয়া, বা প্রেগন্যান্সিতে যোগার গুরুত্ব, সবেতেই নিজসবার ছাপ রেখে গিয়েছেন বিরাট কোহলি ও অনুষ্কা শর্মা। অন্তঃসত্ত্বা অবস্থায় সোশ্যাল মিডিয়ায় নানা মুডের ছবি দুজনেই শেয়ার করেছিলেন।

বলিউড ও ভারতীয় ক্রিকেট মহলে তাঁদের দুজনকে নিয়ে সবচেয়ে বেশি আলোচিত বিষয় ছিল বিরুষ্কার প্রথম সন্তানের খবরাখবর নিয়ে। চলতি বছরের জানুয়ারি মাসেই তাঁদের কন্যা সন্তানের জন্ম হয়। ভামিকা। করোনাকালে অসুস্থ শিশুর চিকিতার খরচ তোলার জন্য সোশ্যাল মিডিয়ায় ফান্ড তৈরি করে বিশেষ ভূমিকা পালন করেছিলেন। সম্প্রতি, মাতৃত্বকালীন পোশাক বিক্রির সিদ্ধান্ত নিয়ে ফের এক বার সামাজিক দায়বদ্ধতার পরিচয় দিলেন অনুষ্কা শর্মা।

## মেরুদণ্ডের ক্ষতি করছে এই ১০ টি অভ্যাস !

মেরুদণ্ড আমাদের শরীরের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঙ্গ। মেরুদণ্ডে কোনও রকম সমস্যা থাকলে ওঠা, বসা, দাঁড়ানো- সব কিছুতেই সমস্যা হয়। এই অঙ্গটির গুরুতর সমস্যা হলে তা মানুষকে পঙ্গু পর্যন্ত করে দিতে পারে।

এবার আসুন জেনে নেওয়া যাক কয়েকটি অভ্যাস সম্পর্কে যেগুলো অজান্তেই আমাদের মেরুদণ্ডের ক্ষতি করছে.

১) আপনি কি সারা দিন এক জায়গায় বসে কাজ করেন? দীর্ঘদিন, ঘণ্টার পর ঘণ্টা এভাবে কাজ করলে মেরুদণ্ডের সমস্যা হতে পারে।

২) দীর্ঘদিন মাত্রাতিরিক্ত কাজ করে যান, কিন্তু পর্যাপ্ত বিশ্রাম নেন না। সে ক্ষেত্রে মেরুদণ্ডের সমস্যা হতে পারে।

৩) খুব ভারি ব্যাগ (যেমন, ল্যাপটপ ব্যাগ, বইয়ের ব্যাগ) নিয়মিত পিঠে নিলে কাঁধে আর পিঠে অতিরিক্ত চাপ পড়ে মেরুদণ্ডে সমস্যা দেখা দিতে পারে।

৪) পর্যাপ্ত বিশ্রামের অভাবে যেমন শিরদাঁড়ার সমস্যা হতে পারে, তেমনই অতিরিক্ত বিশ্রাম, আলস্যের ফলেও মেরুদণ্ডের সমস্যা হতে পারে।

৫) ঘুমানোর সময় অনেকেই অদ্ভুত ভঙ্গিতে শুয়ে থাকেন। অস্বাভাবিক ভঙ্গিতে পিঠ, কোমর বেঁকিয়ে শোওয়ার অভ্যাস মেরুদণ্ডের ক্ষতি করে।


৬) নিয়মিত হাই হিল পরার অভ্যাস বা শক্ত জুতা পরার অভ্যাস মেরুদণ্ডে অস্বাভাবিক চাপ সৃষ্টি করে। এর থেকে পরবর্তীকালে মেরুদণ্ডে মারাত্মক সমস্যা হতে পারে।

৭) দীর্ঘক্ষণ ঝুঁকে বসে মোবাইলে চ্যাট বা ল্যাপটপে ব্যাস্ত থাকলে মেরুদণ্ডে অতিরিক্ত চাপ পড়ে। পরবর্তীকালে এর ফলে মেরুদণ্ডে মারাত্মক সমস্যা হতে পারে।

৮) দীর্ঘ সময় ধরে গাড়ি বা বাইকে ড্রাইভ করলে মেরুদণ্ডের সমস্যা হতে পারে।

৯) আচমকা খুব ভারী কোনও জিনিস তোলার চেষ্টায় টান পড়ে মেরুদণ্ডে চোট লাগতে পারে।

১০) খুব শক্ত, অসমান বিছানায় দীর্ঘদিন ধরে শোয়ে থাকলে মেরুদণ্ডের সমস্যা হতে পারে।



## লিভার সুস্থ রাখুন কৌশলেই

যকৃত বা লিভার আমাদের শরীরের ক্ষতিকর পদার্থ ছেঁকে বের করে দেয়। কিন্তু এই লিভার যদি তার



স্বাভাবিক কর্মক্ষমতা হারায় তাহলে শরীরে জমে যাওয়া ক্ষতিকর পদার্থ শরীরেই থেকে যাবে। ফলে শরীরের অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ একে একে বিকল হতে শুরু করে। তাই লিভার সুস্থ রাখা অত্যন্ত জরুরী।

এবার আসুন জেনে নেওয়া যাক লিভার সুস্থ্য রাখার ৪ কৌশল সম্পর্কে:

১) যকৃত বা লিভার সুস্থ রাখতে পর্যাপ্ত জল পান করুন। দিনে অন্তত ৭-৮ গ্লাস (২.৫ লিটার থেকে ৩ লিটার) জল পানের অভ্যাস গড়ে তুলুন। আমাদের শরীরের প্রায় ৭০ শতাংশই হল জল। এই জলই শরীরের বিষাক্ত পদার্থ ছেঁকে বের করতে সাহায্য করে।

২) বিশেষজ্ঞদের মতে, অন্যান্য খাবারের তুলনায় হালকা গরম জলে লেবুর রস মিশিয়ে খেতে পারলে তা যকৃত বা লিভারে অনেক বেশি উতেচক (এনজাইম) উতপাদনে সহায়তা করে। এ ছাড়াও ভিটামিন সি ''গ্লুটেথিয়ন'' নামের যে এনজাইম উতপন্ন করে, তা লিভারের ক্ষতিকর পদার্থ দূর করে।

৩) রসুনে রয়েছে সালফারের উপাদান যা লিভারের এনজাইমের কার্যকারীতা বাড়াতে সাহায্য করে। এ ছাড়াও রসুনে রয়েছে অ্যালিসিন ও সেলেনিয়াম যা লিভার পরিশুদ্ধ করার পাশাপাশি তার সুস্থতা নিশ্চিত করে। তাই প্রতিদিন অন্তত এক কোয়া রসুন খাওয়ার অভ্যাস করুন।




**কেন্দ্রীয় মন্ত্রীসভায় ওবিসি সম্প্রদায়ের ২০ জনকে অন্তর্ভুক্ত করায় আগরতলায় ওবিসি মোর্চার অভিনন্দন র‍্যালি। ছবি ঃ নিজস্ব**

# আম পাঠানোয় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে ভারতের প্রধানমন্ত্রী মোদির চিঠি

**মনির হোসেন,ঢাকা, ০৯ জুলাই।।** উপহারের আম পাঠানোয় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়ে চিঠি দিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ভারতের প্রধানমন্ত্রীর দপ্তর থেকে পাঠানো চিঠিতে নরেন্দ্র মোদি শেখ হাসিনার উদ্দেশে বলেছেন, বাংলাদেশ থেকে আম পাঠানোর সৌজন্যতা আমাকে ছুঁয়ে গেছে। এ ঘটনা সাম্প্রতিক ঢাকা সফরে আমাকে যে অসাধারণ আতিথেয়তা দেওয়া হয়েছে, সেটিই স্মরণ করিয়ে দিল আরেকবার।

চিঠিতে আরও বলা হয়, কোভিড-১৯ মহামারির প্রতিবন্ধকতা সত্ত্বেও দুই দেশের মধ্যকার সহযোগিতাপূর্ণ সম্পর্ক দ্বিপক্ষীয় সম্পর্ককে আরও সমুন্নত করেছে। করোনা বাধা সত্ত্বেও আমাদের দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো এবং উদ্যোগগুলো এগোচ্ছে, যা সুখকর বিষয়। দুই দেশের পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো সামনের দিকে এগিয়ে নিতে আমরা অঙ্গীকারাবদ্ধ।

এর আগে ৪ জুলাই বেনাপোল স্থলবন্দর দিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের জন্য হাঁড়িভাঙা আম দুই হাজার ৬০০ কেজি উপহার হিসেবে পাঠান প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

# বাংলাদেশি তরুণীকে গণধর্ষণ: ৫ সপ্তাহে তদন্ত শেষ করল ভারতীয় পুলিশ

**মনির হোসেন,ঢাকা, ০৯ জুলাই।।** ভারতে বাংলাদেশি এক তরুণীকে যৌন নির্যাতন ও গণধর্ষণের মামলার তদন্ত ৫ সপ্তাহের মধ্যেই শেষ করেছে বেঙ্গালুরুর পুলিশ। তদন্ত শেষ করে আদালতে এক হাজার ১৯ পৃষ্ঠার অভিযোগপত্রও দাখিল করেছে আইনশৃঙ্খলা বাহিনী। এতে তদন্তকারী পুলিশ কর্মকর্তাদের প্রশংসা করে ১ লাখ রুপি পুরস্কার ঘোষণা করেন বেঙ্গারুরুর পুলিশ কমিশনার কমল পন্থ।

ভারতীয় সংবাদ মাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে জানিয়েছে, ২২ বছর বয়সী ওই তরুণীকে যৌন নির্যাতনের পর ভিডিও ধারণের ঘটনায় ১২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এদের মধ্যে ১১ জনই বাংলাদেশি। আর গ্রেফতার ১২ জনের মধ্যে দুইজন নারীও রয়েছেন। তবে তাদের বিস্তারিত জানানো হয়নি।

সিরিজ টুইটে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেন বেঙ্গালুরুর পুলিশ কমিশনার কমল পন্থ। তিনি বলেন, মাত্র পাঁচ সপ্তাহের মধ্যে তদন্ত শেষ করা হয়েছে এবং আদালতে অভিযোগপত্রও দাখিল করা হয়েছে। এসময় তদন্ত দ্রুত শেষ করে আদালতে অভিযোগপত্র দাখিলের জন্য তদন্তকারী দলের প্রশংসা করেছেন পন্থ। তদন্তকারী দলের জন্য ১ লাখ রুপি পুরস্কার অনুমোদন দেওয়ার কথাও জানান বেঙ্গালুরুর পুলিশ কমিশনার। উল্লেখ্য, গত মে মাসে নির্যাতনের শিকার হয় বাংলাদেশের ওই তরুণী। এই ঘটনার ভিডিও সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে। তখন বলা হয়, ২২ বছর বয়সী ওই তরুণীকে নির্যাতনের পর গণধর্ষণও করা হয়েছিল।

# ভয় দেখিয়ে লাভ নেই, দেহরক্ষী-কাণ্ডে তোপ শুভেন্দু অধিকারীর

কলকাতা, ৯ জুলাই (হি. স.) : আড়াই বছর আগে তাঁর দেহরক্ষীর মৃত্যুর ঘটনা নিয়ে দু'দিন আগে কাঁথি থানায় দায়ের হয়েছে অভিযোগ। তা নিয়ে তদন্তেও নেমেছে পুলিশ। শুক্রবার সন্ধ্যায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সাংবাদিক বৈঠকে দাবি করলেন, রাজনৈতিক প্রতিহিংসার কারণেই এই পদক্ষেপ।

২০১৮ সালের ১৩ অক্টোবর সকাল ১১টা নাগাদ কাঁথির পুলিশ ব্যারাকে মাথায় গুলি লেগে গুরুতর জখম হন তৎকালীন মন্ত্রী শুভেন্দুর দেহরক্ষী শুভব্রত চক্রবর্তী ওরফে বাপি। পরদিন তাঁর মৃত্যু হয়। বুধবার রাতে শুভব্রতের স্ত্রী সুপর্ণা স্বামীর মৃত্যুর তদন্ত চেয়ে কাঁথি থানায় অভিযোগ দায়ের করেন। সুপর্ণার অভিযোগ পেয়ে কাঁথি থানায় ৩০২ এবং ১২০বি ধারায় এফআইআর দায়ের হয়।

ওই ঘটনার আড়াই বছর পর কেন এই তৎপরতা, সে প্রশ্নও তুলেছেন তিনি। শুভেন্দুবাবুর মন্তব্য, “এ সব ভয় দেখিয়ে, পুলিশ দেখিয়ে লাভ নেই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলে দিন, নন্দীগ্রামে তাঁকে হারিয়েছি তাই কয়েক মাস জেলে যেতে হবে। আমি সেই নির্দেশ আমি মেনে নেব। উনি (মমতা) আমার চেয়ে বয়সে বড়, তাই বললাম।”

শুভঙ্করের পরিবারের ঘনিষ্ঠ তথা মহিষাদলের তৃণমূল বিধায়ক তিলক চক্রবর্তী শুক্রবার ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি তোলেন। পাশাপাশি, তিনি ইঙ্গিত দেন সে সময় শুভেন্দুর নির্দেশেই ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা হয়েছিল। তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ টুইট করে সুপর্ণার অভিযোগপত্রের প্রতিলিপি দিয়ে জানান, শুভেন্দু ঘনিষ্ঠ রাখাল বেরার নাম নাম রয়েছে তাতে। কেন ঘটনার আড়াই বছর পরে শুভঙ্করের স্ত্রী থানায় অভিযোগ জানালেন সে প্রশ্ন তুলে শুভেন্দুবাবুর দাবি, দেহের ময়নাতদন্তের রিপোর্ট জমা পড়ার পরে তদন্ত শেষ হয়ে গিয়েছে। এমনকি, ইতিমধ্যে মৃতের পরিবার জীবনবিমার টাকাও তুলে নিয়েছে। এদিকে, স্কুল শিক্ষিকা সুপর্ণা তাঁর অভিযোগপত্রে দেরিতে সক্রিয় হওয়ার ব্যাখ্যাও দিয়েছেন। তিনি অভিযোগপত্রে লিখেছেন, “সেই সময় শুভেন্দু অধিকারী জেলায় ও রাজ্যে একজন শক্তিশালী ব্যক্তি ছিলেন। তাই ওঁর বিরুদ্ধে মুখ খুলতে ভয় পাই। দু'মেয়েকে নিয়ে থাকি। তাই কাউকে কিছু বলে উঠতে পারিনি। কিন্তু এখন পরিস্থিতির পরিবর্তন ঘটায় বিচার পেলেও পেতে পারি।’

# ফের কলকাতা পুলিশের বিশেষ তদন্তকারী দলের হেফাজতে দেবাঞ্জন দেব

কলকাতা, ৯ জুলাই (হি.স.) : ভুয়ো ভ্যাকসিন কান্ডের মূল পান্ডা দেবাঞ্জন দেব ফের পুলিশি হেফাজতে। শুক্রবার আবারও দেবাঞ্জন দেব সহ ৯ জনকে নিজেদের হেফাজতে নিল কলকাতা পুলিশের বিশেষ তদন্তকারী দল। ভুয়ো ভ্যাকসিনকাণ্ডে দেবাঞ্জন দেবের ২৩শে জুলাই পর্যন্ত পুলিশি হেফাজত। অন্যদিকে ভুয়ো ভ্যাকসিনকাণ্ডে বাকি ধৃতদের ১৬ই জুলাই পর্যন্ত পুলিশি হেফাজতের নির্দেশ দিল নগর দায়রা আদালত। শুক্রবার নগর দায়রা আদালতে পেশ করে অভিযুক্তদের হেফাজতে চান তদন্তকারীরা। জানা গিয়েছে, আমহার্স্ট স্ট্রিট সিটি কলেজে ভুয়ো ভ্যাকসিনেশন মামলার তদন্তে জিজ্ঞাসাবাদের জন্য তাঁদের হেফাজতে নিয়েছেন গোয়েন্দারা।

প্রসঙ্গত, গতকাল বৃহস্পতিবার দেবাঞ্জন দেবকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠায় আদালত। শুক্রবার আবারও ভুয়ো ভ্যাকসিন কান্ডের মূল পান্ডা দেবাঞ্জন দেবের হেফাজত দাবি করে আদালতে আবেদন জানায় সিট। এই বিষয়ে সিট-র তদন্তকারীরা জানান, সিটি কলেজের শিবির নিয়ে একাধিক তথ্য এখনো জানা বাকি রয়েছে তাঁদের। সেজন্যই দেবাঞ্জন ও ওই শিবিরের সঙ্গে যুক্ত অন্যদের জেরা করা প্রয়োজন।

এর পাশাপাশি তাঁরা আরও জানান, ভুয়ো ভ্যাকসিনেশন ক্যাম্পের আয়োজন করে সাধারণ মানুষের জীবন নিয়ে কার্যত ছিনিমিনি খেলেছেন অভিযুক্তরা। তাই এদের প্রতি কোনও দয়া প্রদর্শন করা উচিত নয় আদালতের। আর তাই আবেদন জানান তাঁরা। তদন্তকারীদের আবেদন গ্রহণ করে অন্য অভিযুক্তদের ১৬ জুলাই পর্যন্ত এবং দেবাঞ্জন দেবের ২৩ জুলাই পর্যন্ত আবারও পুলিশি হেফাজতের নির্দেশ দিল নগর দায়রা আদালত।

অন্যদিকে, ইতিমধ্যেই ভুয়ো ভ্যাকসিনকাণ্ডে তদন্ত শুরু করল ইডি। আগামী সপ্তাহে দেবাঞ্জন দেবকে হেফাজতে নেওয়ার আবেদন জানাবে ইডি বলে ইডি সূত্রে খবর।

## ওনাম উপলক্ষ্যে কেরলবাসীর জন্য বিশেষ রেশনের ঘোষণা বিজয়নের

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : সামনেই ওনাম উতব। গত বছরের মত এবারও করোনা অতিমারী আবহে ওনাম ধুমধাম করে হয়তো পালন করা যাবে না। তবে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ওনাম উদযাপনে রাজ্য সরকার সাহায্য করবে। কেরলবাসীকে বিশেষ খাদ্যের কিট বিলি করবে সরকার। শুক্রবার কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন টুইট করে ঘোষণা করেছেন, ওনাম কেরলের সবচেয়ে জনপ্রিয় উতব। আমরা সব কেরলবাসীকে বিশেষ খাদ্যের কিট বিলি করব যাতে সকলে উতব পালন করতে পারেন। ৯০ লাখের ওপর রেশন কার্ডধারী এর ফলে উপকৃত হবেন। অতিমারীর ফলে আর্থিক ক্ষেত্রে যেসব চ্যালেঞ্জ মাথাচাড়া দিয়েছে, তা যেন আমাদের রাজ্যবাসীর উতবের আনন্দ মাটি করে দিতে না পারে। প্রসঙ্গত, অতিমারীর সময় রাজ্যবাসীকে, এমনকী বাইরের রাজ্য থেকে কর্মসূত্রে কেরলে যাওয়া পরিযায়ী শ্রমিকদেরও থাকা, খাওয়ার সংস্থান করেছে বিজয়ন সরকার, যা সারা দেশের নজর কেড়েছে।

## ট্যুরিস্ট স্পটগুলিতে” কোভিড বিধি শিঁকেয়, উদ্বেগে কেন্দ্র

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : করোনার দ্বিতীয় ঢেউ এখনও কাটেনি। ফলে গোটা দেশ ধরে লাগু রয়েছে কোভিড বিধি। কোভিড বিধি লাগু থাকা সত্ত্বেও, মানুষ যেভাবে তা অমান্য করছেন, তা নিয়ে চিন্তায় প্রশাসন। বিশেষ করে বেশ কিছু ”ট্যুরিস্ট স্পটে” মানুষ করোনা বিধি শিঁকেয় তুলে দিয়ে বাইরে বের হচ্ছেন। মাস্ক পরা তো দূরে থাক, দূরত্ব বিধি ও লাটে উঠছে। ফলে বিষয়টি নিয়ে চিন্তিত কেন্দ্রীয় সরকার। করোনার মধ্যে যাতে কোনওভাবেই কোভিড বিধি না ভাঙা হয়, সে বিষয়ে বার বার সতর্ক করা হচ্ছে সাধারণ মানুষকে। বাজার থেকে শুরু করে বেড়ানোর জায়গা, যেখানে কোভিড বিধি মানা হবে না, তাকে গুরুতর অপরাধ হিসেব গণ্য করা হবে। মাস্ক না পরে, দূরত্ব বিধি বজায় না রেখে, বাইরে বের হওয়া যাবে না। এমনই জানাল নীতি আয়োগ।

নীতি আয়োগের ডক্টর ভি কে পাল শুক্রবার একটি সাংবাদিক সম্মেলন করেন। সেখানে তিনি বলেন, ট্যুরিস্ট স্পটগুলিতে যেভাবে মানুষের ভিড় বাড়ছে, তা নিয়ে চিন্তায় সরকার। মন্ত্রিসভার বৈঠকেও বিষয়টি উত্থাপন করা হয়েছে বলে জানান ভি কে পাল। কোভিড বিধি মানুষ যাতে ভাঙতে না পারেন, তার জন্য স্থানীয় প্রশাসনকে সচেষ্ট থাকতে হবে। নজরদারি চালাতে হবে বলেও জানান বি কে পাল। এসবের পাশাপাশি তিনি আরও বলেন, অন্তঃসত্ত্বা মহিলাদের টিকা নিতে হবে শিগগিরিই। অন্তঃসত্ত্বারা যাতে কোনওভাবে টিকাকরণ থেকে বঞ্চিত না হন, সেদিকেও নজর দিতে হবে বলে জানান ভি কে পাল।

## বাংলাদেশে করোনায় দীর্ঘ হচ্ছে মৃত্যু মিছিল, গত ২৪ ঘন্টায় প্রাণ হারিয়েছেন ২১২ জন

ঢাকা, ৯ জুলাই (হি. স.) : করোনার দ্বিতীয় ঢেউয়ে লণ্ডভণ্ড বাংলাদেশ। দীর্ঘ হচ্ছে মৃত্যু মিছিল। অতীতের সব রেকর্ড ভেঙে দিয়ে গত ২৪ ঘন্টায় দেশে মারণ ভাইরাসে প্রাণ হারিয়েছেন ২১২ জন। এটাই একদিনে সর্বোচ্চ মৃত্যু। এখনও পর্যন্ত করোনার ছোবলে প্রাণ হারিয়েছেন ১৬ হাজার ৪ জন। শুক্রবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের পক্ষ থেকে প্রকাশিত দৈনিক করোনা বুলেটিনে জানানো হয়েছে, ‘গত ২৪ ঘন্টায় দেশজুড়ে ৩৬ হাজার ৫৮৬টি নমুনা পরীক্ষা করা হয়েছে। নয়া নমুনা পরীক্ষায় আরও ১১ হাজার ৩২৪ জনের শরীরে মারণ ভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে। যার ফলে করোনায় মোট আক্রান্তের সংখ্যা ১০ লক্ষের গণ্ডি ছাড়িয়েছে। এ নিয়ে দেশে আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১০ লাখ ৫৪৩ জনে। নয়া নমুনা পরীক্ষার তুলনায় শনাক্তের হার অর্থাৎ পজিটিভিটি রেট দাঁড়িয়েছে ৩০ দশমিক ৯৫ শতাংশে। পাশাপাশি গত ২৪ ঘন্টায় করোনার ছোবলে প্রাণ হারিয়েছেন ২১২ জন। এদিকে ফরিদপুরের কোভিড হাসপাতালে অক্সিজেন সরবরাহে বিঘ্ন ঘটায় মাত্র ১০ মিনিটের মধ্যেই হাসপাতালের আইসিইউতে ভর্তি থাকা ৪ রোগী মৃত্যুর কোলে ঢলে পড়েছেন। ঘটনা নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন।

## পশ্চিমবঙ্গে একদিনে করোনা আক্রান্ত ৯৯০ জন

কলকাতা, ৯ জুলাই ( হি. স.): রাজ্যবাসীকে কিছুটা স্বস্তি দিয়ে ধীরে ধীরে নামছে করণা আক্রান্তের সংখ্যা। গত কয়েকদিন ধরেই আক্রান্তের সংখ্যা রয়েছে ১০০০-এর নিচে। গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত ৯৯০। শুক্রবার এমনটাই খবর স্বাস্থ্য দফতরের তরফে প্রকাশিত বুলেটিন সূত্রে।

স্বাস্থ্য দফতরের বুলেটিন সূত্রে খবর, গত ২৪ ঘন্টায় করোনা আক্রান্ত হয়েছেন ৯৯০ জন। যার জেরে মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়ে ১৫,১০,২০৮। করোনা আক্রান্ত হয়ে একদিনে মৃত্যু হয়েছে ১৯ জনের। যার ফলে মোট মৃতের সংখ্যা বেড়ে ১৭,৮৮৬। একদিনে সুস্থ হয়ে উঠেছে ১,৪২৪। ফলে মোট সুস্থ হয়ে উঠছেন ১৪,৭৬,৬৩২। ফলত সুস্থতার হার বেড়ে ৯৭.৭৮ শতাংশ। একদিনে করোনা পরীক্ষা হয়েছে ৫১,৩৬৫ জনের। যার জেরে মোট করোনা পরীক্ষার সংখ্যা বেড়ে ১,৪৬, ৬৫,১৪৭।

# ভাতারে বোমা ফেটে উড়ল বাড়ির চাল, গুরুতর জখম ৩ জন

ভাতার, ৯ জুলাই (হি.স.): পূর্ব বর্ধমান জেলার ভাতারে বাড়িতে বোমা ফেটে গুরুতর জখম হলেন একই পরিবারের ৩ জন সদস্য। বিস্ফোরণের তীব্রতা এতটাই বেশি ছিল যে, উড়ে যায় মাটির বাড়ির চাল। এমনকি গোটা বাড়িটাই হুড়মুড়িয়ে ভেঙে পড়ে। ধ্বংসস্তুপের নীচে চাপা পড়ে গুরুতরভাবে জখম হয়েছেন বাড়ির তিন সদস্য। বছর পঞ্চান্নর জামরুল মল্লিক, তাঁর স্ত্রী মারজেদা বিবি ও ছেলে লালচাঁদ।পূর্ব বর্ধমান জেলার ভাতার থানার অন্তর্গত বাণেশ্বরপুর গ্রামের ঘটনা। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, শুক্রবার ভোররাতে বিকট শব্দে বিস্ফোরণ হয়। দেখা যায় জামরুল মল্লিকের বাড়ি ভেঙে গিয়েছে। স্থানীয় বাসিন্দাদের তৎপরতায় ৩ জনকে উদ্ধার করে ভাতার গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রাথমিক চিকিতসার পর জামরুল ও লালচাঁদকে ছেড়ে দেওয়া হলেও মারজেদা বিবির আঘাত বেশি থাকায় তিনি এখনও চিকিতসাধীন। ঘরের মধ্যেই বোমা মজুত করে রাখা ছিল বলে প্রাথমিকভাবে অনুমান পুলিশের।

# আসানসোলে কয়লাখনি থেকে তরুণীর দেহ উদ্ধার, সুরক্ষা ব্যবস্থা নিয়ে প্রশ্ন

আসানসোল, ৯ জুলাই (হি.স.): আসানসোলের সালানপুরে একটি খোলামুখ কয়লাখনি থেকে উদ্ধার হল ”নিখোঁজ” তরুণীর দেহ। মৃত তরুণীর নাম-ঊষা বাউড়ি (১৮)। সালানপুরের আলকুশা ডাঙাল পাড়ার বাসিন্দা ওই তরুণী। শুক্রবার সকালে স্থানীয় ডাবর কোলিয়ারিতে একটি খোলামুখ কয়লাখনি থেকে তাঁর দেহ উদ্ধার করা হয়। পরিবার জানিয়েছে, বৃহস্পতিবার থেকে নিখোঁজ ছিলেন ওই তরুণী, কী ভাবে সে কয়লাখনিতে গেলেন, তা নিয়ে প্রশ্ন উঠছে। এই ঘটনায় খোলামুখ কয়লাখনির সুরক্ষা ব্যবস্থা নিয়েও প্রশ্ন উঠছে।

ঊষার বাবা বরুণ বাউড়ি জানিয়েছেন, বৃহস্পতিবার বিকেল থেকেই ঊষাকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। শুক্রবার সকালে জানতে পারি, ডাবর খোলামুখ খনিতে একটি মেয়ের দেহ পড়ে রয়েছে। সেখানে গিয়ে আমরা দেখি দেহটি ঊষারই। কীভাবে মেয়ের মৃত্যু হল, তা জানতে চাইছেন ঊষার বাবা। সালানপুর থানার পুলিশ সূত্রে খবর, ডাবর কোলিয়ারি কর্তৃপক্ষের সঙ্গে যৌথভাবে এই ঘটনার তদন্ত শুরু হয়েছে। মৃত্যুর প্রকৃত কারণ খতিয়ে দেখা হচ্ছে। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

# ভালো আছেন কল্যাণ সিং, দেখতে গেলেন শাহনওয়াজ হুসেন

লখনউ, ৯ জুলাই (হি.স.): ভালো আছেন উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং প্রবীণ বিজেপি নেতা কল্যাণ সিং। শুক্রবার এমনটাই জানিয়েছেন কল্যাণ সিংয়ের নাতি সন্দীপ সিং। একইসঙ্গে গুজবে কান না দেওয়ার জন্যও অনুরোধ করেছেন সন্দীপ। সন্দীপ বলেছেন, গুজব চলছে যে কল্যাণ সিং ভালো নেই, তা ঠিক নয়। এদিনই কল্যাণ সিংকে দেখতে লখনউয়ের পিজিআই হাসপাতালে যান বিজেপি নেতা শাহনওয়াজ হুসেন। কল্যাণ সিংয়ের সঙ্গে কথাও বলেছেন শাহনওয়াজ।কল্যাণ সিংয়ের শারীরিক অবস্থা নিয়ে ভীষণ বিচলিত ও উদ্বিগ্ন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। লাগাতার কল্যাণ সিংয়ের শারীরিক অবস্থার খোঁজ নিচ্ছেন মোদী। শুক্রবার কল্যাণ সিংয়ের নাতি সন্দীপ সিংয়ের সঙ্গে কথা বলে তাঁর দাদু কেমন আছেন, তা জেনেছেন প্রধানমন্ত্রী। সন্দীপ জানিয়েছেন, 'তিনি (কল্যাণ সিং) ভালো আছেন, সুস্থ হয়ে উঠছেন। প্রধানমন্ত্রীও তাঁর শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন, সকলের কাছে অনুরোধ করব গুজব ছড়াবেন না।'

# প্রেসিডেন্ট মোয়সে হত্যায় জড়িত ২৬ কলম্বিয়ান, দুই আমেরিকান : হাইতি পুলিশ

পোর্ট-ও-প্রিন্স, ৯ জুলাই (হি.স.): হাইতির প্রেসিডেন্ট জোভেনেল মোয়সে হত্যায় কলম্বিয়ান ও হাইতিয়ান বংশোদ্ভূত আমেরিকানদের ২৮ সদস্যের স্কোয়াডকে দায়ী করল হাইতি পুলিশ। স্থানীয় সময় অনুযায়ী বৃহস্পতিবার হাইতি পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রেসিডেন্ট মোয়সে হত্যায় জড়িত ২৬ কলম্বিয়ান ও দুই আমেরিকান। তাদের মধ্যে ৮ জন পলাতক।

অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীদের হাতে খুন হয়েছেন হাইতির প্রেসিডেন্ট জোভেনেল মোয়সে। পোর্ট-ও-প্রিন্স তাঁর ব্যক্তিগত বাসভবনেই প্রেসিডেন্টের উপর হামলা চালানো হয়। এই হামলায় প্রেসিডেন্টের স্ত্রী মার্টিন মোয়সেও আহত হয়েছেন। হাইতি ন্যাশনাল পুলিশের প্রধান লিওন চার্লস জানিয়েছেন, ২৮ জনের হত্যাকারী দল ছিল, তাদের মধ্যে ২৬ জন কলম্বিয়ান। ১৫ জন কলম্বিয়ান ও হাইতিয়ান বংশোদ্ভূত দুই আমেরিকানকে গ্রেফতার করা হয়েছে। ৩ জন কলম্বিয়ানকে মেরে ফেলা হয়েছে ও ৮ জন পলাতক। তাইওয়ান জানিয়েছে, পোর্ট ও প্রিন্সে তাঁদের দূতাবাস গ্রাউন্ডে ১১ জন হত্যাকারী সন্দেহভাজনকে গ্রেফতার করেছে হাইতি পুলিশ। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

# অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের দায়িত্ব নিলেন জ্যোতিরাদিত্য, চ্যালেঞ্জ প্রচুর

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করলেন জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। শুক্রবার সকালে অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের দায়িত্বভার গ্রহণ করেন জ্যোতিরাদিত্য, আগে এই মন্ত্রক ছিল হরদীপ সিং পুরীর হাত। তাঁকে নগরোন্নয়ন ও পেট্রলিয়াম মন্ত্রকের ভার দেওয়া হয়েছে। এদিন নতুন অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী জ্যোতিরাদিত্যে সিন্ধিয়াকে অভিনন্দন জানিয়েছেন হরদীপ সিং পুরী। গোয়ালিয়র রাজপরিবারের সদস্য জ্যোতিরাদিত্য ২০২০ সালের মার্চ মাসে কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগ দেন। তাঁর এই পদক্ষেপের ফলে মধ্যপ্রদেশের কমল নাথ সরকারের পতন হয়। রাজ্যে ক্ষমতায় আসে বিজেপি। জ্যোতিরাদিত্যকে রাজ্যসভার সদস্য করা হয়। এদিনই অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব নিয়েছেন জেনারেল ভি কে সিং। করোনা-মহামারীর জন্য ব্যাপক আঘাত পেয়েছে সিভিল এভিয়েশন সেক্টর, এমন সময় গুরুত্বপূর্ণ এই মন্ত্রকের দায়িত্ব নিয়েছেন জ্যোতিরাদিত্য। ফলে তাঁর সামনে চ্যালেঞ্জ এখন অনেক।

# মুসৌরির কেম্পটি জলপ্রপাতে ৫০ পর্যককেই অনুমতি, ৩০ মিনিটের বেশি নয়!

মুসৌরি, ৯ জুলাই (হি.স.): জলপ্রপাতের কাছে তিলধারণের স্থান নেই। সকলেই স্নানে ব্যস্ত। কেউ সপরিবার ছুটি কাটানোর মেজাজে, তো কেউ নিজস্বী তোলায় মন দিয়েছেন। তবে কোভিড-পরিস্থিতিতে কারও মুখে মাস্ক নেই! একে অপরের থেকে দূরে থাকার বিধি মেনে চলা তো দূর অস্ত্। উত্তরাখণ্ডের মুসৌরির কেম্পটি জলপ্রপাতের কাছে পর্যটকদের এমনই ভিড় দেখা গিয়েছে সম্প্রতি। সেই ভিডিও ভাইরাল হতেই নড়েচড়ে বসল উত্তরাখণ্ড প্রশাসন। মুসৌরির কেম্পটি জলপ্রপাতে এখন শুধুমাত্র ৫০ জন পর্যককেই অনুমতি দেওয়া হবে, এছাড়াও ৩০ মিনিটের বেশি তাঁরা থাকতে পারবেন না। পর্যটকদের উপর নজর রাখার জন্য একটি চেক-পোস্টও তৈরি করা হবে।

গত বুধবার নেটমাধ্যমে সেই ভিডিয়ো ছড়িয়ে পড়তেই তা ভাইরাল হয়েছে। করোনা-পরিস্থিতিতে পর্যটকদের এহেন আচরণের সমালোচনা করেছেন অনেকেই। কেম্পটি জলপ্রপাতের কাছে ভিড়ের ছবি দেখে ফের সংক্রমণ বাড়ার আতঙ্ক ছড়িয়েছে। তাই নড়েচড়ে বসল উত্তরাখণ্ড প্রশাসন। শুক্রবার উত্তরাখণ্ডের তেহরি গাড়োয়াল জেলার জেলাশাসক ইভা আশিষ শ্রীবাস্তব জানিয়েছেন, 'মুসৌরির কেম্পটি জলপ্রপাতে এখন শুধুমাত্র ৫০ জন পর্যককেই অনুমতি দেওয়া হবে, এছাড়াও ৩০ মিনিটের বেশি তাঁরা থাকতে পারবেন না। পর্যটকরা কোভিড-বিধি মেনে চলছেন কি-না, তা দেখার জন্য একটি চেক-পোস্টও তৈরি করা হবে।'

# গুরুতর অসুস্থ কল্যাণ সিং, শারীরিক অবস্থা নিয়ে বিচলিত মোদী

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): গুরুতর অসুস্থ অবস্থায় লখনউয়ের হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী কল্যাণ সিং। কল্যাণ সিংয়ের শারীরিক অবস্থা নিয়ে ভীষণ বিচলিত ও উদ্বিগ্ন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। লাগাতার কল্যাণ সিংয়ের শারীরিক অবস্থার খোঁজ নিচ্ছেন মোদী। শুক্রবার কল্যাণ সিংয়ের নাতির সঙ্গে কথা বলে তাঁর দাদু কেমন আছেন, তা জেনেছেন প্রধানমন্ত্রী।

প্রধানমন্ত্রী নিজেই এদিন সকালে টুইট করে জানিয়েছেন, 'দেশের অগণিত মানুষ কল্যাণ সিংয়ের জন্য প্রার্থনা করে তাঁর দ্রুত আরোগ্যের কামনা করছেন। জে পি নাড্ডা, যোগী আদিত্যনাথ ও অন্যান্যরা তাঁকে দেখতে হাসপাতালে গিয়েছেন। কল্যাণজির শারীরিক অবস্থার খোঁজ নিতে তাঁর নাতির সঙ্গে কথা বলেছি।' কল্যাণ সিংয়ের সঙ্গে কাটানো সময়েরও স্মৃতিচারণ করেছেন প্রধানমন্ত্রী।


৮৯ বছর বয়সী রাজস্থানের প্রাক্তন রাজ্যপাল কল্যাণ সিং গত রবিবার থেকে লখনউয়ের সঞ্জয় গান্ধী পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস-এ চিকিৎসাধীন রয়েছেন। শুক্রবার সকালে হাসপাতালের পক্ষ থেকে জানানো হয়েছে, কল্যাণ সিংয়ের শারীরিক অবস্থায় হেমোডাইনামিক্যালি স্থিতিশীল। শারীরিক অবস্থায় উন্নতিও হচ্ছে।হিন্দুস্থান সমাচার। রাকেশ।

# টিকা নয়, চাকরিও নয়! ভ্যাকসিন বাধ্যতামূলক ফিজি-তে

সুভা, ৯ জুলাই (হি.স.): ভ্যাকসিন নেওয়া বাধ্যতামূলক করল ফিজি। টিকা না নিলে, চাকরিও থাকবে না। এমনটাই জানিয়ে দেওয়া হয়েছে ফিজি সরকারের পক্ষ থেকে। কোরোনাভাইরাসের ডেল্টা প্রজাতির জন্য সাম্প্রতিক সময়ে আচমকাই কোভিডের প্রকোপ বেড়েছে ফিজি-তে, তাই এই সিদ্ধান্ত। ফিজি-তে মাস্ক পরা ও সামাজিক দূরত্ববিধি মেনে চলাও বাধ্যতামূলক করা হয়েছে। দেশবাসীর উদ্দেশে ফিজি-র প্রধানমন্ত্রীর বার্তা, 'টিকা নয়, তো চাকরিও নয়।' প্রধানমন্ত্রী ফ্রাঙ্ক বাইনিমারামা জানিয়েছেন, ১৫ আগস্টের মধ্যে সমস্ত পাবলিক সারভেন্ট যদি টিকার প্রথম ডোজ না নেন, তাহলে তাঁদের ছুটিতে যেতে হবে। নভেম্বরের ১ তারিখের মধ্যে যদি টিকার দ্বিতীয় ডোজ না নেন তাহলে বরখাস্ত করা হবে। এছাড়াও বেসরকারি সংস্থার কর্মীদের ১ আগস্টের মধ্যে টিকার প্রথম ডোজ নিতে হবে, যদি না-নেন তাহলে জরিমানা করা হতে পারে। বৃহস্পতিবার জাতির উদ্দেশে ভাষণে এই নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী ফ্রাঙ্ক বাইনিমারামা। হিন্দুস্থান সমাচার। রাকেশ।

# শুভেন্দু অধিকারীর প্রাক্তন দেহরক্ষীর রহস্যমৃত্যু নিয়ে থানায় অভিযোগ

কলকাতা, ৯ জুলাই (হি. স.) : খুন করা হয়েছে শুভেন্দু অধিকারীর দেহরক্ষী শুভব্রত চক্রবর্তীকে। এই অভিযোগ নিয়ে খুনের পর তিন বছর পর থানায় এফআইআর দায়ের করলেন বিরোধী দলনেতা তথা রাজ্যের প্রাক্তন মন্ত্রী শুভেন্দুর প্রাক্তন দেহরক্ষীর স্ত্রী সুপর্ণা কাঞ্জিলাল চক্রবর্তী। ঘটনা ২০১৮ সালের ১৪ অক্টোবরের। ওইদিন সকালে গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয় তৎকালীন রাজ্যের মন্ত্রী শুভেন্দু অধিকারীর দেহরক্ষী শুভব্রতর। সেই সময় একটি স্কুলে কাজ করতেন সুপর্ণা। একটি ফোনে জানতে পারেন তার স্বামী গুলিবিদ্ধ হয়েছেন। কাঁথি হাসপাতালে প্রথমে ভর্তি করানো হলেও, শুভব্রতবাবুর শারীরিক অবস্থার অবনতি ঘটে দ্রুত। তড়িঘড়ি কলকাতা স্থানান্তর করার জন্য অ্যাম্বুলেন্স পাওয়া যায়নি। সুপর্ণার অভিযোগ, স্বামীর মৃত্যুর পর থেকেই নানা রহস্য দানা বাঁধে। কীভাবে গুলি লেগেছিল, তা এখনও পরিষ্কার নয় চক্রবর্তী পরিবারের কাছে। তাঁর প্রশ্ন, একজন মন্ত্রীর বিশ্বস্ত দেহরক্ষী হয়েও কেন অ্যাম্বুলেন্স পেতে দেরি হল? শুক্রবার সকালে এই সমস্ত অভিযোগ নেই কাঁথি থানায় একটি এফআইআর দায়ের করলেন সুপর্ণা।কীভাবে গুলি লেগেছিল শরীরে? কেনই বা কলকাতা নিয়ে যেতে অ্যাম্বুলেন্স পেতে দেরি হয়েছিল? এই প্রত্যেকটি প্রশ্নের উত্তর খুঁজেছেন সুপর্ণা। সঠিক তদন্তের দাবি করেছেন প্রশাসনের কাছে। মৃত্যুর প্রায় তিন বছর পর ঘটনাটি নিয়ে পুলিশের দ্বারস্থ কেন? সুপর্ণার দাবি, স্বামীর মৃত্যু প্রথম থেকেই রহস্যজনক। কিন্তু যেহেতু শুভেন্দু অধিকারী প্রভাবশালী ব্যক্তি, আর ওই সময় রাজ্যের মন্ত্রী থাকাকালীন তার প্রভাব ছিল দ্বিগুণ। ফলে সাহস জুগিয়ে উঠতে পারেননি। কিন্তু বর্তমানে পরিস্থিতি বদলে গিয়েছে, এখন বিরোধী দলনেতা শুভেন্দু। খানিক প্রভাবও কমেছে তাঁর। তাই সাহস করে অভিযোগ দায়ের করেছেন। পুলিশ সূত্রে খবর, মহিলার অভিযোগের ভিত্তিতে নন্দীগ্রামের বিজেপির বিধায়ক শুভেন্দুবাবুকে জেরা করতে পারে পুলিশ। যদিও এই ঘটনার নেপথ্যে শুভেন্দুবাবুকে হেনস্থা করার অপচেষ্টার ফন্দির খোঁজ পাচ্ছেন অনেকে। হিন্দুস্থান সমাচার/ অশোক



শুক্রবার আগরতলায় মাস্ক এনফোর্সমেন্ট অভিযান চালিয়েছে প্রশাসনের কর্মকর্তারা। ছবি নিজস্ব।

# অভিন্ন দেওয়ানি বিধির সমর্থনে জোর সওয়াল, কেন্দ্রকে প্রয়োজনীয় পদক্ষেপ করতে বলল দিল্লি হাইকোর্ট

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : অভিন্ন দেওয়ানি বিধি (ইউনিফর্ম সিভিল কোড) -এর সমর্থনে সওয়াল দিল্লি হাইকোর্টের। এর জন্য কেন্দ্রকে অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করার নির্দেশও দিয়েছে দিল্লি হাই কোর্ট। মিনা সম্প্রদায়ের ক্ষেত্রে ১৯৫৫ সালের হিন্দু বিবাহ আইন প্রযোজ্য কিনা, তা নির্ধারণের আর্জির শুনানি করে বিচারপতি প্রতিভা সিংয়ের এক বিচারপতির বেঞ্চ ইউনিফর্ম সিভিল কোড সমর্থন করে কেন্দ্রীয় আইন ও ন্যায়মন্ত্রককে প্রয়োজনীয় পদক্ষেপ করতে বলেছে। ওই মামলায় বিচারপতি প্রতিভা এম সিং বলেন, "আধুনিক ভারতীয় সমাজ ধীরে ধীরে সমজাতিক হয়ে উঠছে। বিভিন্ন ধর্ম, সম্প্রদায় এবং জাতির পুরনো রীতি নিয়ম ক্রমে লোপ পাচ্ছে। এই বিষয়টি মাথায় রেখে বর্তমান পরিস্থিতিতে অভিন্ন দেওয়ানি বিধির প্রয়োজনীয়তা আছে।"

শতপ্রকাশ মিনার ২০১২ সালের ২৪ জুন বিয়ে হয়েছিল। তিনি ২০১৫ সালের ২ ডিসেম্বর পারিবারিক আদালতে ডিভোর্সের আবেদন করেন। তবে তাঁর স্ত্রী রিভিউ পিটিশনটি খারিজের আবেদন করেন এই কারণ দেখিয়ে যে, তাঁরা দুজনেই মিনা সম্প্রদায়ের, যা রাজস্থানের একটি নোটিফায়েড তফসিলি উপজাতি হিসাবে স্বীকৃত। ২০২০ সালের ২৮ নভেম্বর ফ্যামিলি কোর্ট স্ত্রীর পক্ষে রায় ঘোষণা করে জানায়, মিনা সম্প্রদায়ের ক্ষেত্রে হিন্দু বিবাহ আইন প্রযোজ্য নয়। এই রায়কেই পিটিশনার চ্যালেঞ্জ করেছেন। পরিবার আদালতের রায় খারিজ করে বিচারপতি প্রতিভা সিং জানান, হিন্দু বিবাহ আইন এই বিয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে কেননা বিয়েটা হয়েছে হিন্দু আচারবিধি, রীতি মেনে।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# তালিবানি সন্ত্রাস রুখতে একজোট হয়ে কাজ করবে ভারত-রাশিয়া

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): আফগানিস্তান থেকে আমেরিকা সেনা প্রত্যাহার শুরু করতেই ফের তৎপরতা বাড়াচ্ছে তালিবান। আন্তর্জাতিক মঞ্চে এই পটপরিবর্তনে রীতিমত উদ্বিগ্ন নয়াদিল্লি। এহেন পরিস্থিতিতে ভারত পাশে পেল রাশিয়াকে। এবিষয়ে ইতিমধ্যেই আলোচনা হয়েছে দুই দেশের।

রাশিয়া বিদেশমন্ত্রী সের্গেই লাভরভের সঙ্গে সাক্ষাৎ করেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শংকর। তাঁদের আলোচনায় উঠে আসে আফগানিস্তান প্রসঙ্গ। শুক্রবার দীর্ঘক্ষণ আলোচনা শেষে যৌথবিবৃতি জারি করেন লাভরভ ও জয়শংকর। সংবাদমাধ্যমের প্রশ্নের উত্তরে ভারতের বিদেশমন্ত্রী বলেন, "আমাদের মধ্যে অনেক বিষয়েই আলোচনা হয়েছে। তবে সবচেয়ে বেশি কথা হয়েছে আফগানিস্তানের বর্তমান পরিস্থিতি নিয়ে। আঞ্চলিক নিরাপত্তা ও সুরক্ষার জন্য আফগানিস্তান অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা মনে করি ওই অঞ্চলে হিংসা থামানো আপাতত সবচেয়ে জরুরি কাজ।" তিনি আরও বলেন, "যদি আফগানিস্তান ও তার আশপাশে শান্তি স্থাপন করতে হয়, তাহলে ভারত ও রাশিয়াকে একসঙ্গে কাজ করতে হবে। ওই দেশে এখনও পর্যন্ত সামাজিক, অর্থনৈতিক ও গণতান্ত্রিক হওয়া উন্নতি ধরে রাখতে হবে।"

বিশ্লেষকদের মতে, আফগানিস্তান থেকে মার্কিন ফৌজ সরে গেলে তালিবানের কাবুল দখল সময়ের অপেক্ষা মাত্র। আর তেমনটা হলে রীতিমতো বিপাকে পড়বে ভারত। কারণ, সেখানে ভারতীয় সংস্থাগুলিকে নিশানা করবে পাক মদতপুষ্ট জঙ্গি সংগঠনগুলি। আফগান ভূম থেকে তালিবানের মদতে কাশ্মীরে সন্ত্রাস ছড়িয়ে দেবে আইএসআই।

# আফগানিস্তানের ৮৫ শতাংশ আমাদের দখলে দাবি তালিবানের

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : বিশ্ব সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে ইতি টেনে আফগানিস্তান ছাড়ছে মার্কিন সেনা। আর এর মধ্যেই কাবুল, নিজেদের তৎপরতা বৃদ্ধি করে চলেছে তালিবান। শুক্রবার তালিবান দাবি করল, ইতিমধ্যেই আফগানিস্তানের ৮৫ শতাংশ তাদের দখলে। এমনকি ইরান সীমান্তে বিস্তীর্ণ অঞ্চলও দখল করে নিয়েছে তারা। সীমান্তের ইসলাম কালা শহরে এখন ঢুকে পড়েছে তালিবান। এর ফলে ইরান থেকে চিন সীমান্ত পর্যন্ত একটি গুরুত্বপূর্ণ এলাকা তাদের দখলে এসেছে।

সম্প্রতি মস্কোয় তালিবানের এক প্রতিনিধিদল দাবি করেছে, আফগানিস্তানের ৩৯৮ টি জেলার মধ্যে ২৫০ টি তাদের দখলে। তালিবানের মুখপাত্র জাবিউল্লা মুজাহিদ সংবাদ মাধ্যমকে জানিয়েছেন, ইরান সীমান্তে ইসলাম কালা শহর তাঁদের দখলে এসেছে। অন্যদিকে কাবুল থেকে আফগান সরকার জানিয়েছে, ওই শহরে এখনও লড়াই চলছে। আফগানিস্তানের অভ্যন্তরীণ মন্ত্রকের মুখপাত্র তারেক আরিয়ান বলেন, "আমাদের নিরাপত্তা বাহিনী ইসলাম কালা অঞ্চলে মোতায়েন করা আছে। তারা শহরটি ফের দখল করার চেষ্টা করছে।"

আফগানিস্তানে ফের তালিবানের উত্থানে ভারতের সমস্যা হতে পারে বলে মনে করছেন পর্যবেক্ষকরা। কারণ মার্কিন সৈন্যের থেকে বিপুল সংখ্যক স্নাইপার রাইফেল, হ্যান্ড হেল্ড রেডার এবং শোল্ডার ফায়ারড মিসাইল কেড়ে নিয়েছে তালিবান। সেই অস্ত্র এবার জম্মু-কাশ্মীরের জঙ্গিদের হাতে আসতে পারে।

# ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুল খোলার নির্দেশ হরিয়ানায়

চণ্ডীগড়, ৯ জুলাই (হি.স.) :স্কুল খোলার সিদ্ধান্ত নিল হরিয়ানা সরকার। আগামী ১৬ জুলাই প্রথমে নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের জন্য খুলবে স্কুল। এরপর ২৩ জুলাই স্কুল খুলে যাচ্ছে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের জন্য।সরকারি এবং বেসরকারি, সব স্কুলই খোলার নির্দেশ দিয়েছে সে রাজ্যের সরকার।

বর্তমানে হরিয়ানায় দৈনিক করোনা আক্রান্তের সংখ্যা ১০০-র নীচেই রয়েছে। গত ২৪ ঘণ্টায় সেখানে কোভিডে সংক্রমিত হয়েছেন ৫৫ জন। মৃত্যু হয়েছে ১০ জন করোনা রোগীর। এমন পরিস্থিতিতে স্কুলের পঠনপাঠন ফের চালু করার সিদ্ধান্ত নেওয়া হল।করোনার প্রকোপ সামান্য কমতেই স্কুল খুলতে উদ্যোগী হল হরিয়ানা সরকার। সরকারি এবং বেসরকারি, সব স্কুলই খোলার নির্দেশ দিয়েছে সে রাজ্যের সরকার। শুক্রবার রাজ্য স্কুল শিক্ষা পর্ষদের তরফে স্কুল খোলা নিয়ে নির্দেশিকা প্রকাশ করা হয়। যেখানে বলা হয় ১৬ জুলাই নবম থেকে দ্বাদশ শ্রেণির পড়ুয়াদের জন্য স্কুলে যাচ্ছে। ২৩ জুলাই স্কুল খুলে যাচ্ছে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের জন্য। প্রথম থেকে পঞ্চম শ্রেণির পড়ুয়াদের নিয়ে এখনও পর্যন্ত কোনও সিদ্ধান্ত গৃহীত হয়নি। পরিস্থিতি বুঝে সেই মতো ঘোষণা হবে বলে জানানো হয়েছে।

যদিও স্কুল খোলার ইঙ্গিত আগেই দিয়েছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর। বৃহস্পতিবার তিনি বলেন, "কোভিড সংক্রমণের হার নিম্নমুখী। তাই যত তাড়াতাড়ি সম্ভব স্কুল খোলা নিয়ে সিদ্ধান্ত নিতে হবে। কোভিড বিধি মেনেই স্কুলের পঠনপাঠন চালু করতে হবে।" এর পরেই শুক্রবার রাজ্য স্কুল শিক্ষা পর্ষদের তরফে স্কুল খোলা নিয়ে নির্দেশিকা প্রকাশ করা হয়।

# উদয়পুরে যুব মোর্চার কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, উদয়পুর, ৯ জুলাই।।** আজ একদিনের প্রদেশ যুব মোর্চার কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হয় উদয়পুর রাজর্ষি কলা কেন্দ্রে। আজ প্রদেশ যুব মোর্চার কার্যকারিনী বৈঠক অনুষ্ঠিত হয় উদয়পুর রাজর্ষি কলা কেন্দ্রের ২নং হলে। অনুষ্ঠানকে দুটি অংশে ভাগ করে রাজর্ষি হলের বাইরে যুব মোর্চার পতাকা উত্তোলন করে দ্বিতীয় অংশে শুরু হয় যুব মোর্চার আভ্যন্তরীণ শেষণ।

এই এক দিবসীয় যুব মোর্চার প্রদেশ কার্যকারিনী বৈঠকে উপস্থিত ছিলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব, উপমুখ্যমন্ত্রী যীশু দেববর্মা, বিধায়ক বিপ্লব কুমার ঘোষ, বিজেপি প্রদেশ সভাপতি ড: মানিক সাহা,বিজেপি প্রদেশ সাধারণ সম্পাদক তথা যুব মোর্চার প্রভারী টিঙ্কু রায়, প্রদেশ যুব মোর্চার সভাপতি নবাদল বনিক, গোমতি জেলা বিজেপি সভাপতি অভিষেক দেবরায়,গোমতি জেলা যুব মোর্চার সভাপতি সুকান্ত সাহা সহ অন্যান্য কার্যকর্তারা।

সকাল এগারোটায় অনুষ্ঠান শুরু হয়ে বিকাল চারটায় অনুষ্ঠান শেষ হয়। অনুষ্ঠানের শুভ সূচনা করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। কেন্দ্রীয় নেতৃত্বের রাজ্য সফরের পর সংগঠনকে মজবুত করতে এই প্রদেশ কার্যকারিনী বৈঠক অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে রাজনৈতিক বিশ্লেষক অভিমত ব্যক্ত করেন। বক্তারা যুব শক্তির গুরত্বের কথা জোড় দিয়ে বলেন আজকের যুব শক্তি আগামী দিনের রাজ্য তথা দেশের গৌরব।রাজ্যের সমস্ত অংশের যুবকদের সক্রিয় ভাবে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। মন্দির নগরীর যুবক যুবতীরা ঘনঘন আলোচনা সভায় অংশগ্রহণ করলে দলের পক্ষে মঙ্গল হবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

## অভিযান

● প্রথম পাতার পর

সহযোগিতা করেছি।

আজ তিনি বলেন, ক্রাইম ব্রাঞ্চের আধিকারিকরা সার্চ ওয়ারেন্ট ছাড়াই এসেছিলেন। তবে, সাথে ম্যাজিস্ট্রেট আছেন বলে সহযোগিতার অনুরোধ করেছিলেন। তাঁর দাবি, খয়েরপুর এবং রামনগর দুইটি বাড়িতেই তল্লাশি করেছে। বেশ কিছু নথি বাজেয়াপ্ত করেছে।

## রাজ্যে

● প্রথম পাতার পর

জনের নমুনা পরীক্ষায় ১০৩ জনের শতাংশের হারে ৬২.৮ রক্তাল্পতায় আক্রান্ত রয়েছেন।

## সিপিএম

● প্রথম পাতার পর

জড়ো করে আন্দোলনরত কৃষকদের উপর হামলা চালাতে মদত দেন। সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী আন্দোলনরত কৃষকদের উপর হামলার তীব্র নিন্দা করছে এবং হামলাকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। রাজ্য সম্পাদকমন্ডলী ক্ষতিগ্রস্ত কৃষকদের চাষবাসের নিশ্চয়তা বিধানে অবিলম্বে প্রশাসনিক ভাবে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য দাবি জানাচ্ছে।

## যোগগুরু

● প্রথম পাতার পর

স্থাপন করতে চাইছি। কারণ, ত্রিপুরায় আগামী দিনে যথেষ্ঠ সম্ভাবনাময় রাজ্য হিসেবে প্রতিষ্ঠিত হতে চলেছে।

এ-বিষয়ে তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে বলেন, আজ যোগ গুরু রামদেবের সঙ্গে কথোপকন হয়েছে। তিনি আমাদের রাজ্য ত্রিপুরায় যোগ ও প্রাকৃতিক চিকিৎসার একটি বড় কেন্দ্র স্থাপিত করার ইচ্ছা প্রকাশ করেছেন। আমি যোগ গুরুর ইচ্ছাকে সম্মান করি এবং আশ্বাস দিয়েছি। আমাদের সরকার এ ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করবে।

## ধর্মনগরে

● প্রথম পাতার পর

উঠোনে নিয়ে আসে।ধারালো অস্ত্র দিয়ে আঘাত করতে শুরু করে।সেই ঘটনা প্রত্যক্ষ করে বাড়িতে থাকা মহেশ্বর এর স্ত্রী এবং ছোট ভাই সিরেশ্বর দেবনাথ ভাইকে বাঁচাতে এলে সুরেশ্বর দেবনাথকেও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে। গুরুতর অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে ২ ভাই।চিৎকার শুনে আশপাশের লোকরা দৌড়ে ছুটে আসেন।এসে দেখতে পান দুই ভাইএর মাথা দিয়ে রক্ত বেরোচ্ছে। ততক্ষণে বাপ্পা সহ তার সহযোগীরা পালিয়ে যায় ঘটনাস্থল থেকে।তৎক্ষণাৎ রক্তাক্ত অবস্থায় দুই ভাইকে ধর্মনগর জেলা হাসপাতালে আনা হয়। অসামাজিক কাজের প্রতিবাদ করায় বাপ্পার ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর আহত হল দিনমজুর দুটি ভাই। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে।

## আক্রান্ত

● প্রথম পাতার পর

নমুনা পরীক্ষার কাজেও ছুটে যেতে হচ্ছে। ফলে স্বাস্থ্য কর্মীরা এখন দিশাহারা হয়ে পড়েছেন। তাঁর দাবি, এমনও এলাকা রয়েছে যেখানে সাত থেকে আট কিলোমিটার পথ হেটে যেতে হচ্ছে। ফলে ম্যালেরিয়ার চিকিৎসায় ব্যাঘাত হচ্ছে বলে ওই আধিকারিক দাবি করেন। তিনি উদাহরণ দিয়ে বলেন, ধলাই জেলায় গত পঁচিশ দিন ধরে একটি প্রাথমিক সাস্থ্য কেন্দ্রে মাত্র একজন চিকিৎসক কাজ করে যাচ্ছেন। তাঁর উপর ভীষণ চাপ যাচ্ছে, তা সহজেই অনুমান করা যাচ্ছে। তিনি জানান, আগামী কিছুদিনের মধ্যে দফতরের নতুন নিয়োগপ্রাপ্ত চিকিৎসকরা কাজে যোগ দেবেন। তাহলে পরিষেবা আরও বিস্তার সম্ভব হবে।

ওই আধিকারিকের সাফ কথা, পাহাড়ে জনজাতিদের আর্থ ও সামাজিকভাবে স্বাবলম্বী করে তুলা পর্যন্ত তাদেরকে ম্যালেরিয়ার প্রকোপ থেকে রক্ষা করা খুবই মুস্কিল হবে।

## বিজেপি

● প্রথম পাতার পর

কিন্তু হটাত তারা মারমুখী হয়ে উঠেন। তাদের এলোপাথারি আক্রমনে ৬ জন বিজেপি কার্যকর্তা আহত হয়েছেন।

সুব্রত অভিযোগ এনে বলেন, ওই দুস্কৃতিকারীরা বিধায়ক পরিমল দেব্বর্মাকে নিগ্রহ করেছেন। তাঁর বাড়িঘরে ভাংচুর চালিয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন হয়েছে। তাঁর দাবি, আজকের ঘটনা পূর্ব পরিকল্পিত ছিল। দুস্কৃতিদের মধ্যে আগে থেকেই যোগাযোগ ছিল। তিনি বলেন, পাহাড়ে অস্তিত্ব সংকটে সিপিএম এখন তিপরা মথাকে সাথে নিয়ে রাজ্যে অশান্তি সৃষ্টির ষড়যন্ত্র করছে। তবে, বিজেপি কার্যকর্তারা প্রচন্ড ধৈর্য্যের পরিচয় দিচ্ছেন।

তিনি প্রশাসনের কাছে দোষী চিহ্নিত করে অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন। ত্রিপুরায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য সমস্ত উদ্যোগ নেওয়া হোক।

## ভেরিয়েন্ট

● প্রথম পাতার পর

সাথে যুক্তদের অনুমতি দেওয়া হবে। এছাড়া, ১২ জুলাই সকাল ৬টা থেকে আগরতলা পুর নিগম এলাকা, রানিরবাজার পুর পরিষদ, জিরানিয়া পুর পরিষদ, উদয়পুর পুর পরিষদ, কৈলাসহর পুর পরিষদ, ধর্মনগর পুর পরিষদ, খোয়াই পুর পরিষদ, বিলোনিয়া পুর পরিষদ, কুমারঘাট পুর পরিষদ, তেলিয়ামুড়া পুর পরিষদ, সোনামুড়া পুর পুরাশিদ, অমরপুর পুর পরিষদ এবং সাব্রুম পুর পরিষদ এলাকায় ১৭ জুলাই ভোর ৫টা পর্যন্ত দিবা-রাত্রি কারফিউ বলবৎ হবে।

সরকারি অফিসগুলিতে করোনা কার্ফুর সময় সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বলবৎ থাকবে। অফিসে ৫০ শতাংশ কর্মচারি উপস্থিত থাকতে সম্পতি এই বিধিনিষেধ তুলে দেওয়া হয়েছিল। কিন্তু বর্তমান পরিস্থিতির কথা চিন্তা করে তা আবার জারি করা হয়েছে।

## বাংলাদেশে ভয়াবহ

● আটের পাতার পর

রূপগঞ্জ উপজেলা প্রশাসন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শাহ নুসরাত বলেন, "অনেক লাশ শনাক্ত করার মত অবস্থায় নেই। সেগুলো ঢাকা মেডিকেলের ডিএনএ পরীক্ষার জন্য বলা হবে।

এদিকে,শুক্রবার দুপুর ২টা। দুই প্লাটুন পুলিশ নিয়ে দু'টি গাড়ি ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) ক্যাম্পাসে প্রবেশ করে। ঢামেক মর্গের অদূরে থামে পুলিশের গাড়িটি। গাড়ি থেকে নেমে কয়েকজন পুলিশ সদস্য দ্রুত মর্গের সামনে যান। বাকিরা যান যেখানে সুরতহাল রিপোর্ট লেখা হয়, সেই কক্ষে। কিছুক্ষণের মধ্যেই সাইরেন বাজিয়ে মর্গের সামনে এসে দাঁড়ায় নারায়ণগঞ্জ ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের পাঁচটি অ্যাম্বুলেন্স। একে একে অ্যাম্বুলেন্স নামানো হয় মরদেহগুলো। রাখা হয় ময়নাতদন্ত কক্ষের কাছেই ফাঁকা ঘরের মেঝেতে। পরে এল আরও চারটি অ্যাম্বুলেন্স। সবগুলো থেকে একইভাবে মরদেহ নামিয়ে ভেতরে নিয়ে মেঝেতে রাখা হয়। একপর্যায়ে ময়নাতদন্ত কক্ষের মেঝে মরদেহে ভরে যায়। ফলে বাকি মরদেহগুলো ময়নাতদন্তের ঘরে নিয়ে টেবিলের ওপর রাখা হয়। কিন্তু তাতেও জায়গা হচ্ছিল না। ফলে ময়নাতদন্ত কক্ষের ফ্লোরের চারপাশে মরদেহ মোড়ানো ব্যাগগুলো রাখা হয়। এসময় বিভিন্ন প্রিন্ট, ইলেকট্রনিক ও অনলাইন মিডিয়ার কর্মীরা ব্যস্ত হয়ে মর্গে কতগুলো মরদেহ এল তা জানতে এদিক-সেদিক ছুটছেন। সারিবদ্ধ মরদেহ দেখে অস্ফুট স্বরে কেউ একজন বলে উঠলেন- উফ! কী বিভৎস! ঢামেক মর্গে উপস্থিত নারায়ণগঞ্জ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শামীম বেপারী জানান, মোট ৫২টি মরদেহ উদ্ধার করে মর্গে আনা হয়েছে। মরদেহগুলো পুড়ে গেছে। ফলে তাদের চেনা যাচ্ছে না। দাবিদার স্বজনদের ডিএনএ নমুনা নিয়ে মরদেহ শনাক্ত করা হবে। এরপর মরদেহ হস্তান্তর করা হবে। তিনি জানান, ঘটনা তদন্তে সাত সদস্যের কমিটি গঠন করা হয়েছে। তদন্ত শেষে সাতদিনের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করা হবে। জেলা প্রশাসনের পক্ষ থেকে নিহতদের পরিবারকে ২৫ হাজার টাকা এবং আহতদের ১০ হাজার টাকা দেয়া হবে।

ঢামেক মর্গে ৫২টি মরদেহ রাখা হলেও এতগুলো মরদেহ সুষ্ঠুভাবে সংরক্ষণের জন্য মরচুয়ারি কুলার নেই। জানা গেছে, ঢামেক মর্গের মরচুয়ারিতে ২০টি মরদেহ রাখার ব্যবস্থা রয়েছে। কিন্তু আগে থেকেই মরচুয়ারি কুলারে ১০টি মরদেহ রয়েছে। ফলে মরদেহগুলোর খুব বড়জোর অর্ধেক সংখ্যক মরচুয়ারি কুলারে রাখা যাবে। বাকিগুলো মেঝেতেই পড়ে থাকবে।

ঢামেক মর্গের অ্যাসিসটেন্ট সিকান্দার আলীর হিসাবে ৭-৮টি মরদেহ রাখার ব্যবস্থা আছে মরচুয়ারি কুলারে। তিনি বলেন, 'এতগুলো মরদেহ শুধু ঢামেক মর্গে না পাঠিয়ে বিভিন্ন সরকারি মেডিকেল কলেজের মর্গে ভাগ করে পাঠালে ভাল হতো।'

রূপগঞ্জে অগ্নিকাণ্ডের ঘটনায় শুক্রবার ঢামেক মর্গে আনা ৫২ জনের শরীর পুড়ে সম্পূর্ণ বিকৃত হয়ে গেছে। মরদেহ দেখে চেনার উপায় নেই। পরিধেয় পোশাক বা অলংকার দেখে স্বজনরা চিনতে পারলেও ডিএনএ ম্যাচিং-এর আগে মরদেহ হস্তান্তর করা হবে না।

ঢামেক ফরেনসিক মেডিসিন বিভাগের একজন চিকিৎসক জানান, অতীতে রানা প্লাজা, তাজরীন গার্মেন্টস, নিমতলী ও চুড়িহাট্টার অগ্নিকাণ্ডে নিহতদের মরদেহ বেওয়ারিশ হিসেবেই দাফন করা হয়। পরবর্তীতে ডিএনএ ম্যাচিং-এর মাধ্যমে কোন কবরটিতে তার স্বজনকে দাফন করা হয়েছে তা জানিয়ে দেয়া হয়।

শুক্রবার বিকেল থেকে দাবীদারদের নাম ও ঠিকানা সংগ্রহ করে ডিএনএর নমুনা হিসেবে রক্ত সংগ্রহ শুরু হয়। তবে ময়নাতদন্ত আজ হবে কি-না জানতে চাইলে মর্গ অ্যাসিসটেন্ট সিকান্দার আলী বলেন, 'এখনো সুরতহাল রিপোর্ট হাতে পাইনি। ফলে আজ ময়নাতদন্ত হবে কি-না, তা বলতে পারছি না।'

ঢামেক মর্গে ৫২টি মরদেহ আনার পর থেকে মরদেহের খোঁজে স্বজনরা মর্গের সামনে ছুটে আসেন। কেউ ভাইকে, কেউ স্বামীকে, কেউ স্ত্রী আবার কেউ-বা নিকটাত্মীয়দের খুঁজে ফিরছেন। তাদেরই একজন মসিউর রহমান। তার ছোট ভাই ওই ফ্যাক্টরিতে কাজ করতেন। গতকাল থেকে বিভিন্ন হাসপাতালে হন্যে হয়ে খুঁজছেন তার ভাইকে। তিনি জানান, সন্ধ্যা ৭টা পর্যন্ত তার ভাইয়ের মোবাইলে কল ঢুকলেও কেউ রিসিভ করেনি। কান্নাজড়িত কণ্ঠে তিনি বলেন, 'আমার ভাই মরছে নাকি বেঁচে আছে, তা তো শিওর হতে অইবো। আমি কার কাছে যামু, কেমনে পামু।'

পঞ্চাশোর্ধ এক বৃদ্ধ তার স্ত্রীকে খুঁজতে এসেছেন। তিনি জানান, বৃহস্পতির সকাল ৮টায় বাসা থেকে বেরিয়ে অফিসে যান তার স্ত্রী। রাত ৮টায় তার ফেরার কথা ছিল। বিকেলে আগুন লাগার খবর পাওয়ার পর তাকে কল দিলেও রিসিভ হয়নি।

## বেশী

● আটের পাতার পর

কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৪,০৫,৯৩৯ জন (১.৩২ শতাংশ)। বিগত ২৪ ঘন্টায় দেশে কোভিড টেস্টের সংখ্যা ১৭,৯০,৭০৮। নতুন করে ৪৩,৩৯৩ জন সংক্রমিত হওয়ার পর দেশে মোট করোনা-আক্রান্তের সংখ্যা বেড়ে হল ৩,০৭,৫২,৯৫০।

ভারতে সুস্থতার সংখ্যা দ্রুততার সঙ্গে বাড়ছে, বৃহস্পতিবার সারা দিনে ভারতে করোনা-মুক্ত হয়েছেন ৪৪ হাজার ৪৫৯ জন। ফলে শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ২,৯৮,৮৮,২৮৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৭.১৯ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৩৬ কোটি ৮৯ লক্ষ ৯১ হাজার ২২২ জনকে করোনা-টিকা দেওয়া হয়েছে। ভারতে দৈনিক সংক্রমণের হার এই মুহূর্তে ২.৪২ শতাংশ, টানা ১৭ দিন ধরে ৩ শতাংশের নীচে সংক্রমণের হার।

## শিবির

● আটের পাতার পর

পরিস্থিতিতে বড় ধরনের কোন অনুষ্ঠানের আয়োজন করা হয়নি। সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেখেই এবছর রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

আগামী দিনেও অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এ ধরনের সামাজিক কাজকর্মের এগিয়ে আসতে বদ্ধপরিকর বলে জানান সংগঠনের রাজ্য সম্পাদক।

## গ্রেপ্তার পাঁচ

● প্রথম পাতার পর

এলাকা থেকে প্রায় ৪ কিলোমিটার দূরুত্বে গিয়ে পুলিশ এবং সি.আর.পি.এফ জওয়ান রা গাড়িটিকে আটক করতে সক্ষম হয়েছে। ওই গাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ প্রায় ১০৭২ কেজি শুকনো গাঁজা উদ্ধার করেছে। সাথে গাড়ির চালক ও সহ চালক অভিমান্নু রায় এবং আমন কুমার-কে আটক করেছে পুলিশ। সামগ্রিক বিষয়টি তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক সোনা চরণ জমাতিয়াকে জানানো হলে তিনি ঘটনাস্থলে ছুটে আসেন। পরবর্তীতে পুলিশ এবং সি.আর.পি.এস-এর জওয়ানরা গাড়ি দুটিকে আটক করে মুঙ্গিয়াকামী থানায় নিয়ে যান। সি.আর.পি.এফ-এর নেতৃত্বে ছিলেন ৭১ নং ব্যাটেলিয়নের কমান্ডেন্ট অরুন কুমার ভারতী।

মুঙ্গিয়াকামী থানার পুলিশ জানিয়েছে, দুটি গাড়িতে তল্লাশি চালিয়ে মোট ১৯০৪ কেজি শুকনো গাঁজা উদ্ধার করা হয়েছে। যার বাজার মূল্য আনুমানিক প্রায় এক কোটি টাকার অধিক হবে বলে ধারণা করা হচ্ছে। তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক সোনা চরণ জমাতিয়া জানান, এই গাঁজা জিরানিয়া পেট্রোল পাম্প সংলগ্ন এলাকা থেকে লোডিং করা হয়েছে। সন্দেহবশত এই গাড়িগুলো আটক করা হয়েছে।

অপরদিকে তেলিয়ামুড়া থানাধীন হাওয়াই বাড়ি এলাকা থেকে ৭৯ কেজি গাঁজা আটক করেছে তেলিয়ামুড়া ট্রাফিক পুলিশ এবং ট্রাফিক ডি.এস.পি বিক্রমজিত শুক্ল দাস। উদ্ধার কৃত গাঁজার আনুমানিক বাজার মূল্য প্রায় তিন লক্ষাধিক টাকা। পুলিশ ডব্লিওবি০৬এ২৫৮৮ নম্বরের একটি মারুতি গাড়ির সিটের তলা থেকে দুই যুবককে গাঁজা সহ হাতে-নাতে পাকড়াও করেছে। ট্রাফিক ডি.এস.পি বিক্রম জিত শুক্ল দাস জানিয়েছেন, সাত সকালে হাওয়াই বাড়ি এলাকায় যানবাহনে তল্লাশি অভিযান চলাকালীন ওই গাঁজা উদ্ধার হয়েছে।

াঙ্গন

# ফের বদল শ্রীলঙ্কা দলের অধিনায়ক, কুশল পেরেরার বদলে নেতৃত্বে দাসুন শনকা

কলম্বো, ৯ জুলাই (হি.স.) : কুশল পেরেরার বদলে সীমিত ওভারের ক্রিকেটে শ্রীলঙ্কাকে নেতৃত্ব দিতে চলেছেন দাসুন শনকা। চার বছরের মধ্যে তিনি ষষ্ঠবার শ্রীলঙ্কা ক্রিকেটে অধিনায়কের বদল ঘটছে।

শানাকার আগে চার বছরের মধ্যে শ্রীলঙ্কার ক্রিকেট দলকে নেতৃত্ব দিয়েছেন দীনেশ চান্ডিমল, অ্যাঞ্জেলো ম্যাথুজ, লাসিথ মালিঙ্গা, দিমুথ করুনারত্নে এবং পেরেরা। তবে ২০১৯ সালে পাকিস্তানের বিরুদ্ধে ৩টি টি-২০ ম্যাচে শ্রীলঙ্কাকে নেতৃত্ব দিয়েছিলেন শানাকা।

শ্রীলঙ্কা বোর্ডের সঙ্গে ক্রিকেটারদের চুক্তি নিয়ে গণ্ডগোল চলছিল। পেরেরা অন্যতম ক্রিকেটার যিনি এই চুক্তির বিরোধিতা করেছেন। তাঁর নেতৃত্বে খেলতে নেমে ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজও হেরে গিয়েছে শ্রীলঙ্কা। মনে করা হচ্ছে এই কারণেই অধিনায়কত্বে বদল আনতে চাইছে দল।

এখনও সরকারি ভাবে জানানো না হলেও শানাকার হাতেই নেতৃত্ব দেওয়া হতে পারে বলে জানা গিয়েছে।

ভারতের বিরুদ্ধে সিরিজ শুরুর আগে ২৯ জন ক্রিকেটার চুক্তিতে সই করেছেন। জানা গিয়েছে, পেরেরা অন্য ক্রিকেটারদের সই না করার ব্যাপারে উতসাহ দিচ্ছিলেন। অন্যদিকে শানাকা এমন একজন ক্রিকেটার, যিনি প্রথম দিকেই সই করে দিয়েছিলেন।

ম্যাথুজ ভারতের বিরুদ্ধে খেলবেন না বলে জানিয়ে দিয়েছিলেন। মনে করা হচ্ছে অবসর নিতে পারেন তিনি। শ্রীলঙ্কায় তিনটি একদিনের ম্যাচ এবং তিনটি টি২০ ম্যাচ খেলবে ভারত।

# কোপার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুললেন প্যারাগুয়ের প্রাক্তন গোলরক্ষক হোসে লুইস চিলাভার্ট গোঞ্জালেস

ব্রাসিলিয়া, ৯ জুলাই (হি.স.) : কোপা আমেরিকার ফাইনালের আগে মেসিদের সতর্ক করলেন প্যারাগুয়ের প্রাক্তন গোলরক্ষক হোসে লুইস চিলাভার্ট গোঞ্জালেস। বলা যেতে পারে তিনি সরাসরি কনমেবলের দিকে আঙুল তুললেন। কোপার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তুললেন ৫৫ বছরের এই প্রাক্তন গোলরক্ষক। তীর্যক সমালোচনায় বিদ্ধ করলেন কোপার রেফারিংকে। তিনি জানালেন, শিরোপা নির্ণায়ক ম্যাচে মেসিদের কেবল ব্রাজিল বা নেইমারদের বিপক্ষেই ভাল খেললে চলবেনা, আর্জেন্তিনাকে খেলতে হবে খারাপ রেফারিং-র বিরুদ্ধেও। তিনি জানান, ভিএআর ও রেফারিদের বিপক্ষেও জিততে হবে বলে বিস্ফোরক মন্তব্য করলেন প্যারাগুয়ের প্রাক্তন তারকা গোলরক্ষক।

ঐতিহাসিক মারাকানায় ভারতীয় সময় অনুযায়ী রবিবার ভোরে কোপার শিরোপা দখলের লড়াই মাঠে নামবে ব্রাজিল-আর্জেন্তিনা। ২৮ বছরের শিরোপা খরা কাটাতে মাঠে আর্জেন্তিনা। মেসির দিকে তাকিয়ে রয়েছে নীল সাদা ব্রিগেড। অন্যদিকে ঘরের মাঠে শিরোপা জিততে আত্মবিশ্বাসী নেইমাররা। তবে খেলায় যদি রেফারিং ভাল হয় তাহলে ফাইনালের মান উন্নত হয়, কিন্তু রেফারিং নিয়েই চিন্তায় রয়েছে বিশ্বফুটবল।

চলতি কোপার রেফারিং নিয়ে এরই মধ্যে অনেক প্রশ্ন উঠেছে। কোয়ার্টার ফাইনালে ব্রাজিলের কাছে হারের পর চিলির আর্তুরো ভিদাল রেফারিকে ”ভাঁড়” বলে ব্যঙ্গ করেছিলেন। প্যারাগুয়ে-পেরু কোয়ার্টার ফাইনাল ম্যাচেও প্রশ্ন মুখে পড়তে হয়েছিল রেফারিদের। এবার তাই ফাইনাল ম্যাচে নামার আগে প্যারাগুয়ের প্রাক্তন গোলরক্ষক হোসে লুইস চিলাভার্ট গোঞ্জালেস জানান মেসিদের খেলতে হবে ভিএআর ও রেফারিদের বিপক্ষেও।

# ডেনমার্ক দলকে বীরের মর্যাদায় বরণ করে নিল দেশবাসী

কোপেনহেগেন, ৯ জুলাই (হি.স.) : ইংল্যান্ডের কাছে হেরে ইউরোপ সেরা হওয়ার স্বপ্নভঙ্গ হয়েছে ড্যানিশদের। ইউরো কাপের সেমিফাইনালে পরাজিত হয়ে এবারের মত স্বপ্ন ভঙ্গ হয়ে যায়। তবে তাদের লড়াই জয় করে নিয়েছে ফুটবলপ্রেমীদের হৃদয়। দলের তারকা খেলোয়াড় এরিকসনের দুর্ঘটনা কাটিয়ে যেভাবে তারা ফিরে এসেছে তার জন্য প্রশংসায় যথেষ্ট নয় ডেনমার্ক দলের জন্য। এরিকসনকে হৃদয়ে গেঁথে নিয়ে লড়াই চালিয়েছে একের পর এক ম্যাচে। তার পুরস্কার স্বরূপ দেশে ফিরে ডেনমার্ক দল পেল বীরের মর্যাদা।

রাশিয়ার বিরুদ্ধে গ্রুপ পর্বের শেষ ম্যাচ থেকেই তাদের ঘুরে দাঁড়ানোর শুরু। একের পর এক দুর্দান্ত পারফরম্যান্সে ১৯৯২ চ্যাম্পিয়নরা জায়গা করে নেয় সেমিফাইনালে। ইংল্যান্ডের বিরুদ্ধে ওয়েম্বলির সেই লড়াইয়েও দুর্দান্ত এক ফ্রি-কিকে এগিয়ে যায় ড্যানিশরা। কিন্তু শেষ রক্ষা হয়নি পরে আত্মঘাতী গোলে সমতায় ফেরে ইংল্যান্ড। অতিরিক্ত সময়ে পেনাল্টি থেকে শেষ পর্যন্ত জয় ছিনিয়ে নেয় ইংরেজরা। যার ফলে শেষ হয়ে যায় ডেনমার্ক দলের পথচলা। লন্ডন থেকে ডেনমার্কের রাজধানী কোপেনহেগেন বিমানবন্দরে নামার পরই বীরের মর্যাদায় অভ্যর্থনা জানানো ডেনমার্ক দলকে। বিমানবন্দরের বাইরে দলকে স্বাগত জানাতে তাদের পরিবার, বন্ধু, পরিজনদের সঙ্গে উপস্থিত ছিলেন ভক্ত-সমর্থকরাও। তুমুল উল্লাসে দলের প্রতি ভালোবাসার প্রকাশ জানান তারা। ফুটবলার থেকে শুরু করে কোচিং স্টাফ সবাই করতালি দিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন দেশের মানুষের প্রতি।

# ঐতিহ্যের ওয়েম্বলিতে ইউরোপ সেরার মেগা ফাইনালকে ঘিরে উন্মাদনা তুঙ্গে, মুখোমুখি ইংল্যান্ড-ইতালি

ওয়েম্বলি, ৯ জুলাই (হি.স.) : ইউরোপ সেরা হওয়ার হাতছানি ইংল্যান্ডের সামনে। ইউরো কাপের ইতিহাসে প্রথমবার ফাইনালে উঠেছে ইংল্যান্ড। ঐতিহ্যবাহী ওয়েম্বলি স্টেডিয়ামে ইতালিকে হারাতে পারলেই ইতিহাস সৃষ্টি করবেন হ্যারি কেইন এবং রহিম স্টার্লিংরা। ইউরোর ফাইনাল ঘিরে উন্মাদনা এখন থেকেই তুঙ্গে। সবকিছু ঠিকঠাক চললে ঐতিহ্যের ওয়েম্বলিতে ইংল্যান্ড বনাম ইতালি ম্যাচে উপস্থিত থাকতে চলেছে ৯০ হাজার দর্শক।

১৯২৩ সালে এই স্টেডিয়াম নির্মাণ করা হয়। ২০০২ সালে সম্প্রসারনের উদ্দেশ্যে পুরাতন ওয়েম্বলি স্টেডিয়াম ভেঙ্গে ফেলা হয় এবং নতুন বর্তমান স্টেডিয়ামের কাজ শুরু করা হয়। ২০০৬ সালে স্টেডিয়ামটির কাজ শেষ হয়। তবে স্টেডিয়ামটি উদ্বোধন হয় ২০০৭ সালে এফএ কাপ ফাইনাল আয়োজনের মাধ্যমে।

ওয়েম্বলি স্টেডিয়াম পৃথিবীর সবচেয়ে বিখ্যাত ফুটবল স্টেডিয়ামের মধ্যে একটি। এই স্টেডিয়ামের আসন সংখ্যা ৯০, ০০০ যা ইউরোপের স্টেডিয়ামগুলোর মধ্যে দ্বিতীয় বৃহত্তম। প্রথম স্থানে রয়েছে স্পেনের তথা বার্সেলোনার ঘরের মাঠ ন্যু ক্যাম্প। ”হোম অব ফুটবল” নামে খ্যাত ওয়েম্বলি ইংল্যান্ড দলের জাতীয় স্টেডিয়াম। সবচেয়ে বেশি ৫ বার ইউরো কাপের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে এই স্টেডিয়ামে। ১৯৬৩, ১৯৬৮, ১৯৭১, ১৯৭৮ ও ১৯৯২ সালের ইউরো কাপের ফাইনাল ম্যাচগুলি ওয়েম্বলি স্টেডিয়ামেই উপভোগ করেছেন ইউরোপের সমর্থকরা। ১৯৬৬ বিশ্বকাপের ফাইনালে পশ্চিম জার্মানিকে হারিয়ে নিজেদের একমাত্র বিশ্বকাপ শিরোপা জয় করে ইংল্যান্ড। ফুটবলের বহু পটপরিবর্তনের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়াম।

# কোপার তৃতীয়স্থান হওয়ার দ্বৈরথে কলম্বিয়ার মুখোমুখি পেরু

ব্রাসিলিয়া, ৯ জুলাই (হি.স.) : কোপা আমেরিকার তৃতীয় স্থান দখলের লড়াইয়ে মাঠে নামবে কলম্বিয়া ও পেরু। ভারতীয় সময় অনুযায়ী শনিবার ভোর ৫:৩০ টায় এস্তাজো ন্যাসিওনাল দে ব্রাসিলিয়ায় ম্যাচ শুরু হবে। ব্রাজিলের কাছে হেরে এবারের আসরের সেমিফাইনাল থেকে বিদায় নিয়েছে গত আসরের ফাইনালিস্ট পেরু। তৃতীয় স্থান নির্ধারণী ম্যাচে তাদের প্রতিপক্ষ আর্জেন্টিনার কাছে হেরে সেমিফাইনাল থেকে বিদায় নেওয়া কলম্বিয়া।

কোপার চলতি আসরে গ্রুপ পর্বের দেখায় পেরু ২-১ গোলে জিতলেও দু”দলের মুখোমুখি লড়াইয়ে এগিয়ে কলম্বিয়া। গত পাঁচ ম্যাচে তিনটিতে জয় পেয়েছে কলম্বিয়া। একটিতে জয় পেয়েছে পেরু। অন্যটি ড্র হয়েছে। চলতি বছরের শুরুতেই বিশ্বকাপের বাছাই পর্বের ম্যাচে ৩-০ গোলে পেরুকে হারিয়েছিল কলম্বিয়া। তাই পরিসংখ্যানের বিচারে এদিন এগিয়ে থেকে শুরু করবে কলম্বিয়া।

এদিন তৃতীয় স্থান নির্ধারণের ম্যাচে দুই দলই চাইবে তৃতীয় স্থানে থেকে এবারের কোপা আমেরিকা শেষ করতে। কোয়ার্টার ফাইনালে প্যারাগুয়ের বিরুদ্ধে ম্যাচে লাল কার্ড দেখায় পেরুর উইঙ্গার আন্দ্রে কারেইও ফিরতে পারেন কলম্বিয়ার বিরুদ্ধে ম্যাচে। অন্যদিকে, কলম্বিয়া এই ম্যাচে পাবে না তাদের মাঝমাঠের অন্যতম স্তম্ভ মাতিয়াস উরিবেকে।

# শ্রীলঙ্কার অনুর্ধ ১৯ দলকে শক্তিশালী করতে পরামর্শদাতার দায়িত্ব নিচ্ছেন জয়বর্ধনে

নয়াদিল্লি, ৯ জুলাই(হি.স.): ভারতের মতোই অনুর্ধ ১৯ দলকে শক্তিশালী করতে চায় শ্রীলঙ্কার ক্রিকেট বোর্ড। শ্রীলঙ্কার অনুর্ধ ১৯ দলের জন্য বেছে নিল মাহেলা জয়বর্ধনেকে। বিনা পারিশ্রমিকে দেশের অনুর্ধ ১৯ দলের পরামর্শদাতার দায়িত্ব নিচ্ছেন মাহেলা জয়বর্ধনে। অক্টোবর থেকে দায়িত্ব বুঝে নেবেন তিনি।

ভারত যেমন অনুর্ধ ১৯ দলকে তৈরি করার জন্য রাহুল দ্রাবিড়কে বেছে নিয়েছিল, এবার ঠিক সেই পথই অনুসরণ করছে শ্রীলঙ্কা। এর জন্য আগেই মাহেলাকে এই দায়িত্ব দেওয়ার জন্য বারবার অনুরোধ করেছিলেন দলের বিশ্বকাপ জয়ী প্রাক্তন ক্রিকেটার ও বর্তমানে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ডের সঙ্গে যুক্ত প্রশাসক অরবিন্দ ডি'সিলভা। কিন্তু সেই সময় জয়বর্ধনে না করায় হতাশ হয়েছিলেন ডি'সিলভা। তবে হাল ছাড়েননি তিনি, অবশেষে দায়িত্ব নিতে রাজি হয়েছেন মাহেলা। এই খবর নিশ্চিত করেছেন ডি'সিলভা। শোনা যাচ্ছে বিনা পারিশ্রমিকে দেশের অনুর্ধ ১৯ দলের পরামর্শদাতার দায়িত্ব নিচ্ছেন মাহেলা জয়বর্ধনে। শ্রীলঙ্কার এই তারকা ক্রিকেটার জানিয়েছেন তিনি স্থগিত হয়ে যাওয়া ২০২১ আইপিএল শেষ করেই নিজের দায়িত্ব বুঝে নেবেন।

একটা সময়ে ডি'সিলভার আফসোস ছিল যে দ্রাবিড়ের মতো তিনিও একজন প্রাক্তন ক্রিকেটারকে অনুর্ধ ১৯ দলের দায়িত্ব দিতে চান। তিনি জানিয়েছিলেন 'মাহেলা জয়বর্ধনেকে অনেক অনুরোধ করা হয়েছিল শ্রীলঙ্কার অনূর্ধ-১৯ দলটার দায়িত্ব নিতে। কিন্তু মাহেলাকে আমি কিছুতেই রাজি করাতে পারিনি।' তবে শেষ পর্যন্ত ডি'সিলভার কথায় সারা দিয়েছেন মাহেলা।

সূত্রের খবর, চলতি মরসুমে মুম্বই ইন্ডিয়ান্সে নিজের দায়িত্ব শেষ করে দলের দায়িত্ব বুঝে নেবেন তিনি। মাহেলার প্রথম লক্ষ্য হবে ২০২২ অনুর্ধ ১৯ বিশ্বকাপ। তবে ভারতের পথেই হাঁটতে চাইছে শ্রীলঙ্কা। দ্রাবিড় যে ভাবে ভারতীয় দলের রিজার্ভ বেঞ্চকে শক্তিশালী করেছে সেভাবেই শ্রীলঙ্কাও মাহেলার হাত ধরে নিজেদের ভবিষ্যতের রিজার্ভ বেঞ্চকে শক্তিশালী করতে চাইছে।

## করোনার জেরে পিছিয়ে যেতে পারে শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজ

কলম্বো, ৯ জুলাই (হি.স.) : করোনা জেরে পিছিয়ে যেতে পারে শ্রীলঙ্কার বিরুদ্ধে ধওয়ান নেতৃত্বাধীন ভারতীয় দলের সিরিজ। আগামী ১৩ জুলাই থেকে ভারতের একদিনের সিরিজ শুরু হওয়ার কথা থাকলেও তা চার-পাঁচ দিন পিছিয়ে যেতে পারে। শ্রীলঙ্কা দলের দু'জনের করোনা হওয়ায় এই সিদ্ধান্ত নিতে চলেছে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড। মঙ্গলবার থেকে তিন ম্যাচের একদিনের সিরিজ শুরু হওয়ার কথা। কিন্তু মনে করা হচ্ছে ১৭ বা ১৮ জুলাই থেকে এই সিরিজ শুরু হবে। শ্রীলঙ্কার ব্যাটিং কোচ গ্রান্ট ফ্লাওয়ার এবং দলের ভিডিও বিশ্লেষক-র করোনা হওয়ায় শ্রীলঙ্কা বোর্ড চাইছে, তাদের ক্রিকেটাররা বাড়তি কয়েক দিন নিভৃতবাসে থাকুক। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবেই তারা সিরিজ পিছিয়ে দিতে চাইছে। ভারতের বিরুদ্ধে আরও সমস্যায় শ্রীলঙ্কায়। সরকারিভাবে দলের অধিনায়ক পরিবর্তনের কথা না জানালেও, সম্ভবত দলের অধিনায়ক পরিবর্তন হতে পারে। সম্ভবত আগামীকাল শনিবার ভারতীয় ক্রিকেট বোর্ডকে চিঠি দিয়ে বিষয়টি জানাবে শ্রীলঙ্কা। তারপরেই সিরিজ পিছিয়ে দেওয়ার কথা সরকারিভাবে ঘোষণা করা হবে। হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# অনূর্ধ২৩ এশিয়ান কাপের ড্র, ওয়েস্ট জোনের ই গ্রুপে খেলবে ভারত

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : শুক্রবার আয়োজিত হয়ে গেল ২০২২ এএফসি অনূর্ধ২৩ এশিয়ান কাপের ড্র। বয়সভিত্তিক এই টুর্নামেন্টে ওয়েস্ট জোনের ই গ্রুপে খেলবে ভারত। যোগ্যতা অর্জনকারী ম্যাচে ভারতীয় ফুটবল দলের প্রতিপক্ষ আমিরশাহি অনূর্ধ২৩, ওমান অনূর্ধ২৩ ও কিরগিজ রিপাবলিক।

ভারতীয় ফুটবলপ্রেমীরা দীর্ঘদিন ধরেই অপেক্ষায় ছিলেন যে ভারতীয় দলের প্রতিপক্ষ কারা হতে পারে তা জানার জন্য। সেই উত্তর এদিন পেয়ে গেল তাঁরা। ওয়েস্ট জোনের যোগ্যতা অর্জনকারী ম্যাচে ভারতীয় ফুটবল দলের প্রতিপক্ষ আমিরশাহি অনূর্ধ২৩, ওমান অনূর্ধ২৩ ও কিরগিজ রিপাবলিক অনূর্ধ২৩ দল। গ্রুপ ই-তে ভারত খেলতে নামবে। ২০২১ সালে মূল টুর্নামেন্টটি আয়োজিত হবে। গ্রুপ পর্ব থেকে যারা শীর্ষে থাকবে, তারাই প্রতিযোগিতার ফাইনালে অংশ নিতে পারবে। এছাড়াও দ্বিতীয় পজিশনে থাকা চারটে সেরা দলও মূলপর্বে জায়গা করে নেবে।

যোগ্যতা অর্জন পর্বের এই ম্যাচগুলো আয়োজিত হবে চলতি বছরের অক্টোবরের ২৩ তারিখ থেকে ৩১ তারিখ পর্যন্ত। ১১টি গ্রুপ পর্বের জয়ী দল ও ৪টি সেরা দ্বিতীয় স্থানাধিকারী দল মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করে নেবে। উজবেকিস্তান যেহেতু এই টুর্নামেন্টের আয়োজক, তাই তাঁরা সরাসরি টুর্নামেন্টের মূলপর্বে জায়গা করে নেবে।

প্রথমে চিনে এই টুর্নামেন্ট আয়োজনের কথা থাকলেও পরে করোনা পরিস্থিতির কথা মাথায় রেখে সূচিতে বদল আনা হয়। ২০২২ এএফসি অনূর্ধ২৩ এশিয়ান কাপ টুর্নামেন্টটি উজবেকিস্তানে আয়োজিত হবে।

# ইংল্যান্ড ইউরো জিতলে সোমবার ছুটি চাই, দাবির সমর্থনে ৩ লক্ষ সই সংগ্রহ

লন্ডন, ৯ জুলাই (হি.স.) : ইউরো কাপের ফাইনালে ইংল্যান্ড ওঠার পরেই উতসবে মেতেছে গোটা দেশ। এবার প্রধানমন্ত্রী বরিস জনসনের কাছে অদ্ভুত আবদার করে বসলেন সমর্থকরা। তাঁদের দাবি, ইংল্যান্ড ট্রফি জিতলে সোমবার ব্যাঙ্কে ছুটি ঘোষণা করতে হবে।

শুধু দাবি নয়, ব্যাঙ্ক বন্ধ রাখার পক্ষে শুরু হয়ে গিয়েছে সই সংগ্রহের কাজও। কয়েক ঘন্টার মধ্যে তিন লক্ষ সমর্থক সই করে দিয়েছেন। দ্রুত বৃদ্ধি পাচ্ছে স্বাক্ষরকারীর সংখ্যা। আশার কথা, প্রধানমন্ত্রী ছুটির সম্ভাবনা উড়িয়ে দেননি।

সেমিফাইনালে জেতার পরই ভোররাত পর্যন্ত উতসব করেছিলেন ইংরেজ সমর্থকরা। লন্ডন-সহ ইংল্যান্ডের বিভিন্ন রাস্তাঘাটে সেই চিহ্ন দেখা গিয়েছিল। কিন্তু ট্রফি জিতলে সেই উচ্ছ্বাস যে বাঁধ ভাঙবে, তা নিয়ে কোনও সন্দেহ নেই। তাই আগেভাগেই অনুমতি চেয়ে রাখা হচ্ছে।

বিভিন্ন সরকারি এবং বেসরকারি দফতরে ইতিমধ্যেই ছুটির আবেদনের সংখ্যা বাড়তে শুরু করেছে। প্রধানমন্ত্রীর সরকারি মুখপাত্র বলেছেন, ”আমরা ম্যাচের ভবিষ্যদ্বাণী করতে চাই না। তবে ইংল্যান্ড জিতুক, এটাই সবাই চাই। তারপরে বাকি পরিকল্পনা হবে।” সেমিফাইনালে জেতার পর ইংল্যান্ডকে শুভেচ্ছা জানিয়েছিলেন জনসন। সেই টুইটের উত্তরেও ছুটির দাবি করেছেন সমর্থকরা।হিন্দুস্থান সমাচার /সঞ্জয়

# করোনার জেরে পিছিয়ে যেতে পারে শ্রীলঙ্কার বিরুদ্ধে সিরিজ

কলম্বো, ৯ জুলাই (হি.স.) : করোনা জেরে পিছিয়ে যেতে পারে শ্রীলঙ্কার বিরুদ্ধে ধওয়ান নেতৃত্বাধীন ভারতীয় দলের সিরিজ। আগামী ১৩ জুলাই থেকে ভারতের একদিনের সিরিজ শুরু হওয়ার কথা থাকলেও তা চার-পাঁচ দিন পিছিয়ে যেতে পারে। শ্রীলঙ্কা দলের দু'জনের করোনা হওয়ায় এই সিদ্ধান্ত নিতে চলেছে শ্রীলঙ্কা ক্রিকেট বোর্ড।

মঙ্গলবার থেকে তিন ম্যাচের একদিনের সিরিজ শুরু হওয়ার কথা। কিন্তু মনে করা হচ্ছে ১৭ বা ১৮ জুলাই থেকে এই সিরিজ শুরু হবে। শ্রীলঙ্কার ব্যাটিং কোচ গ্রান্ট ফ্লাওয়ার এবং দলের ভিডিও বিশ্লেষক-র করোনা হওয়ায় শ্রীলঙ্কা বোর্ড চাইছে, তাদের ক্রিকেটাররা বাড়তি কয়েক দিন নিভৃতবাসে থাকুক। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবেই তারা সিরিজ পিছিয়ে দিতে চাইছে।

ভারতের বিরুদ্ধে আরও সমস্যায় শ্রীলঙ্কায়। সরকারিভাবে দলের অধিনায়ক পরিবর্তনের কথা না জানালেও, সম্ভবত দলের অধিনায়ক পরিবর্তন হতে পারে। সম্ভবত আগামীকাল শনিবার ভারতীয় ক্রিকেট বোর্ডকে চিঠি দিয়ে বিষয়টি জানাবে শ্রীলঙ্কা। তারপরেই সিরিজ পিছিয়ে দেওয়ার কথা সরকারিভাবে ঘোষণা করা হবে।

**PRESS NOTICE INVITING e-TENDER NO: PNIe-T No. 36/EE/DWS/DMN/2021 -22**

The **Executive Engineer, DWS Division Dharmanagar, North Tripura** invites on behalf of the 'Governor of Tripura' **percentage rate e-tender** from the Central & State public sector undertaking / enterprise and eligible Bidders /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/Railway/Other State PWD up to **3.00 P.M. on 27/07/2021** for the following work:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 1 | DNIe-T No: 72/SE/DWS/C/KGT/2021-22 | Rs. 61,80,927.00 | Rs. 61,809.00 | 90 days | Appropriate Class |

- **Last Date and Time for Document Downloading and Bidding : 27.07.2021** up to 15.00 Hrs
- **Date and Time for Opening of BID : 27-07-2021** at 16.00 Hrs
- Document Downloading and Bidding at Application . https://ttfpuratenders.gov.in
- Bid Fee : **Rs. 2,500.00 (non refundable)**.

All details are available in the ***httns://tripuratenders.gov.in***

**Note : *NO NEGOTIATION WILL BE CONDUCTED WITH THE LOWEST BIDDER***

**Executive Engineer**
**DWS Division Dharmanagar,**
**North Tripura.**

**ICA-C-1294/2021-22**

**PRESS NOTICE INVITING e-TENDER NO:- 07/EE/KD/2021-22 Date: 08.07.2021**

The Executive Engineer, Kumarghat Division, PWD(R&B), Unakoti Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the Contractor /Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/Other State PWD up to 3.00 P.M. on 29.07.2021 for the folluwing works

| SL NO | DNIT NO OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING | TIME AND DATE OF OPENING OF BID | DOCUMENT DOWNLOADING AND BIDING | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1. | DNIeT No:- 31/EE/KD/2021-22 | Rs 21, 16,067.00 | Rs. 21,161.00 | 4(four) Month | Up to15.00 Hrs. on 29.07.2021 | At 16.00 Hrs. on 29.07.2021 | https://tripuratenders.gov.in | Appropriate Class |
| 2. | DNIeT No:- 32/EE/KD/2021-22 | Rs 17,86,394.00 | Rs 17,864.00 | 4(four) Month | | | | |
| 3. | DNIeT No:- 33/EE/KD/2021-22 | Rs 13,63,512.00 | Rs 13,635.00 | 3(three) Month | | | | |
| 4. | DNIeT No:- 34/EE/KD/2021-22 | Rs 10,03,588.00 | Rs 10,036.00 | 1(one) Month | | | | |
| 5. | DNIeT No:- 35/EE/KD/2021-22 | Rs 18,38,800.00 | Rs 18,388.00 | 3(three) Month | | | | |
| 6. | DNIeT No:- 36/EE/KD/2021-22 | Rs 15, 88,023.00 | Rs 15, 880.00 | 4(four) Month | | | | |

Details can be seen in the office of the undersigned at any working day up to bidding date of the tender or may be visit at https://tripuratenders.gov.in

**Executive Engineer**
**Kumarghat Division, PWD (R&B)**
**Kumarghat Unakoti Tripura**

**ICA-C-1287/2021-22**

# সিপাহীজলা চিড়িয়াখানার পশুপাখিগুলি সুরক্ষিত আছে কিনা খোঁজ নিলেন মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৯ জুলাই।।** শুক্রবার বিকালে উদয়পুর থেকে কর্মসূচি শেষ করে সিপাহীজলা চিড়িয়াখানা পরিদর্শন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। এছাড়াও ছিলেন সিপাহীজলা জেলাশাসক বিশ্বশ্রী বি, সিপাহীজলা জেলা পুলিশ সুপার কৃষ্ণেন্দু চক্রবর্তী, বনদপ্তর এর আধিকারিক তথা ডিএফও অনিমেষ দাস, বিশালগড় মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য সহ বনদপ্তর এর বিভিন্ন কর্মীরা। রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব চিড়িয়াখানা তে ঢোকার আগে চিড়িয়াখানা পক্ষ থেকে উনাকে পুষ্পস্তবক দিয়ে সম্বর্ধনা করা হয়। তারপর উনার হাতে সিপাহীজলা চিড়িয়াখানার বিষয়বস্তু তুলে দেওয়া হয় বনদপ্তর এর তরফ থেকে। দুইটি টোটো গাড়ি দেওয়া হয় একটি গাড়িতে ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব ছাড়াও বনদপ্তর এর কয়েকজন কর্মী আরেকটি গাড়িতে ছিল সংবাদমাধ্যমে কর্মীরা। রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব অনেকটা সময় তিনি সিপাহীজলা চিড়িয়াখানাটি ঘুরে দেখেন। রাজ্যের মুখ্যমন্ত্রী প্রথমে যান জলহস্তির কাছে। চিড়িয়াখানা তে দুইটি জল হস্তি আছে। হস্তিগুলোর বিবরণ শোনেন বনদপ্তর কর্মীদের কাছ থেকে। জলহস্তির খাওয়ার কি এবং কিভাবে থাকে সে সমস্ত বিষয়বস্তুর তিনি বনদপ্তর কর্মীদের কাছ থেকে শুনেন। তারপর উনি জান চশমা বানর ও উল্লুক দেখতে। উল্লুক কে তিনি পাতা খাবারও দেন। উল্লুকের ডাক শুনে আনন্দ পান তিনি ।সেখান থেকে ফিরে কিউরেটর এর সামনে বৃক্ষ রোপন করেন তারপর এনক্লুজার থেকে একটি ফিসিং ক্যাট অভয়ারণ্যে ছেড়ে দেন ।তার কিছুক্ষন পরে এই অভয়ারণ্যে কর্মরত অবস্থায় গত বছর একটি হাতির আঘাতে এক মাউথদার জখম হয়েছিলেন ।এখনোও সে শয্যাশায়ী। তার নাম মফিজ মিয়া ।শুক্রবার রাজ্যের মুখ্যমন্ত্রী আসার কথা শুনতে পেয়ে মফিজ মিয়ার স্ত্রী কান্নায় ভেঙ্গে পরেন ।তার কান্না এবং দুই সন্তানের মায়ের কথা শুনতে পেয়ে মুখ্যমন্ত্রী বন দপ্তরের আধিকারিকের সাথে কথা বলে তার বেতন পুর্বে ছিলো ছয় হাজার টাকা,বর্তমানে তাকে আরও এক হাজার টাকা বর্ধিত করেন ।এবং তার ছোট দুই শিশুকে হোমে রেখে পড়াশোনা করতে পারেন তার ব্যবস্থা করবেন বলে সিপাহীজলা জেলা শাসক কথা বলবেন হোমের আধিকারিকদের সাথে।

# দেশে অক্সিজেন সরবরাহে গতি আনতে প্রধানমন্ত্রীর পৌরোহিত্যে উচ্চ পর্যায়ের পর্যালোচনা বৈঠক

**নতুন দিল্লি, ০৯ জুলাই।।** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দেশে অক্সিজেন সরবরাহে অগ্রগতি এবং অক্সিজেনের প্রাপ্যতা নিয়ে পর্যালোচনা বৈঠক করেছেন।

এদিনের বৈঠকে আধিকারিকেরা প্রধানমন্ত্রীকে সারা দেশে পিএসএ অক্সিজেন প্ল্যান্ট স্থাপনের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। দেশে ইতিমধ্যেই দেড় হাজারটিরও বেশি পিএসএ অক্সিজেন প্ল্যান্ট বসানো হচ্ছে, এর মধ্যে পিএম কেয়ার্স —এর পাশাপাশি বিভিন্ন মন্ত্রক ও রাষ্ট্রায়ত্ত সংস্থা সাহায্য প্রদান করেছে।

দেশের সমস্ত রাজ্য ও জেলায় পিএম কেয়ার্স তহবিল থেকে পিএসএ অক্সিজেন প্ল্যান্ট গড়ে তোলা হচ্ছে। এদিন প্রধানমন্ত্রীকে অবহিত করা হয় যে, পিএম কেয়ার্স ---এর মাধ্যমে একবার সমস্ত পিএসএ অক্সিজেন প্ল্যান্ট কার্যকর হলে ৪ লক্ষেরও বেশি অক্সিজেন যুক্ত শয্যায় সহায়তা প্রদান করা সম্ভবপর হবে।

প্রধানমন্ত্রী এদিন যত দ্রুত সম্ভব এই প্ল্যান্টগুলির কাজ চালু করার বিষয়ে সুনিশ্চিত করতে আধিকারিকদের নির্দেশ দেন এবং রাজ্য সরকারের সঙ্গে যোগাযোগ বজায় রেখে কাজ চালিয়ে যেতে বলেন। আধিকারিকেরা প্রধানমন্ত্রীকে জানিয়েছেন যে তারা, অক্সিজেন প্ল্যান্টগুলির দ্রুত ট্র্যাকিং-এর বিষয়ে রাজ্য সরকারের আধিকারিকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ বজায় রেখেছেন।

প্রধানমন্ত্রী, আধিকারিকদের এই অক্সিজেন প্ল্যান্ট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের বিষয়ে হাসপাতালের কর্মীদের পর্যাপ্ত প্রশিক্ষণ রয়েছে কি না, তা সুনিশ্চিত করতে বলেছেন। প্রতিটি জেলায় প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী রয়েছে কি না তাও দেখার করার জন্য আধিকারিকদের নির্দেশ দিয়েছেন তিনি। আধিকারিকেরা এদিন প্রধানন্ত্রীকে জানান যে, বিশেষজ্ঞদের তৈরি একটি প্রশিক্ষণ মডিউল রয়েছে এবং তারা সারা দেশে প্রায় ৮ হাজার জনেরও বেশি মানুষকে প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা নিয়েছে।

প্রধানমন্ত্রী আরও জানান যে স্থানীয় এবং জাতীয় স্তরে এই অক্সিজেন প্ল্যান্টগুলির কার্যকারিতা ও ট্র্যাক করার জন্য ইন্টারনেট অফ থিংস (আইওটি)-এর মতো উন্নত প্রযুক্তি ব্যবস্থাপনা স্থাপন করা উচিত। আইওটি ব্যবহার করে অক্সিজেন প্ল্যান্টগুলির কার্যকারিতা পর্যবেক্ষণের জন্য প্রথামিক পরীক্ষা চালানো হয়েছে বলেও প্রধানমন্ত্রীকে জানানো হয়। এদিনের এই বৈঠকে প্রধানমন্ত্রীর প্রধানসচিব, ক্যাবিনেট সচিব, স্বাস্থ্য সচিব এবং অন্যান্য শীর্ষ আধিকারিকেরা উপস্থিত ছিলেন।

## রাজনগরে দুর্বৃত্তদের হাতে আক্রান্ত নির্মান শ্রমিক

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৯ জুলাই।।** দক্ষিণ ত্রিপুরা জেলার বিলোনীয়ার রাজনগর বিধানসভার বাতখোলা অঞ্চল এলাকায় দুর্বৃত্ত বাহিনীর হাতে আক্রান্ত হয়েছে এক নির্মাণ শ্রমিক। ঘটনাকে কেন্দ্র করে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। দক্ষিণ ত্রিপুরা জেলার বিধানসভা এলাকায় সি আই টি ইউর অন্তর্ভুক্ত ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়নের বিলোনীয়া মহকুমা কমিটির সদস্য চন্দন সরকার আক্রান্ত হয়েছে। বৃহস্পতিবার আনুমানিক রাত আটটা নাগাদ বাতখলা বাজার থেকে বাড়ি যাওয়ার পথে উনার উপর কিছু দুর্বৃত্ত রাতের অন্ধকারে বাইকে করে এসে অতর্কিত হামলা করে বলে অভিযোগ। লাঠির লাঘাতে উনি সংগে সংগে মাটিতে পড়ে যান। চিৎকারে আশপাশের লোকজন ছুটে এলে দুর্বত্তরা পালিয়ে যায়। এলাকার মানুষ রাতেই তাকে উদ্ধার করে বাড়িতে নিয়ে আসে। শুক্রবার সকালে বিলোনীয়া হাসপাতালে ডাক্তার দেখান এবং এক্সরে ইত্যাদি করান। পরে সি আই টি ইউ বিলোনীয়া মহকুমা অফিস কক্ষে এসে সাংবাদিকদের সামনে ওনার উপর সংগঠিত ঘটনার বিস্তারিত বর্ননা দেন আক্রান্ত চন্দন সরকার।

ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়নের বিলোনীয়া বিভাগীয় কমিটি এবং সিআইটিইউ বিলোনীয়া মহকুমা কমিটির পক্ষ থেকে ঘটনার নিন্দা জানানো হয়েছে। ঘটনায় জড়িতদের গ্রেপ্তার এবং শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানানো হয়েছে।

# বিশালগড়ের বিভিন্ন স্থানে বাড়ছে চুরি-ছিনতাই, পুলিশ প্রশাসন ঘুমে

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ৯ জুলাই।।** দিনের পর দিন চুরির ঘটনা বেড়েই চলেছে। হেলদোল নেই প্রশাসনের। নিশ্চুপ পুলিশ। তাতে ক্ষোভে ফুঁসছেন বিশালগড়ের স্থানীয় মানুষ। বিশালগড়ের বিভিন্ন এলাকায় দিনের পর দিন ছিনতাই এবং চুরির ঘটনা বৃদ্ধি পাচ্ছে। কিন্তু বিশালগড় থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ বাবুরা শীত ঘুমে আচ্ছন্ন। এবার চুরির ঘটনা ঘটলো বিশালগড় থানার অন্তর্গত গোকুলনগর এলাকার বাসিন্দা মতিলাল দেবনাথের বাড়িতে। বাড়ির মালিক মতিলাল দেবনাথের কাছ থেকে জানা যায়, বৃহস্পতিবার গভীর রাতে নিশিকুটুম্বের দল তাদের বাড়িতে হানা দেয়। তাদের গোয়াল ঘর থেকে ৩ টি গরু চুরি করে নিয়ে গাড়িতে তোলার সময় আওয়াজে বাড়ির সকলের ঘুম ভেঙে যায়। তড়িঘড়ি করে বাড়ির সকলে দরজা খুলে বাইরে বের হলে চোরের দল তা বুঝতে পেরে তিনটি গরু নিয়ে পালিয়ে যায়।

জানা যায়, গরু ৩ টির বাজার মূল্য আনুমানিক দেড় লক্ষ টাকা। শুক্রবার বাড়ির মালিক বিশালগড় থানায় গিয়ে মামলা দায়ের করেন। পুলিশ মামলা হাতে নিয়ে তদন্ত শুরু করেছে। কিন্তু অবাক করার বিষয় হচ্ছে , বেশ কিছুদিন আগেও বিশালগড় থানার অন্তর্গত নেতাজি নগর এলাকায় একটি বাড়ি থেকে নিশিকুটুম্বের দল হানা দিয়ে গরু চুরি করে নিয়ে যায়। কিন্তু বিশালগড় থানার পুলিশ এখনো পর্যন্ত চোরের দলের টিকির নাগাল পায় নি। অন্যদিকে একের পর এক চুরির ঘটনার পরিপ্রেক্ষিতে বিশালগড় থানার পুলিশের ভূমিকা নিয়ে রীতিমতো প্রশ্ন উঠেছে। অভিযোগ , একের পর এক চুরির ঘটনা সহ বিভিন্ন অপরাধমূলক কাজ বিশালগড় থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় ঘটে গেলেও বিশালগড় থানার দায়িত্বপ্রাপ্ত ওসির কোনো ধরনের হেলদোল নেই। এমনকি ওসির ভূমিকা নিয়ে রীতিমতো প্রশ্ন উঠেছে।

বিশালগড় থানার অন্তর্গত বিভিন্ন এলাকায় চুরি, ছিনতাই সহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড বৃদ্ধি পেলেও এক্ষেত্রে বিশালগড় থানার পুলিশের বিভিন্ন দুর্বলতা রীতিমত প্রকট হয়ে উঠছে। সচেতন মহলের দাবি বিশালগড় থানা এলাকায় রাত্রিকালীন পুলিশি টহল বাড়ানো হোক।

## এবিভিপির উদ্যোগে রক্তদান শিবির

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** এভিবিপি ৭৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে শুক্রবার এক রক্তদান শিবিরের আয়োজন করা হয় আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে। অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এর ৭৩ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে শুক্রবার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক মহতী রক্তদান শিবিরের আয়োজন করা হয়। প্রতিষ্ঠা দিবস উপলক্ষে এদিন সকালে রবীন্দ্র ভবনের সামনে সংগঠনের পতাকা উত্তোলন করা হয়। বেলা দশটায় শুরু হয় রক্তদান শিবির। সংগঠনের সাধারণ সম্পাদক রিপন দেব জানান প্রতিবছর সংগঠনের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে নানা সামাজিক অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। কিন্তু এবছর করোনা ভাইরাসের সংক্রমণ জনিত ☞ ৬ এর পাতায় দেখুন

## গোপনীয়তা নীতি স্বেচ্ছায় স্থগিত রাখা হয়েছে, দিল্লি হাইকোর্টে বলল হোয়াটসঅ্যাপ

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.) : হোয়াটসঅ্যাপ স্বেচ্ছায় তাদের আপডেটেড পলিসি স্থগিত রেখেছে। ভারতে তথ্য গোপনীয়তা আইন লাগু না হওয়া পর্যন্ত বিতর্কিত গোপনীয়তা নীতি সংক্রান্ত পরিবর্তন তারা স্বেচ্ছায় স্থগিত রেখেছে বলে শুক্রবার দিল্লি হাই কোর্টকে জানায় হোয়াটসঅ্যাপ। নতুন প্রাইভেসি পলিসি যে ইউজাররা গ্রহণ করছেন না, তাঁদের ক্ষেত্রে পরিষেবা বন্ধ করা হচ্ছে না বলেও বিচারপতি ডি এন পটেল ও বিচারপতি জ্যোতি সিংয়ের বেঞ্চকে জানিয়েছে হোয়াটসঅ্যাপ।

তাতনিক ম্যাসেজ আদানপ্রদানের অ্যাপের তরফে সিনিয়র অ্যাডভোকেট হরিশ সালভে বেঞ্চকে বলেছেন, নতুন ডেটা সুরক্ষা বিল চালু হওয়া পর্যন্ত আমরা ইউজারদের নতুন প্রাইভেসি পলিসি মানতে বাধ্য করব না। আমরা প্রতিশ্রুতি দিচ্ছি, সংসদীয় আইন কার্যকর হওয়া অবধি কিছুই করব না আমরা। নিজে থেকেই আমরা ওই পলিসি স্থগিত রাখতে সম্মত হয়েছি। আমরা লোকজনকে তা মানতে বাধ্য করব না। তিনি আরও বলেন, আমরা সময়ে সময়ে যাঁরা নতুন নীতিতে সম্মতি দেননি, তাঁদের আপডেট দিতে থাকব। কোনও ইউজার প্রাসঙ্গিক অপশনাল ফিচার বাছতে গেলে আপডেট ডিসপ্লে করব।

মেসেজিং অ্যাপটির বিতর্কিত নীতি নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছিল কম্পিটিশন কমিশন অব ইন্ডিয়া। হোয়াটসঅ্যাপ ও ফেসবুকের থেকে তাদের নীতি সম্পর্কে তথ্য জানতে চেয়েও নোটিস জারি করেছিল তারা। এই সিদ্ধান্তের বিরুদ্ধে দিল্লি হাই কোর্টে যায় দুই সংস্থা। যদিও হাই কোর্টের সিঙ্গল বেঞ্চ হোয়াটসঅ্যাপের আবেদন খারিজ করে দিয়েছিল। আদালত জানিয়েছিল, এ নিয়ে ইতিমধ্যেই সুপ্রিম কোর্টে মামলা হয়েছে। গত মাসে কেন্দ্রীয় সরকার দিল্লি হাই কোর্টকে জানিয়েছিল যে, ব্যক্তিগত তথ্য সংরক্ষণ বিল আইনে পরিণত হওয়ার আগেই হোয়াটসঅ্যাপ তার ব্যবহারকারীদের নতুন নীতি মেনে নিতে বাধ্য করার চেষ্টা করছিল। ফেব্রুয়ারির গোড়ার দিকে হোয়াটসঅ্যাপের ডেটা শেয়ারিং সংক্রান্ত আপডেট কার্যকর হওয়ার কথা ছিল। তবে, প্রবল চাপে সেই আপডেট পিছিয়ে দিয়েছিল হোয়াটসঅ্যাপ। এ বার তা একেবারে স্থগিত রাখা হল।

## সরযূ নদীতে স্নান করতে গিয়ে তলিয়ে গেল একই পরিবারের ১২ সদস্য

লখনও, ৯ জুলাই (হি. স.) : উত্তর প্রদেশের সরযূ নদীতে গুপ্তার ঘাটে স্নান করতে গিয়ে তলিয়ে গেল একই পরিবারের ১২ সদস্য। নিখোঁজদের উদ্ধারে ডুবুরি নামিয়ে তল্লাশি অভিযান চলছে। তলিয়ে যাওয়া ১২ জনই আগ্রার বাসিন্দা বলে জানা গিয়েছে। ঘটনাটি ঘটেছে শুক্রবার সকালে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, সরযূ নদীর গুপ্তার ঘাটে বেশ কয়েকটি পরিবারের সঙ্গে আগ্রা থেকে আসা একটি পরিবারের ১৫ সদস্য স্নান করতে নেমেছিলেন। স্নানের সময়ে আচমকাই চিৎকার শুনতে পান ঘাটে হাজির থাকা পূণ্যার্থী ও স্থানীয় বাসিন্দারা। চোখের সামনেই বেশ কয়েকজনকে তলিয়ে যেতে দেখেন তাঁরা। কালক্ষেপ না করে করেই ডুবন্তদের উদ্ধারে ঝাঁপিয়ে পড়েন স্থানীয় বাসিন্দা ও ডুবুরিরা। সতীশ, নমন ও অশোক নামে তিনজনকে বাঁচাতে সক্ষম হন তাঁরা। কিন্তু বাকি ১২ জনকে উদ্ধার করতে পারেননি।

দুর্ঘটনার খবর পেয়েই উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের তৎপরতায় পুলিশ ও স্থানীয় প্রশাসন দ্রুত উদ্ধারকার্যে ঝাঁপিয়ে পড়েছেন। গুপ্তার ঘাট সহ সরযূ নদী সংলগ্ন নিভিন্ন ঘাটগুলিতে তল্লাশি চালানো শুরু হয়। যদিও ডুবে যাওয়া ১২ জনের কাউকে উদ্ধার করা যায়নি। ফৈজাবাদের জেলাশাসক জানিয়েছেন, ‘নিখোঁজদের উদ্ধারে তল্লাশি অভিযান চলছে। প্রয়োজনে এনডিআরএফ জওয়ানদের নামানো হবে। ডুবে যাওয়া ১২ জনের মধ্যে ৪ ও ৭ বছরের দুই শিশুও রয়েছে। ফলে তাদের বেঁচে থাকার সম্ভাবনা কম।’

## ভারতে দৈনিক মৃত্যু বেড়ে ৯১১ জন কোভিডে আক্রান্ত ৪৩-হাজারের বেশি

নয়াদিল্লি, ৯ জুলাই (হি.স.): করোনার প্রকোপে রাশ টানাই যাচ্ছে না ভারতে, দেশে আরও ৯১১ জনের প্রাণ কেড়ে নিল মারণ করোনাভাইরাস। বিগত ২৪ ঘন্টায় (বৃহস্পতিবার সারাদিনে) ভারতে মৃত্যু হয়েছে ৯১১ জনের, এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৪৩,৩৯৩ জন। বিগত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছেন ৪৪,৪৫৯ জন, ফলে ভারতে এই মুহূর্তে মোট সুস্থতার হার ৯৭.১৯ শতাংশ। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৪৩,৩৯৩ জন, সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে গিয়ে ৪,৫৮,৭২৭-এ পৌঁছেছে। বিগত ২৪ ঘন্টায় সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমেছে ১,৯৭৭ জন, ফলে এই মুহূর্তে শতাংশের নিরিখে ১.৪৯ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন। ভারতে ৩৬.৮৯-কোটির গণ্ডি ছাড়িয়ে গেল কোভিড-টিকাকরণ, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত মোট ৩৬,৮৯,৯১, ২২২ জনকে ভ্যাকসিন দেওয়া হয়েছে। বিগত ২৪ ঘন্টায় টিকা দেওয়া হয়েছে ৪০,২৩,১৭৩ জনকে। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ৯১১ জনের মৃত্যুর পর ভারতে ☞ ৬ এর পাতায় দেখুন

# বাংলাদেশে ভয়াবহ অগ্নিকান্ডে ৫২ জনের মৃত্যু,আহত ৫০ জন

**।। মনির হোসেন।। ঢাকা, ০৯ জুলাই।।** বাংলাদেশে ভয়াবহ অগ্নিকান্ডে ৫২ জনের মৃত্যু হয়েছে। বাংলাদেশের নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলায় সজীব গ্রুপের অঙ্গ প্রতিষ্ঠান সেজান জুস কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনায় ১৯ ঘন্টা পর কারখানার ভেতর থেকে এক এক করে ৫২টি পোড়া মরদেহ বের করে আনা হয়েছে। মরদেহগুলো ফায়ার সার্ভিসের চারটি অ্যাম্বুলেন্সে করে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতাল মর্গে নিয়ে যাওয়া হয়েছে। এছাড়া আহত হন আরও অন্তত ৫০ জন।




শুক্রবার (৯ জুলাই) এ রিপোর্ট লেখা পর্যন্ত আগুন নিয়ন্ত্রণে আসেনি। রুপগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) জানান, ইতোমধ্যে ৫২টি পোড়া মরদেহ ফায়ার সার্ভিসের চারটি অ্যাম্বুলেন্সের মাধ্যমে ঢামেক মর্গে পাঠানো হয়েছে।

গত বৃহস্পতিবার (৮ জুলাই) সন্ধ্যা সাড়ে ৬টার উপজেলার কর্ণগোপ এলাকায় অবস্থিত ওই কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে ডেমরা, কাঞ্চনসহ ফায়ার সার্ভিসের ১৮টি ইউনিট আগুন নেভানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে। আগুন লাগার পর অনেকেই ছাদ থেকে লাফিয়ে পড়ে বাঁচার চেষ্টা করে গুরুত্বর আহত হন। তাদের স্থানীয় হাসপাতালের পাশাপাশি ঢাকা মেডিক্যালসহ ঢাকার বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

ফায়ার সার্ভিস অ্যান্ড সিভিল ডিফেন্সের নারায়ণগঞ্জ জেলার উপ-পরিচালক আব্দুল্লাহ আল আরেফীন জানান, আগুন প্রায় নিয়ন্ত্রণে চলে এসেছিল ভোরের দিকে, আবারো বেড়ে যায় আগুন। আমরা কাজ করছি। মরদেহের সংখ্যা পরে জানানো হবে।

শ্রমিক ও প্রত্যক্ষদর্শীরা জানান, কর্ণগোপ এলাকায় সেজান জুস কারখানায় প্রায় সাত হাজার শ্রমিক কাজ করে। সাত তলা ভবনে থাকা কারখানাটির নিচ তলার একটি ফ্লোরের কার্টন থেকে হঠাৎ আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুন পুরো ভবনে ছড়িয়ে পড়ে। এ সময় কালো ধোঁয়ায় কারখানাটি অন্ধকার হয়ে যায়। এক পর্যায়ে শ্রমিকরা ছোটাছুটি করতে শুরু করে। কেউ কেউ ভবনের ছাদে অবস্থান নেন। আবার কেউ কেউ ছাদ থেকে লাফিয়ে পড়তে শুরু করেন।

আব্দুল আল আরেফিন আরো বলেন, ফায়ার সার্ভিসের ১৮টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে। পুরোটাই পুড়ে গেছে কারখানার, আগুনের সূত্রপাত নিশ্চিত হওয়া যায়নি। ক্ষয়ক্ষতির পরিমাণও অনেক।

ফায়ার সার্ভিসের উপ পরিচালক দেবাশিষ বর্ধন বলেন, ছয় তলা কারখানা ভবনের উপরের দুই ফ্লোরে এখনও আগুন জ্বলছে। “নেভানোর কাজ এখনও চলছে। এ পর্যন্ত ৫২ জনের মৃতদেহ পেয়েছি। আমাদের সার্চ এখনও শেষ হয়নি।”

উপজেলার কর্ণগোপ এলাকায় সেজান জুস, কোমল পানীয় ও বিভিন্ন খাদ্য সামগ্রী তৈরির ওই কারখানায় বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫টার দিকে আগুন লাগার পর রাতে তিনজনের মৃত্যুর খবর জানিয়েছিল স্থানীয় প্রশাসন। দুপুরে লাশ উদ্ধারের আগে স্বজনদের বক্তব্যের ভিত্তিতে ৪৭ জন নিখোঁজ শ্রমিকের তালিকা করেছিল ☞ ৬ এর পাতায় দেখুন

## কুমারঘাটে প্রতারণা করতে গিয়ে আটক ভূয়ো বিএসএফ জওয়ান

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৯ জুলাই।।** আমবাসা পর কুমারঘাটে ভূয়ো বিএসএফ জনকে আটক করা হয়েছে। এই ভূয়ো বিএসএফের নাম উত্তম চাকমা। এক যুবক নিজেকে বিএসএফ জওয়ান পরিচয় দিয়ে বেশ কিছু সংখ্যক মানুষের সঙ্গে প্রতারণা করেছে। কুমারঘাট এর প্রতারণা করতে গিয়ে আটক হয়েছে ওই ভূয়ো বিএসএফ জওয়ান ।কদিন আগে আমবাসাতেও এই ভূয়ো বিএসএফকে পাকড়াও করেছিলো পুলিশ ।কিন্তু তার বিরুদ্ধে সুননিদৃষ্ট কোনো অভিযোগ না থাকায় কোর্ট থেকে ছাড়া পেয়ে যায় অভিযুক্ত। এবারে কুমারঘাটে এসে প্রতারনা করতে গিয়ে ফেসে গেল ঐ বিএসএফ পরিচয়ধারী প্রতারক ।এবিষয়ে আভিযুক্তের নামধাম দিয়ে কুমারঘাট থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন কুমারঘাটের সবিতা দেবনাথ নামের এক ব্যবসায়ী ।তিনি তার অভিযোগ পত্রে উল্লেখ করেছেন উত্তম চাকমা নামে ঐ যুবক নিজেকে বিএসএফ পরিচয় দিয়ে প্রতারনা করে দুহাজার টাকা ধার নিয়ে পালিয়ে যায় ।বাজারে আরো কয়েকজন ব্যবসাহীর সাথেও সে এমনটা করেছে বলে অভিযোগ যায় বিএসএসের কাছে।

অবশেষে নালকাটাস্থিত বিএসএফের তৃতীয় বেটেলিয়ানের তরফে ঐ যুবককে তুলে দেয়া হয় কুমারঘাট থানার পুলিশের হাতে। প্রতারক উত্তম চাকমা নামে ঐ যুবকের বিরুদ্ধে ৪১৯/৪২০ আইপিসি ধারায় মামলা হাতে নিয়ে তাকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানালেন কুমারঘাটের ওসি। ধৃত যুবকের দেয়া তথ্য অনুযায়ী পুলিশ জানিয়েছে তার বাড়ি কাঞ্চনপুরের উজান মাছমারা লালজুরি এলাকায়।

উল্লেখ্য গত কিছুদিন আগে একই অপরাধে আমবাসায় এই যুবককেই গ্রেপ্তার করেছিলো পুলিশ। কিন্তু সেসময় সাক্ষ্য প্রমানের অভাবে পার পেয়ে গিয়েছিলো প্রতারক ।কিন্তু এবারে কার্যত ফেসেই গেলো স্বঘোষিত ঐ ভূয়ো বিএসএফ।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।